নৈকধাতুবিচিত্রৈশ্চ পর্ব্বতৈরুপশোভিতঃ।
সিদ্ধচারণসঙ্কীর্ণঃ সাগবঃ পবিমণ্ডলঃ ॥৭॥ (যুগ্মকম্)
শাকদ্বীপঞ্চ বক্ষ্যামি যথাবদিহ পার্থিব!।
শৃণু মে ত্বং যথান্যায়ং ব্রুবতঃ কুরুনন্দন!॥৮॥
জম্বুদ্বীপপ্রমাণেন দ্বিগুণঃ স নবাধিপ!।
বিষ্কম্ভেণ মহাবাজ! সাগরোঽপি বিভাগশঃ।
ক্ষীবোদো ভবতশ্রেষ্ঠ! যেন সংপবিবারিতঃ ॥৯॥
তত্র পুণ্যা জনপদাস্তত্র ন ম্রিয়তে জনঃ।
কুত এব হি দুর্ভিক্ষং ক্ষমাতেজোযুতা হি তে ॥১০॥
শাকদ্বীপস্য সংক্ষেপো যথাবদ্ভরতর্ষভ!।
উক্ত এষ মহাবাজ! কিমন্যৎ কথয়ামি তে ॥১১॥

ভারতকৌমুদী

লাবণস্যেতি। বিষ্কম্ভোঽত্র বিস্তারঃ। ইদানীন্তনমানচিত্রেণ সহাস্যাসামঞ্জস্যাৎ এতদ্বিবরণং নিষ্ফলমিব প্রতিভাতি। পরিমণ্ডলো গোলাকারঃ ॥৬—৭॥
শাকেতি। ন্যায়ম্ অনতিক্রম্যেতি যথান্যায়ং প্রথমং সংক্ষেপেণ পরঞ্চ বিস্তারেণ ॥৮॥
জম্বুদ্বীপেতি। বিষ্কম্ভেণ বিস্তারেণ। বিভাগশো বহির্ভাগে। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৯॥
তত্রেতি। ন ম্রিয়তে অকালে। তে তত্রত্যা জনাঃ ॥১০॥
শাকেতি। সংক্ষেপঃ সংক্ষিপ্তবিষয়ঃ ॥১১॥

লবণসমুদ্রেব বিস্তার জম্বুদ্বীপ অপেক্ষা দ্বিগুণ। ঐ সমুদ্রের তীরে বহুতর দেশ আছে, ঐ সমুদ্র মণি ও প্রবালে বিচিত্র, গোলাকার এবং অনেক ধাতুবিচিত্র পর্ব্বতসমূহে পরিশোভিত ও সিদ্ধচারণগণে ব্যাপ্ত ॥৬—৭॥

কৌরবনন্দন রাজা! এখন আমি যথাযথভাবে ও ন্যায় অনুসারে শাকদ্বীপের বিষয় বলিব। আপনি আমাব নিকট তাহা শ্রবণ করুন ॥৮॥

নরনাথ মহারাজ! সেই শাকদ্বীপ জম্বুদ্বীপ অপেক্ষা দ্বিগুণ বিস্তৃত এবং ভরতশ্রেষ্ঠ! যে ক্ষীরোদসাগর উহাকে পরিবেষ্টন কবিযা বহির্ভাগে রহিয়াছে, তাহার পরিমাণও দ্বিগুণ ॥৯॥

সেই দ্বীপে অনেক পবিত্র দেশ আছে এবং সে সকল দেশে লোকের অকালমৃত্যু হয না, দুর্ভিক্ষ আর হইবে কেন? তত্রত্য লোক সকল ক্ষমাশীল ও তেজস্বী ॥১০॥

ভরতশ্রেষ্ঠ মহারাজ! আমি যথাযথভাবে ও সংক্ষেপে এই শাকদ্বীপের বিষয বলিলাম; এখন আব আপনার নিকট কি বলিব (বলুন)" ॥১১॥

ধৃতরাষ্ট্র উবাচ।

শাকদ্বীপস্য সংক্ষেপো যথাবদিহ সঞ্জয়!।
উক্তস্ত্বয়া মহাপ্রাজ্ঞ! বিস্তরং ব্রূহি তত্ত্বতঃ ॥১২॥

সঞ্জয় উবাচ।

তথৈব পর্ব্বতা রাজন্! সপ্তাত্র মণিভূষিতাঃ।
রত্নাকরাস্তথা নদ্যস্তেষাং নামানি মে শৃণু ॥১৩॥
অতীব গুণবৎ সর্ব্বং তত্র পুণ্যং জনাধিপ!।
দেবর্ষিগন্ধর্ব্বযুতঃ প্রথমো মেরুরুচ্যতে ॥১৪॥
প্রাগায়তো মহারাজ! মলয়ো নাম পর্ব্বতঃ।
ততো মেঘাঃ প্রবর্ত্তন্তে প্রভবন্তি চ সর্ব্বশঃ ॥১৫॥
ততঃ পরেণ কৌরব্য! জলধারো মহাগিরিঃ।
ততো নিত্যমুপাদত্তে বাসবঃ পরমং জলম্ ॥১৬॥

ভারতকৌমুদী

শাকেতি। বিস্তরং শাকদ্বীপস্যৈব, তত্ত্বতো যাথার্থ্যেন ॥১২॥
তথেতি। তথা নদ্যশ্চ সন্তীতি শেষঃ, তেষাং পর্ব্বতাদীনাম্ ॥১৩॥
অতীবেতি। গুণবৎ উৎকর্ষবৎ, পুণ্যং পবিত্রঞ্চ। মেরুর্নাম পর্ব্বতঃ ॥১৪॥
প্রাগিতি। প্রাগায়তঃ পূর্ব্বপশ্চিমদীর্ঘঃ। প্রভবন্তি বারিবর্ষণে শক্নুবন্তি ॥১৫॥
তত ইতি। জলধারো নাম। উপাদত্তে গৃহ্লাতি, বাসব ইন্দ্রঃ ॥১৬॥

ভারতভাবদীপঃ

সহ চত্বারিংশৎসহস্রঃ। এবং তৃতীয়োঽশীতিসহস্রঃ। চতুর্থঃ ষষ্টিসহস্রাধিকং লক্ষম্। পঞ্চমো লক্ষত্রয়ং বিংশতিসহস্রাণি। ষষ্ঠো লক্ষষট্কং চত্বারিংশৎ সহস্রাণি। সপ্তমো

ধৃতরাষ্ট্র বলিলেন—"মহাপ্রাজ্ঞ সঞ্জয়! তুমি যথাযথভাবে ও সংক্ষেপে শাকদ্বীপের বিষয় বলিলে, এখন যথার্থরূপে উহার বিস্তৃত বিবরণ বল" ॥১২॥

সঞ্জয় বলিলেন—"রাজা! এই শাকদ্বীপেও রত্নের আকর এবং মণিভূষিত সাতটা পর্ব্বত আছে, বহুতর নদীও আছে; আপনি সেগুলির নাম আমার নিকট শ্রবণ করুন ॥১৩॥

নরনাথ! সে দেশে সকল বস্তুই অত্যন্ত উৎকৃষ্ট ও পবিত্র। সে দেশের প্রথম পর্ব্বতের নাম—'মেরু', তাহাতে দেবগণ, ঋষিগণ ও গন্ধর্ব্বগণ আছেন ॥১৪॥

মহারাজ! তাহার পর পূর্ব্ব ও পশ্চিমে দীর্ঘ মলয়পর্ব্বত রহিয়াছে; তাহা হইতে মেঘ সকল আবির্ভূত হয় এবং সর্ব্বত্র বারি বর্ষণ করে ॥১৫॥

কৌরবনন্দন! তৎপরে 'জলধার'-নামে মহাপর্ব্বত আছে; ইন্দ্র তাহা হইতেই সর্ব্বদা উত্তম জল গ্রহণ করেন ॥১৬॥

ততো বর্ষং প্রভবতি বর্ষাকালে জনেশ্বর ! ।
উচ্চৈর্গিরী রৈবতকো যত্র নিত্যং প্রতিষ্ঠিতা ॥১৭॥
রেবতী দিবি নক্ষত্রং পিতামহকৃতো বিধিঃ।
উত্তরেণ তু রাজেন্দ্র! শ্যামো নাম মহাগিরিঃ ॥১৮॥
নবমেঘপ্রভঃ প্রাংশুঃ শ্রীমানুজ্জ্বলবিগ্রহঃ।
যতঃ শ্যামত্বমাপন্না প্রজা জনপদেশ্বর ! ॥১৯॥ (বিশেষকম্)

ধৃতরাষ্ট্র উবাচ।

সুমহান্ সংশয়ো মেঽদ্য প্রোক্তোঽয়ং সঞ্জয় ! ত্বয়া।
প্রজাঃ কথং সূতপুত্র ! সংপ্রাপ্তাঃ শ্যামতামিহ ॥২০॥

সঞ্জয় উবাচ।

সর্ব্বেষ্বেব মহারাজ ! দ্বীপেষু কুরুনন্দন ! ।
গৌরঃ কৃষ্ণশ্চ বর্ণৌ দ্বৌ তয়োর্বর্ণান্তরে নৃপ ! ।
শ্যামো যস্মাৎ প্রবৃত্তো বৈ তস্মাচ্ছ্যামো গিরিঃ স্মৃতঃ ॥২১॥

ভারতকৌমুদী

তত ইতি। যত্র যদূর্দ্ধে। এষ বিধির্নিয়মঃ পিতামহেন ব্রহ্মণা কৃতঃ। প্রাংশুরুচ্চঃ, শ্রীমান্ কান্তিমান্। আপন্নাঃ প্রাপ্তাঃ, প্রজা জনাঃ ॥১৭—১৯॥

সুমহানিতি। সংশয়ঃ সংশয়বিষয়ঃ। ইহ শ্যামগিরৌ ॥২০॥

ভারতভাবদীপঃ

দ্বাদশলক্ষাণ্যশীতিসহস্রাণি। এতেষাং সঙ্কলনে পঞ্চবিংশতিলক্ষাণি পঞ্চত্রিংশৎসহস্রাণি যোজনানি সপ্তানাং দ্বীপানাং সসমুদ্রাণাং বিস্তারঃ ॥৬—১৭॥ রেবতী জ্যোতির্ম্মণ্ডলরূপেণ দিবি বিভ্রাম্যমাণাপি দিব্যেন রূপেণাঽপি বর্ত্ততে এবং বিধির্মর্য্যাদা পিতামহেন কৃতা

নরনাথ ! তদনন্তর বর্ষাকালে বর্ষা হইয়া থাকে। তাহার পর 'রৈবতক'-নামে একটা উচ্চ পর্ব্বত আছে; যাহার উপরে আকাশে সর্ব্বদাই রেবতীনক্ষত্র বিদ্যমান রহিয়াছে। এই ঘটনা স্বয়ং ব্রহ্মাই করিয়াছেন। রাজশ্রেষ্ঠ ! তাহার উত্তরে নূতন মেঘের ন্যায় শ্যামবর্ণ, উচ্চ, কান্তিমান্ ও উজ্জ্বলমূর্ত্তি 'শ্যাম'-নামে একটা মহাপর্ব্বত আছে; রাজা ! যাহার গুণে তত্রত্য লোকেরা শ্যামবর্ণ হইয়াছে" ॥১৭—১৯॥

ধৃতরাষ্ট্র বলিলেন—"সঞ্জয় ! তুমি আজ আমার নিকট গুরুতর সন্দেহের বিষয়ই বলিলে। কারণ, সূতপুত্র ! সে স্থানের লোকেরা শ্যামবর্ণ হইল কেন ?" ॥২০॥

(১৭)···যত্র নিত্যং প্রতিষ্ঠিতঃ—পি। (২১)· গৌরঃ কৃষ্ণশ্চ পতগঃ—বা ব রা নি।

ততঃ পরং কৌরবেন্দ্র! দুর্গশৈলো মহোদয়ঃ।
কেসরঃ কেসরযুতো যতো বাতঃ প্রবর্ত্ততে ॥২২॥
তেষাং যোজনবিষ্কম্ভো দ্বিগুণঃ পবিভাগশঃ।
বর্ষাণি তেষু কৌরব্য! সপ্তোক্তানি মনীষিভিঃ ॥২৩॥
মহামেরুর্মহাকাশো জলদঃ কুমুদোদ্ভবঃ।
জলধারো মহারাজ! সুকুমার ইতি স্মৃতঃ ॥২৪॥

ভারতকৌমুদী

সর্ব্বেম্বিতি। তয়োর্বর্ণান্তরে যোগশ্চ ভবতীতি শেষঃ। যস্মাৎ নিয়তসংসর্গেণ প্রজাসু শ্যামো বর্ণঃ, প্রবৃত্তো জাতঃ, তস্মাদেবাসৌ গিরিঃ শ্যামো নাম স্মৃতঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২১॥

তত ইতি। দুর্গশৈলো মহোদয়ো মহোচ্চঃ। কেসরো নাম ॥২২॥

তেষামিতি। যোজনে বিষয়ে বিষ্কম্ভো বিস্তারঃ, পরিভাগশঃ ক্রমশঃ ॥২৩॥

কানি তানি বর্ষাণীত্যাহ—মহেতি। মহ'মেরুস্তদাখ্যঃ পর্ব্বতঃ, তৎসন্নিহিতো দেশো মহাকাশো নাম তদাখ্যং বর্ষমিত্যর্থঃ। এবং সর্ব্বত্র। জলদো জলদোৎপত্তিস্থানত্বান্মলয়ো নাম প্রাগুক্তো গিরিঃ, তৎসন্নিহিতো দেশঃ কুমুদোদ্ভবো নাম। জলধারান্তিকে সুকুমারঃ ॥২৪॥

ভারতভাবদীপঃ

॥১৮—২০॥ পতগবর্ণং ব্যাচষ্টে—তয়োরিতি। মিশ্রো বর্ণঃ পতগ ইত্যর্থঃ। "কারণগুণাঃ কার্য্যগুণানারভন্তে' ইতি ন্যায়েন শ্যামপর্ব্বতভবঃ শ্যামবর্ণঃ, শাকাদ্যন্নপরিণামেন মনুষ্যা অপি শ্যামত্বং গতা ইত্যর্থঃ। যস্মাৎ শ্যামো গিরিস্তস্মাত্তৎ স্থানাৎ শ্যামো বর্ণঃ প্রবৃত্ত ইত্যর্থঃ ॥২১—৩৯॥

ইতি শ্রীমহাভারতে ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একাদশোঽধ্যায়ঃ ॥১১॥

সঞ্জয় বলিলেন—"কৌরবনন্দন মহারাজ! সকল দ্বীপেই মানুষেব গৌব ও কৃষ্ণবর্ণ এবং সেই দুই বর্ণের মিশ্রিত বর্ণ হয়, কিন্তু সেখানে শ্যামপর্ব্বতের সংসর্গে যেহেতু মানুষের শ্যামবর্ণ হইযা থাকে, সেই হেতু সেই পর্ব্বতটাকেও 'শ্যাম' বলিয়া থাকে ॥২১॥

কৌবরশ্রেষ্ঠ! তাহার পর অত্যুচ্চ দুর্গশৈল, তৎপরে কেসরযুক্ত কেসর-পর্ব্বত, যাহা হইতে বাযু আবির্ভূত হয় ॥২২॥

কৌরবনন্দন! সেই পর্ব্বতগুলির বিস্তার ক্রমশঃ দ্বিগুণ এবং অভিজ্ঞ লোকেরা বলেন—সেই সাতটা পর্ব্বতের নিকটে সাতটা বর্ষ আছে ॥২৩॥

মহারাজ! মেরুগিরির নিকটে মহাকাশবর্ষ, মলযের নিকটে কুমুদোদ্ভব-বর্ষ, জলধারপর্ব্বতের নিকটে সুকুমারবর্ষ ॥২৪॥

---

(২৪)···কুমুদোত্তরঃ—বা ব রা নি।

রৈবতস্য তু কৌমারঃ শ্যামস্য মণিকাঞ্চনঃ।
কেসরস্যাথ মৌদাকী পরেণ তু মহাপুমান্ ॥২৫॥
পরিবার্য্য তু কৌরব্য। দৈর্ঘ্যং হ্রস্বত্বমেব চ।
জম্বুদ্বীপেন সংখ্যাতস্তস্য মধ্যে মহাদ্রুমঃ ॥২৬॥
শাকো নাম মহারাজ। প্রজা তস্য সদানুগা।
তত্র পুণ্যা জনপদাঃ পূজ্যতে তত্র শঙ্করঃ ॥২৭॥ (যুগ্মকম্)
তত্র গচ্ছন্তি সিদ্ধাশ্চ চারণা দৈবতানি চ।
ধার্ম্মিকাশ্চ প্রজা রাজংশ্চত্বারোঽতীব ভারত। ॥২৮॥
বর্ণাঃ স্বকর্ম্মনিরতা ন চ স্তেনোঽত্র দৃশ্যতে।
দীর্ঘায়ুষো মহারাজ। জরামৃত্যুবিবর্জ্জিতাঃ ॥২৯॥
প্রজাস্তত্র বিবর্দ্ধন্তে বর্ষাস্বিব সমুদ্রগাঃ।
নদ্যঃ পুণ্যজলাস্তত্র গঙ্গা চ বহুধা গতা ॥৩০॥

ভারতকৌমুদী

রৈবতস্যেতি। পরেণ দুর্গশৈলসন্নিধানে, মহাপুমান্ নাম দেশঃ। পরেণেত্যব্যয়ম্ ॥২৫॥

পরীতি। তেষাং গিরীণাং দৈর্ঘ্যং হ্রস্বত্বঞ্চ পরিবার্য্য পরিবেষ্ট্য তে দেশা বর্ত্তন্ত ইতি শেষঃ। তস্য শাকদ্বীপস্য মধ্যে শাকো নাম মহাদ্রুমঃ, জম্বুদ্বীপেন জম্বুদ্বীপস্থজম্বুবৃক্ষেণ, সংখ্যাতঃ সমানতয়া উক্তঃ। অনুগা উপজীবিনী ॥২৬—২৭॥

তত্রেতি। চত্বারঃ প্রজা বর্ণা অতীবধার্ম্মিকাঃ। প্রজাশব্দস্য পুংস্ত্বমার্ষম্ ॥২৮॥

বর্ণা ইতি। বর্ণা ব্রাহ্মণাদয়শ্চত্বারঃ। স্তেনশ্চৌরঃ। জরামৃত্যুবিবর্জ্জিতা অকালে ॥২৯॥

রৈবতকগিরির পার্শ্বে কৌমারবর্ষ, শ্যামগিরির নিকটে মণিকাঞ্চনবর্ষ, কেসর-পর্ব্বতের নিকটে মৌদাকীবর্ষ এবং দুর্গশৈলের পার্শ্বে মহাপুরুষবর্ষ ॥২৫॥

কৌরবনন্দন। এই সকল বর্ষ সেই পর্ব্বতগুলির দৈর্ঘ্য ও হ্রস্বতা বেষ্টন করিয়া রহিয়াছে। আর সেই শাকদ্বীপের মধ্যস্থানে 'শাক'-নামে একটা মহাবৃক্ষ আছে, সেটা জম্বুদ্বীপের জম্বুবৃক্ষেরই সমান। তত্রত্য লোকেরা সেই বৃক্ষেরই উপজীবী। আর সে দ্বীপে অনেক পবিত্র দেশ আছে এবং সে সকল দেশে শিবের পূজা হয় ॥২৬—২৭॥

ভরতনন্দন। সিদ্ধগণ, চারণগণ ও দেবগণ সে দেশে গমন করিয়া থাকেন এবং রাজা। সে দেশের চারি বর্ণই অত্যন্ত ধার্ম্মিক ॥২৮॥

মহারাজ। সে দেশে চারি বর্ণই আপন আপন কর্ম্মে নিরত রহিয়াছে, তাহারা দীর্ঘায়ু ও অকালে জরা-মৃত্যুরহিত এবং সে দেশে চোর দেখা যায় না ॥২৯॥

সুকুমারী কুমারী চ শীতাশী বেণিকা তথা।
মহানদী চ কৌরব্য। তথা মণিজলা নদী ॥৩১॥
চক্ষুর্বর্দ্ধনিকা চৈব নদী ভরতসত্তম।।
তত্র প্রবৃত্তাঃ পুণ্যোদা নদ্যঃ কুরুকুলোদ্বহ। ॥৩২॥
সহস্রাণাং শতান্যেব যতো বর্ষতি বাসবঃ।
ন তাসাং নামধেয়ানি পরিমাণং তথৈব চ ॥৩৩॥
শক্যন্তে পরিসংখ্যাতুং পুণ্যাস্তা হি সরিদ্বরাঃ।
তত্র পুণ্যা জনপদাশ্চত্বারো লোকসম্মতাঃ ॥৩৪॥ (বিশেষকম্)
মঙ্গাশ্চ মশকাশ্চৈব মানসা মন্দগাস্তথা।
মঙ্গা ব্রাহ্মণভূয়িষ্ঠাঃ স্বকর্ম্মনিরতা নৃপ। ॥৩৫॥
মশকেষু তু রাজন্যা ধার্ম্মিকাঃ সর্ব্বকামদাঃ।
মানসাশ্চ মহারাজ। বৈশ্যধর্ম্মোপজীবিনঃ ॥৩৬॥

ভারতকৌমুদী

প্রজা ইতি। প্রজা লোকাঃ। সমুদ্রগা নদ্যঃ। বহুধা বহুপ্রকারতাম্ ॥৩০॥

সুকুমারীতি। সুকুমারীপ্রভৃতিকং চতুষ্টয়ং মহানদী, মণিজলা চ নদী। ॥৩১॥

চক্ষুরিতি। পুণ্যোদাঃ পুণ্যজলাঃ, সহস্রাণাং শতানি লক্ষং নদ্য ইতি সম্বন্ধঃ। বাসব ইন্দ্রঃ বর্ষতি প্রাচুর্য্যেণেতি ভাবঃ। পুণ্যাঃ পবিত্রাঃ ॥৩২—৩৪॥

অথ কে তে চত্বারো জনপদা ইত্যাহ—মঙ্গা ইতি। এবপি দেশবাচকত্বাদেব বহুবচনম্। ব্রাহ্মণানাং স্বকর্ম্মনিরতত্বাত্তদ্দেশস্যাপি স্বকর্ম্মনিরতত্বম্ ॥৩৫॥

সে দেশের লোকেরা বর্ষাকালের নদীর ন্যায় বৃদ্ধি পায় এবং সে দেশে পুণ্যজলা বহুতর নদী আছে, আর গঙ্গা বহুপ্রকারে প্রবাহিত হইতেছেন ॥৩০॥

কৌরবনন্দন! সে দেশে সুকুমারী, কুমারী, শীতাশী ও বেণিকা—এই চারিটা মহানদী এবং মণিজলা একটা সাধারণ নদী ॥৩১॥

ভরতশ্রেষ্ঠ! চক্ষু ও বর্দ্ধনিকানামে আরও দুইটা সাধারণ নদী আছে। কৌরবধুরন্ধর! সে দেশে পবিত্রজলা লক্ষ লক্ষ নদী রহিয়াছে। তাহার কারণ, ইন্দ্র সে দেশে প্রচুর বর্ষা করিয়া থাকেন। সে নদীগুলির নাম ও পরিমাণ বলিতে পারা যায় না, তবে সে নদীশ্রেষ্ঠগুলি পবিত্র। আর সেই শাকদ্বীপে পবিত্র ও লোকপ্রিয় চারিটা দেশ আছে ॥৩২—৩৪॥

রাজা! সে চারিটা দেশের নাম—মঙ্গ, মশক, মানস ও মন্দগ। তাহার মধ্যে মঙ্গদেশে স্বকর্ম্মনিরত ব্রাহ্মণই বহুসংখ্যক বাস করেন ॥৩৫॥

---

(৩২) বংক্ষুর্বর্দ্ধনিকা চৈব—পি। (৩৬) মশকেষু চ রাজন্যাঃ—বা ব রা নি।

সর্ব্বকামসমাযুক্তাঃ শূরা ধর্ম্মার্থনিশ্চিতাঃ।
শূদ্রাস্তু মন্দগা নিত্যং পুরুষা ধর্ম্মশীলিনঃ ॥৩৭॥
ন তত্র রাজা রাজেন্দ্র। ন দণ্ডো ন চ দণ্ডিকাঃ।
স্বধর্ম্মেণৈব ধর্ম্মজ্ঞাস্তে রক্ষন্তি পরস্পরম্ ॥৩৮॥
এতাবদেব শক্যন্তু তত্র দ্বীপে প্রভাষিতুম্।
এতদেব চ শ্রোতব্যং শাকদ্বীপে মহৌজসি ॥৩৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি
ভূমৌ শাকদ্বীপবর্ণনে একাদশোঽধ্যায়ঃ ॥০॥

——:*:——

ভারতকৌমুদী

মশকেষ্বিতি। ধর্ম্মোপজীবিনো বৈশ্যা যেষু তে, অগ্নিষ্টোকাদিবৎ পরনিপাতঃ ॥৩৬॥
সর্ব্বেতি। ধর্ম্মার্থয়োর্নিশ্চিতা নিশ্চিতজ্ঞানসম্পন্নাঃ। মন্দগা মন্দগদেশস্থাঃ ॥৩৭॥
নেতি। দণ্ড এষামস্তীতি দণ্ডিকা দণ্ডার্হাঃ। ইন্‌বিষয়ে মত্বর্থীয় ইকঃ ॥৩৮॥
এতাবদিতি। শক্যম্, তন্মাত্রশ্রবণাৎ। মহৌজসি তদ্বাসিনাং মহৌজস্বাৎ ॥৩৯॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-
বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি
ভূমৌ একাদশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

মহারাজ! মশকদেশে ধার্ম্মিক ও সকলের অভীষ্টদাতা ক্ষত্রিয়েরা অবস্থিতি করেন; মানসদেশে ধর্ম্মোপজীবী বৈশ্যেরা রহিয়াছেন ॥৩৬॥

আর মন্দগদেশে বীর, ধর্ম্মার্থজ্ঞানসম্পন্ন, ধার্ম্মিক ও সর্ব্বাভীষ্টপ্রাপী শূদ্রেরা বাস করিয়া থাকেন ॥৩৭॥

রাজশ্রেষ্ঠ! সে সকল দেশে রাজা নাই, দণ্ড নাই এবং দণ্ডের যোগ্য লোকও নাই, তাঁহারা সকলেই ধর্ম্ম জানেন বলিয়া আপন আপন ধর্ম্ম অনুসারেই পরস্পর পরস্পরকে রক্ষা করেন ॥৩৮॥

সেই শাকদ্বীপের বিষয় এই পর্য্যন্তই আমি বলিতে পারি, সুতরাং মহারাজ! আপনারও মহাতেজা শাকদ্বীপের বিষয় এইটুকু মাত্রই শুনিতে হইবে” ॥৩৯॥

——:*:——

দ্বাদশোঽধ্যায়ঃ।

—:※:—

সঞ্জয় উবাচ।

উত্তরেষু চ কৌরব্য। দ্বীপেষু শ্রূয়তে কথা।
যথাশ্রুতং মহারাজ। ব্রুবতশ্চ নিবোধ মে ॥১॥
ঘৃততোয়ঃ সমুদ্রোঽত্র দধিমণ্ডোদকঃ পরঃ।
সুরোদঃ সাগরশ্চৈব তথান্যো জলসাগরঃ ॥২॥
পরস্পরেণ দ্বিগুণাঃ সর্ব্বে দ্বীপা নরাধিপ।।
পর্ব্বতাশ্চ মহারাজ। সমুদ্রেঃ পরিবারিতাঃ ॥৩॥
গৌরস্তু মধ্যমে দ্বীপে গিরির্মণিশিলো মহান্।
পর্ব্বতঃ পশ্চিমে কৃষ্ণো নারায়ণসখো নৃপ! ॥৪॥
তত্র রত্নানি দিব্যানি স্বয়ং রক্ষতি কেশবঃ।
প্রসন্নশ্চাভবত্তত্র প্রজানাং ব্যদধৎ সুখম্ ॥৫॥

ভারতকৌমুদী

উত্তরেম্বিতি। উত্তরেষু অবশিষ্টেষু। কথা তত্তৎস্বরূপাখ্যানম্ ॥১॥
ঘৃতেতি। ঘৃতাদীনাং তোয়ত্বং ঘনত্বাদিসাম্যাদিতি দিক্ ॥২॥
পরস্পরেণেতি। পরস্পরেণ পরপর ইত্যর্থঃ। পরিবারিতাঃ পরিবেষ্টিতাঃ ॥৩॥
গৌর ইতি। গৌরো নাম। মণয় এব শিলা যস্মিন্ সঃ। কৃষ্ণো নাম ॥৪॥
তত্রেতি। প্রসন্নঃ প্রজাস্বেব, অতএব ব্যদধদকরোৎ ॥৫॥

সঞ্জয় বলিলেন—"কুরুনন্দন মহারাজ! অবশিষ্ট দ্বীপগুলির যেরূপ উপাখ্যান শুনিয়াছি, সেইরূপই আমি বলিতেছি, আপনি শ্রবণ করুন ॥১॥

সেই সকল দ্বীপের নিকটে ঘৃতোদক, দধিমণ্ডোদক ও সুরোদক সাগর এবং জলসাগর রহিয়াছে ॥২॥

নরনাথ মহারাজ! সকল দ্বীপই পর পর দ্বিগুণ এবং সেই দ্বীপগুলির পর্ব্বত সকল সমুদ্রে পরিবেষ্টিত রহিয়াছে ॥৩॥

রাজা! মধ্যমদ্বীপে 'গৌর'-নামে মণিময় শিলাযুক্ত একটা বিশাল পর্ব্বত এবং পশ্চিমে 'কৃষ্ণ'-নামে নারায়ণের প্রিয় আর একটা পর্ব্বত আছে ॥৪॥

---

(১)…এবং তত্র মহারাজ!—বা ব রা নি। (৪)…গিরির্মানঃশিলো মহান্—বা ব রা নি। (৫)…প্রজাপতিমুপাসীনঃ প্রজানাম্—পি।

কুশদ্বীপে কুশস্তম্বো মধ্যে জনপদস্য হ।
সংপূজ্যতে শাল্মলিশ্চ দ্বীপে শাল্মলকে নৃপ। ॥৬॥
ক্রৌঞ্চদ্বীপে মহাক্রৌঞ্চো গিরী রত্নচয়াকরঃ।
সংপূজ্যতে মহারাজ। চাতুর্বর্ণ্যেন নিত্যদা ॥৭॥
গোমন্তঃ পর্ব্বতো রাজন্। সুমহান্ সর্ব্বধাতুমান্।
যত্র নিত্যং নিবসতি শ্রীমান্ কমললোচনঃ ॥৮॥
মোক্ষিভিঃ সংস্তুতো নিত্যং প্রভুর্নারায়ণো হরিঃ।
কুশদ্বীপে তু রাজেন্দ্র। পর্ব্বতো বিদ্রুমৈশ্চিতঃ ॥৯॥
সুদামা নাম দুর্দ্ধর্ষো দ্বিতীয়ো হেমভূষিতঃ।
দ্যুতিমান্ নাম কৌরব্য। তৃতীয়ঃ কুমুদো গিরিঃ ॥১০॥
চতুর্থঃ পুষ্পবান্ নাম পঞ্চমস্তু কুশেশয়ঃ।
ষষ্ঠো হরিগিরির্নাম ষড়েতে পর্ব্বতোত্তমাঃ ॥১১॥ (কলাপকম্)

ভারতকৌমুদী

কুশেতি। শাল্মলিস্তদাখ্যো বৃক্ষঃ, শাল্মলকে শাল্মলিনাম্নি ॥৬॥

ক্রৌঞ্চেতি। মহাক্রৌঞ্চো নাম, রত্নচয়স্য আকরঃ খনিঃ ॥৭॥

গোমন্ত ইতি। সর্ব্বধাতুমান্ গৈরিকাদিসর্ব্বধাতুযুক্তঃ। বিদ্রুমৈঃ প্রবালৈশ্চিতো ব্যাপ্তঃ দুর্দ্ধর্ষঃ, হিংস্রজন্তুপূর্ণত্বাৎ। কুমুদো নাম। পর্ব্বতোত্তমাঃ কুশদ্বীপে ॥৮—১১॥

স্বয়ং নারায়ণ তত্রত্য দিব্য রত্ন সকল রক্ষা করেন এবং প্রজাদের উপরে প্রসন্ন হইয়া তাহাদের সুখ সম্পাদন করেন ॥৫॥

রাজা। কুশদ্বীপে দেশের মধ্যস্থানবর্ত্তী কুশস্তম্বকে এবং শাল্মলিদ্বীপে শাল্মলিবৃক্ষকে তত্রত্য লোকেরা বিশেষ আদর করে ॥৬॥

মহারাজ। ক্রৌঞ্চদ্বীপে রত্নসমূহের আকর 'মহাক্রৌঞ্চ'-নামে একটা পর্ব্বত আছে, ব্রাহ্মণ প্রভৃতি চারি বর্ণ সর্ব্বদাই তাহার আদর করেন ॥৭॥

রাজা। সেই দ্বীপে অতিবিশাল ও সমস্ত ধাতুযুক্ত 'গোমন্ত'-নামে আর একটা পর্ব্বত আছে, যাহাতে লক্ষ্মীর সহিত কমলনয়ন প্রভু নারায়ণ হরি সর্ব্বদা বাস করেন। রাজশ্রেষ্ঠ! আর কুশদ্বীপে 'সুদামা'-নামে প্রবালব্যাপ্ত ও দুর্দ্ধর্ষ প্রথম পর্ব্বত, 'দ্যুতিমান্'-নামে স্বর্ণভূষিত দ্বিতীয় পর্ব্বত, 'কুমুদ'-নামে তৃতীয় পর্ব্বত, 'পুষ্পবান্'-নামে চতুর্থ পর্ব্বত, 'কুশেশয়'-নামে পঞ্চম পর্ব্বত এবং

---

(৬) কুশস্তম্বঃ কুশদ্বীপে মধ্যে জনপদৈঃ সহ—বা ব রা নি। (৯) মোক্ষিভিঃ সঙ্গতো নিত্যম্—পি। (১০) স্বনামনামা—বা ব, সুনামনামা—রা, সুনামা নাম—নি, হেমপর্ব্বতঃ—বা ব রা নি।

তেষামন্তরবিষ্কম্ভো দ্বিগুণঃ সর্ব্বভাগশঃ।
ঔদ্ভিদং প্রথমং বর্ষং দ্বিতীয়ং বেণুমণ্ডলম্ ॥১২॥
তৃতীয়ং সুরথং নাম চতুর্থং কম্বলং স্মৃতম্।
ধৃতিমৎ পঞ্চমং বর্ষং ষষ্ঠঃ বর্ষং প্রভাকরম্ ॥১৩॥
সপ্তমং কাপিলং বর্ষঃ সপ্তৈতে বর্ষলম্ভকাঃ।
এতেষু দেবগন্ধর্ব্বাঃ প্রজাশ্চ জগতীশ্বর। ॥১৪॥
বিহরন্তে রমন্তে চ ন তেষু ম্রিয়তে জনঃ।
ন তেষু দস্যবঃ সন্তি ম্লেচ্ছজাত্যোঽপি বা নৃপ। ॥১৫॥ (যুগ্মকম্)
গৌরঃ প্রায়ো জনঃ সর্ব্বঃ সুকুমারশ্চ পার্থিব।।
অবশিষ্টেষু সর্ব্বেষু বক্ষ্যামি মনুজাধিপ। ॥১৬॥
যথাশ্রুতং মহারাজ। তদব্যগ্রমনাঃ শৃণু।
ক্রৌঞ্চদ্বীপে মহারাজ। ক্রৌঞ্চো নাম মহাগিরিঃ ॥১৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তেষামিতি। অন্তরবিষ্কম্ভো মধ্যবর্ত্তিভূবিস্তারঃ, সর্ব্বভাগশঃ ক্রমশঃ ॥১২॥
তৃতীয়মিতি। নামশব্দস্য কম্বলমিত্যাদাবপ্যনুবৃত্তিঃ ॥১৩॥
সপ্তমমিতি। বর্ষলম্ভকা বর্ষপরিচয়াঃ। ম্রিয়তে অকালে ॥১৪—১৫॥
গৌরেতি। প্রায়ো বহুলঃ। যথাশ্রুতং বক্ষ্যামীতি সম্বন্ধঃ ॥১৬—১৭॥

'হরিগিরি'-নামে ষষ্ঠ পর্ব্বত আছে, সুতরাং কুশদ্বীপে এই ছয়টা উত্তম পর্ব্বত রহিয়াছে ॥৮—১১॥

সেই পর্ব্বতগুলির মধ্যভূমির বিস্তার ক্রমশঃ দ্বিগুণ। তাহার মধ্যে প্রথম ঔদ্ভিদবর্ষ এবং দ্বিতীয় বেণুমণ্ডলবর্ষ ॥১২॥

তৃতীয় সুরথবর্ষ, চতুর্থ কম্বলবর্ষ, ধৃতিমৎ পঞ্চমবর্ষ এবং প্রভাকর ষষ্ঠ-বর্ষ ॥১৩॥

রাজা। সপ্তম কাপিলবর্ষ। নরনাথ। কুশদ্বীপে এই সাতটা বর্ষ আছে। তাহাতে দেবগণ, গন্ধর্ব্বগণ ও মনুষ্যগণ বিহার ও ক্রীড়া করিয়া থাকেন এবং সে সকল বর্ষে মানুষ অকালে মরে না, আর সেই সমস্ত বর্ষে দস্যু বা ম্লেচ্ছ-জাতি নাই ॥১৪—১৫॥

রাজা! বিশেষতঃ সে সকল বর্ষে প্রায় সকল লোকই গৌরবর্ণ ও কোমলাঙ্গ। নরনাথ। আমি যেমন শুনিয়াছি, তেমন ভাবেই অবশিষ্ট সমস্ত

---

(১২)…বিশ্বমণ্ডলম্—পি। (১৩) তৃতীয়ং সুরথাকারম্—বা ব রা নি। (১৪) বর্ষসম্ভবাঃ—পি। (১৬) গৌরপ্রায়ো জনঃ :: মনুজেশ্বর!—বা ব রা নি।

ক্রৌঞ্চাৎ পরো বামনকো বামনাদন্ধকারকঃ।
অন্ধকারাৎ পরো রাজন্। মৈনাকঃ পর্ব্বতোত্তমঃ ॥১৮॥
মৈনকাৎ পরতো রাজন্। গোবিন্দো গিরিরুত্তমঃ।
গোবিন্দাৎ পরতো রাজন্। নিবিড়ো নাম পর্ব্বতঃ ॥১৯॥
পরস্তু দ্বিগুণস্তেষাং বিষ্কম্ভো বংশবর্দ্ধন।।
দেশাংস্তত্র প্রবক্ষ্যামি তন্মে নিগদতঃ শৃণু ॥২০॥
ক্রৌঞ্চস্য কুশলো দেশো বামনস্য মনোঽনুগঃ।
মনোঽনুগাৎ পরশ্চোষ্ণো দেশঃ কুরুকুলোদ্বহ। ॥২১॥
উষ্ণাৎ পরঃ প্রাবরকঃ প্রাবরাদন্ধকারকঃ।
অন্ধকারকদেশাত্তু মুনিদেশঃ পরঃ স্মৃতঃ ॥২২॥

ভারতকৌমুদী

ক্রৌঞ্চাদিতি। বামনকঃ অন্ধকারক ইতি স্বার্থে কঃ ॥১৮॥
মৈনাকাদিতি। সর্ব্বত্র বর্ত্তত ইতি শেষঃ ॥১৯॥
পর ইতি। পর ইতি বীপ্সাবগন্তব্যা। বিষ্কম্ভো বিস্তারঃ ॥২০॥
ক্রৌঞ্চস্যেতি। ক্রৌঞ্চস্য পর্ব্বতস্য সন্নিহিতঃ কুশলো নাম দেশঃ। এবমন্যত্রাপি। উষ্ণো নাম দেশঃ ॥২১॥
উষ্ণাদিতি। প্রাবরক ইতি স্বার্থে কঃ, প্রাবরাদিত্যুক্তেঃ ॥২২॥

দ্বীপের বিষয় বলিব, আপনি স্থিরচিত্তে তাহা শ্রবণ করুন। মহারাজ! ক্রৌঞ্চদ্বীপে 'ক্রৌঞ্চ'-নামে একটা মহাপর্ব্বত আছে ॥১৬—১৭॥

রাজা! ক্রৌঞ্চের পরে বামন, বামনের পরে অন্ধকার, অন্ধকারের পরে পর্ব্বতশ্রেষ্ঠ মৈনাক ॥১৮॥

নরনাথ! মৈনাকের পরে পর্ব্বতশ্রেষ্ঠ গোবিন্দ এবং গোবিন্দের পরে 'নিবিড়'-নামে পর্ব্বত রহিয়াছে ॥১৯॥

বংশবর্দ্ধন! সেই পর্ব্বতগুলির বিস্তার পর পর দ্বিগুণ। সেই ক্রৌঞ্চ-দ্বীপের দেশগুলি আমি বলিব, আপনি শ্রবণ করুন ॥২০॥

কৌরবশ্রেষ্ঠ! ক্রৌঞ্চপর্ব্বতের নিকটবর্ত্তী দেশের নাম—'কুশল', বামন-পর্ব্বতের সন্নিহিত দেশের নাম—'মনোঽনুগ', মনোঽনুগের পর উষ্ণদেশ।২১॥

উষ্ণদেশের পর প্রাবরদেশ, প্রাবরদেশের পর অন্ধকারদেশ, অন্ধকারদেশের পর মুনিদেশ ॥২২॥

---

(১৯) 'নিবিন্দো নাম পর্ব্বতঃ—পি। (২২)· 'প্রাবারাদন্ধকারকঃ—বা ব না নি।

মুনিদেশাৎ পরশ্চৈব প্রোচ্যতে দুন্দুভিস্বনঃ।
সিদ্ধচারণসঙ্কীর্ণো গৌরপ্রায়ো জনাধিপ!।
এতে দেশা মহারাজ! দেবগন্ধর্ব্বসেবিতাঃ ॥২৩॥
পুষ্করে পুষ্করো নাম পর্ব্বতো মণিরত্নবান্।
তত্র নিত্যং প্রবসতি স্বয়ং দেবঃ প্রজাপতিঃ ॥২৪॥
তং পর্য্যুপাসতে নিত্যং দেবাঃ সর্ব্বে মহর্ষয়ঃ।
বাগ্ভির্মনোঽনুকূলাভিঃ পূজয়ন্তো জনাধিপ! ॥২৫॥
জম্বুদ্বীপাৎ প্রবর্ত্তন্তে রত্নানি বিবিধান্যুত।
দ্বীপেষু তেষু সর্ব্বেষু প্রজানাং কুরুসত্তম! ॥২৬॥
ব্রহ্মচর্য্যেণ সত্যেন প্রজানাং হি দমেন চ।
আরোগ্যায়ুঃপ্রমাণাভ্যাং দ্বিগুণং দ্বিগুণং ততঃ ॥২৭॥
একো জনপদো রাজন্! দ্বীপেষ্বেতেষু ভারত!।
উক্তা জনপদা যেষু ধর্ম্মশ্চৈকঃ প্রদৃশ্যতে ॥২৮॥

ভারতকৌমুদী

মুনীতি। গৌরা গৌরবর্ণাঃ প্রায়া বহুলা জনা যত্র সঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৩॥
পুষ্কর ইতি। পুষ্করে তদাখ্যে দ্বীপে। প্রজাপতির্ব্রহ্মা ॥২৪॥
তমিতি। পূজয়ন্তঃ স্তবন্তঃ ॥২৫॥
জম্বুদ্বীপাদিতি। প্রবর্ত্তন্তে বণিগ্ভির্নীতানি গচ্ছন্তি। প্রজানাং তত্রত্যানামর্থে ॥২৬॥
ব্রহ্মেতি। ততঃ পূর্ব্বপূর্ব্বদ্বীপাৎ, দ্বিগুণং দ্বিগুণং জীবনমিতি শেষঃ ॥২৭॥

এবং মুনিদেশের পর দুন্দুভিস্বনদেশ। নরনাথ! এই দেশের প্রায় লোকই গৌরবর্ণ এবং তাহারা সিদ্ধ ও চারণগণের সহিত মিলিত হইয়া বিচরণ করে। মহারাজ! ক্রৌঞ্চদ্বীপে দেবগন্ধর্ব্বসেবিত এই সকল দেশ রহিয়াছে ॥২৩॥

পুষ্করদ্বীপে 'পুষ্কর'-নামে মণি ও রত্নশালী একটা পর্ব্বত আছে; তাহাতে স্বয়ং প্রজাপতিদেব সর্ব্বদা বাস করেন ॥২৪॥

নরনাথ! দেবতারা ও মহর্ষিরা সকলে মনের অনুকূল বাক্যদ্বারা স্তব করিতে থাকিয়া সর্ব্বদাই তাঁহার উপাসনা করেন ॥২৫॥

কৌরবশ্রেষ্ঠ! সেই সমস্ত দ্বীপের লোকের জন্য এই জম্বুদ্বীপ হইতে নানাবিধ রত্ন যাইয়া থাকে ॥২৬॥

তত্রত্য লোকদিগের ব্রহ্মচর্য্য, সত্য, ইন্দ্রিয়দমন, স্বাস্থ্য ও আয়ুর পরিমাণে তাহাদের জীবন পূর্ব্বপূর্ব্ব দ্বীপবাসী অপেক্ষা দ্বিগুণ দ্বিগুণ হইয়া থাকে ॥২৭॥

ঈশ্বরো দণ্ডমুদ্যম্য স্বয়মেব প্রজাপতিঃ।
দ্বীপানেতান্ মহারাজ। রক্ষংস্তিষ্ঠতি নিত্যদা ॥২৯॥
স রাজা স শিবো রাজন্। স পিতা স পিতামহঃ।
গোপায়তি নরশ্রেষ্ঠ। প্রজাঃ সজড়পণ্ডিতাঃ ॥৩০॥
ভোজনঞ্চাত্র কৌরব্য। প্রজাঃ স্বয়মুপস্থিতম্।
সিদ্ধমেব মহাবাহো। তদ্ধি ভুঞ্জন্তি নিত্যদা ॥৩১॥
তত্র পরং সমা নাম দৃশ্যতে লোকসংস্থিতিঃ।
চতুরস্রং মহারাজ। ত্রয়স্ত্রিংশত্তু মণ্ডলম্ ॥৩২॥

ভারতকৌমুদী

এক ইতি। হে ভারত। রাজন্! যেষু দ্বীপেষু বহবো জনপদা উক্তাঃ, বস্তুতস্তু এতেষু তেষু দ্বীপেষু এক এব জনপদঃ। যেন হি তেষু এক এব ধর্ম্মঃ প্রদৃশ্যতে ॥২৮॥

ঈশ্বর ইতি। ঈশ্বরঃ প্রভুঃ সন্। তত্র প্রজাতন্ত্রং রাজ্যমিত্যাশয়ঃ ॥২৯॥

স ইতি। শিবো মঙ্গলকরঃ। গোপায়তি রক্ষতি। সজড়পণ্ডিতা অচেতনচেতনাঃ ॥৩০॥

ভোজনমিতি। সিদ্ধমেব দৈবনিষ্পন্নমেব ॥৩১॥

তত্রেতি। লোকসংস্থিতির্লোকালয়ো দেশ ইতি যাবৎ। চতুরস্রং চতুষ্কোণম্, মণ্ডলং পরিধিঃ, ত্রয়স্ত্রিংশৎ ত্রয়স্ত্রিংশদ্‌যোজনপরিমিতম্ ॥৩২॥

ভারতভাবদীপঃ

উত্তরেষ্বিতি ॥১—৩॥ মানঃশিলো মনঃশিলাময়ঃ ॥৪—৩১॥ চতুরস্রং চতুর্দ্দলকমলাকারং জম্বুমণ্ডলমিতি শেষঃ। তস্য পূর্ব্বম্ অশ্রাস্তপরিধিরুক্তঃ—"অষ্টাদশসহস্রাণি ষট্‌শতানি চ ভারতে"তি। ইহ যত্র মধ্যমমণ্ডলপরিধিস্ত্রয়স্ত্রিংশচ্ছতযোজন ইত্যুচ্যতে। ততশ্চ পঞ্চসহস্রীতো যাবান্ যত্রাগ্রভাগো বহির্বৃদ্ধস্তাবানেব ত্রয়স্ত্রিংশতোঽগ্রে পঞ্চসহস্রীতো গর্ভে

ভরতনন্দন রাজা! যে দ্বীপগুলিতে বহুতর দেশ বলা হইল, বাস্তবিকপক্ষে সে দ্বীপগুলিতে একই দেশ বলিতে হইবে। কারণ, সে সকল দেশে একটাই ধর্ম্ম দেখিতে পাওয়া যায় ॥২৮॥

মহারাজ! স্বয়ং ব্রহ্মাই প্রভু হইয়া দণ্ড উত্তোলন করিয়া সর্ব্বদা এই দ্বীপগুলিকে রক্ষা করতঃ অবস্থান করেন ॥২৯॥

নরশ্রেষ্ঠ রাজা! তিনিই সে সকল দ্বীপের রাজা, তিনিই মঙ্গলকারী, তিনিই পিতা এবং তিনিই পিতামহ; আর তিনিই চেতন ও অচেতন প্রজাবর্গকে রক্ষা করেন ॥৩০॥

মহাবাহু কৌরবনন্দন! দৈবনিষ্পন্ন খাদ্যই সে সকল দ্বীপে নিজে নিজে উপস্থিত হয় এবং তাহাই লোকেরা সর্ব্বদা ভোজন করে ॥৩১॥

---

(৩০) স পিতা প্রপিতামহঃ—বা ব রা নি। (৩১) সিদ্ধমেব মহারাজ।—পি।

তত্র তিষ্ঠন্তি কৌরব্য। চত্বারো লোকসম্মতাঃ।
দিগ্‌গজা ভরতশ্রেষ্ঠ। বামনৈরাবতাদয়ঃ ॥৩৩॥
সুপ্রতীকস্তদা রাজন্। প্রভিন্নকরটামুখঃ।
তস্যাহং পরিমাণন্তু ন সংখ্যাতুমিহোৎসহে ॥৩৪॥
অসংখ্যাতঃ স নিত্যং হি তির্য্যগূর্দ্ধমধস্তথা।
তত্র বৈ বায়বো বান্তি দিগ্‌ভ্যঃ সর্ব্বাভ্য এব হি ॥৩৫॥
অসংবদ্ধা মহারাজ! তান্ নিগৃহ্নন্তি তে গজাঃ।
পুষ্করৈঃ পদ্মসঙ্কাশৈর্বিকর্ষদ্ভির্মহাপ্রভৈঃ।
শতধা পুনরেবাশু তে তান্ মুঞ্চন্তি নিত্যশঃ ॥৩৬॥

ভারতকৌমুদী

তত্রেতি। ঐরাবতঃ সুপ্রতীকঃ বামনঃ কুমুদ ইতি চত্বারঃ ॥৩৩॥

সুপ্রতীক ইতি। প্রভিন্নকরটামুখো মদস্রাবিগণ্ডঃ। উৎসহে শক্নোমি ॥৩৪॥

অথ কথং নোৎসহস ইত্যাহ—অসংখ্যাত ইতি। অসংখ্যাতঃ অপরিমিতঃ ॥৩৫॥

অসংবদ্ধা ইতি। অসংবদ্ধাঃ পরস্পরমসংস্পৃষ্টাঃ। পুষ্করৈঃ শুণ্ডাগ্রৈঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৬॥

ভারতভাবদীপঃ

ভাগ উন ইতি জ্ঞেয়ম্ ॥৩২॥ তস্য পত্রসন্ধিস্থানেষু চতুর্ষু ॥৩৩॥ তস্য গজচতুষ্টয়স্য পৃথিব্যা আশ্রয়ভূতস্য। তৎ কস্যোপরি বর্ত্ততে ইতি দুর্ব্বচম্, তেন ঈশ্বরশক্ত্যৈব দিগ্‌গজা ধ্রিয়ন্তে ইতি ভাবঃ ॥৩৪॥ স গজসমূহঃ, বাতরজ্জুভির্গজা বদ্ধা ইত্যেতন্মতান্তরম্, তদপি দূষয়তি—তত্রেতি ॥৩৫॥ প্রত্যুত বায়োরেব নিগ্রহং হে কুর্ব্বন্তীত্যাহ—তানিতি। পুষ্করৈঃ শুণ্ডাগ্রৈঃ

মহারাজ! সেই দ্বীপে 'সম'-নামে একটা দেশ দেখা যায়, তাহার পরিধিটা চতুষ্কোণ এবং তেত্রিশযোজন পরিমিত ॥৩২॥

কৌরবনন্দন ভরতশ্রেষ্ঠ! সে দেশে লোকসম্মত বামন ও ঐরাবতপ্রভৃতি চারিটা দিগ্‌হস্তী রহিয়াছে ॥৩৩॥

রাজা! সেগুলির মধ্যে সুপ্রতীকনামক হস্তীর গণ্ডদেশ হইতে সর্ব্বদাই মদজল নিঃসৃত হয়; কিন্তু সে হস্তীটার পরিমাণ আমি বলিতে সমর্থ নহি ॥৩৪॥

কারণ, সেই সুপ্রতীকহস্তী সর্ব্বদাই ঊর্দ্ধ, অধ ও পার্শ্বদিকে সর্ব্বদাই অপরিমিত। সেখানে সকল দিক্ হইতেই বায়ু বহিত হয় ॥৩৫॥

মহারাজ! তখন পরস্পর বিশ্লিষ্ট সেই হস্তীগুলি পদ্মতুল্য, বিশেষ প্রভাবশালী ও আকর্ষণকারী শুণ্ডাগ্রদ্বারা সেই বায়ু গ্রহণ করে এবং সর্ব্বদাই আবার তৎক্ষণাৎ সে বায়ুগুলিকে শতভাগে মুক্ত করে ॥৩৬॥

(৩৬)…বিকসদ্ভির্মহাপ্রভৈঃ—বা ব রা নি।

শ্বসদ্ভির্মুচ্যমানাস্তু দিগ্‌গজৈরিহ মারুতাঃ।
আগচ্ছন্তি মহারাজ! ততস্তিষ্ঠন্তি বৈ প্রজাঃ ॥৩৭॥

ধৃতরাষ্ট্র উবাচ।

পরো বৈ বিস্তরোঽত্যর্থং ত্বয়া সঞ্জয়! কীর্ত্তিতঃ।
দর্শিতং দ্বীপসংস্থানমুত্তরং ব্রূহি সঞ্জয়! ॥৩৮॥

সঞ্জয় উবাচ।

উক্তা দ্বীপা মহারাজ! গ্রহান্ বৈ শৃণু তত্ত্বতঃ।
স্বর্ভানোঃ কৌরবশ্রেষ্ঠ! যাবদেব প্রমাণতঃ ॥৩৯॥
পরিমণ্ডলো মহারাজ! স্বর্ভানুঃ শ্রূয়তে গ্রহঃ।
যোজনানাং সহস্রাণি বিষ্কম্ভো দ্বাদশাস্য বৈ ॥৪০॥
পরিণাহেন ষট্‌ত্রিংশদ্বিপুলত্বেন চানঘ!।
ষষ্টিমাহুঃ শতান্যস্য বুধাঃ পৌরাণিকাস্তথা ॥৪১॥

ভারতকৌমুদী

শ্বসদ্ভিরিতি। ততস্তন্মারুতগ্রহণাৎ, তিষ্ঠন্তি জীবিতা ইতি শেষঃ ॥৩৭॥

পর ইতি। দ্বীপানাং সংস্থানমবস্থান্। উত্তরং পূর্ব্বকৃতপ্রশ্নস্য সিদ্ধান্তম্ "ব্রূহি গাবল্গনে। সর্ব্বং রাহোঃ সোমার্কয়োস্তথা" ইতি জিজ্ঞাসিতবিষয়মিত্যর্থঃ ॥৩৮॥

উক্তা ইতি। প্রমাণতো যাবদেব স্বর্ভানো রাহোর্দ্দৈর্ঘ্যং তদপি শৃণ্বিত্যর্থঃ ॥৩৯॥

পরীতি। পরিমণ্ডলো গোলাকারঃ। বিষ্কম্ভো বিস্তারঃ, অস্য স্বর্ভানোঃ ॥৪০॥

পরীতি। পরিণাহেন পরিধিবিশালতয়া, ষট্‌ত্রিংশৎ সহস্রাণি যোজনানীত্যর্থঃ, বিস্তার-

---

মহারাজ! সেই দিগ্‌হস্তীরা শ্বাস ত্যাগ করিতে থাকিয়া মুক্ত করিলে সেই বায়ু আসিতে থাকে, তাহাতেই তত্রত্য প্রাণীরা জীবিত থাকে" ॥৩৭॥

ধৃতরাষ্ট্র বলিলেন—"সঞ্জয়! তুমি বিশেষ বিস্তরক্রমেই জিজ্ঞাসিত বিষয় বলিয়াছ; দ্বীপগুলির অবস্থাও জানাইয়াছ, সঞ্জয়! এখন অবশিষ্ট বিষয়ের উত্তর বল" ॥৩৮॥

সঞ্জয় বলিলেন—"মহারাজ! দ্বীপগুলির বিষয় বলিয়াছি; এখন আপনি যথাযথভাবে গ্রহগুলির বিষয় শ্রবণ করুন এবং কৌরবশ্রেষ্ঠ! পরিমাণে রাহু যত বড়, তাহাও শুনুন ॥৩৯॥

মহারাজ! শুনিতে পাই—রাহুগ্রহ নাকি গোলাকার এবং উহার বিস্তার—দ্বাদশ সহস্র যোজন ॥৪০॥

---

(৩৯) গ্রহং বৈ—বা ব রা নি।

চন্দ্রমাস্তু সহস্রাণি রাজন্নেকাদশ স্মৃতঃ।
বিষ্কম্ভেণ কুরুশ্রেষ্ঠ। ত্রয়স্ত্রিংশত্তু মণ্ডলম্।
একোনষষ্টিবিষ্কম্ভং শীতরশ্মের্মহাত্মনঃ ॥৪২॥
সূর্য্যস্ত্বষ্টৌ সহস্রাণি দ্বে চান্যে কুরুনন্দন।।
বিষ্কম্ভেণ ততো রাজন্। মণ্ডলং ত্রিংশতা সমম্ ॥৪৩॥
অষ্টপঞ্চাশতং রাজন্। বিপুলত্বেন চানঘ।।
শ্রূয়তে পরমোদারঃ পতগোঽসৌ বিভাবসুঃ ॥৪৪॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

পরিমাণাপেক্ষয়া পরিধিপরিমাণস্য ত্রিগুণাধিকত্বনিয়মাদিতি ভাবঃ। বিপুলত্বেন মধ্যদেশাৎ পরিধিপর্য্যন্তপরিমাণেন, ষষ্টিং শতানি ষট্‌সহস্রযোজনানি। এবমগ্রত্র ॥৪১॥

চন্দ্রমা ইতি। একাদশ সহস্রাণি যোজনানি, বিষ্কম্ভেণ বিস্তারেণ। তস্য মণ্ডলং পরিধিস্ত ত্রয়স্ত্রিংশৎ সহস্রাণি যোজনানি। একোনষষ্টিঃ শতানি যোজনানি বিষ্কম্ভো বিপুলত্বস্য বিস্তারো যস্য তৎ। পৃথিব্যা ইব চন্দ্রসূর্য্যয়োঃ সমগোলত্বাভাবাৎ দীর্ঘদিশি মধ্যতঃ পরিধি-পর্য্যন্তমীদৃগ্ বিপুলত্বমিত্যবধেয়ম্। পরত্রাপ্যেবম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪২॥

সূর্য্য ইতি। অষ্টৌ সহস্রাণি যোজনানি, অন্যে দ্বে চ যোজনসহস্রে দশসহস্রযোজনানীত্যর্থঃ, বিষ্কম্ভেণ বিস্তারেণ। মণ্ডলং পরিধিঃ, ত্রিংশতা যোজনসহস্রাণামিতি শেষঃ। অষ্টপঞ্চাশতম্ অষ্টপঞ্চাশচ্ছতানি যোজনানি। মতান্তরমাহ—শ্রূয়ত ইতি। অসৌ পতগো গগনচরো বিভাবসুঃ সূর্য্যঃ, পরমোদারঃ অতিমহান্ পৃথিব্যপেক্ষয়া বহুগুণবিশালঃ শ্রূয়তে। এতন্মতে তু ভূচ্ছায়ারূপেণ রাহুণা পূর্ণসূর্য্যগ্রাসানুপপত্তিরিত্যাশয়ঃ ॥৪৩—৪৪॥

ভারতভাবদীপঃ

॥৩৬—৩৭॥ উত্তরং সূর্য্যেন্দুরাহুপ্রমাণম্ ॥৩৮—৪০॥ পরিণাহেন ষট্‌ত্রিংশৎসহস্রাণি, বিপুলত্বেন ততোঽপ্যাধিক্যেন, ইদমুত্তরান্বয়ি ॥৪১॥ ষষ্টির্যোজনানি পরিণাহ এবেত্যর্থঃ ॥৪২—৪৩॥ পতগঃ শীঘ্রগঃ, বিভাবসুঃ সূর্য্যঃ ॥৪৪—৫১॥

ইতি শ্রীমহাভারতে ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বাদশোঽধ্যায়ঃ ॥১২॥

নিষ্পাপ রাজা। পৌরাণিক পণ্ডিতেরা বলেন—রাহুর পরিধির বিশালতা—ষট্‌ত্রিংশৎ সহস্র যোজন এবং উহার মধ্যস্থান হইতে পরিধিপর্য্যন্ত স্থানের বিস্তার ষট্ সহস্র যোজন ॥৪১॥

কৌরবশ্রেষ্ঠ। চন্দ্রের বিস্তার—একাদশ সহস্র যোজন, উহার পরিধির পরিমাণ—ত্রয়স্ত্রিংশৎ সহস্র যোজন এবং ঐ বিশালমূর্ত্তি চন্দ্রের মধ্য হইতে পরিধিপর্য্যন্ত স্থানের পরিমাণ—একশতন্যূন ষট্ সহস্র যোজন ॥৪২॥

কুরুনন্দন রাজা। সূর্য্য বিস্তারে দশসহস্র যোজন, তাহার পরিধি ত্রিংশৎ-

---

(৪২) ··একোনষষ্টির্বিষ্কম্ভঃ—পি।

এতৎ প্রমাণমর্কস্য নির্দ্দিষ্টমিহ ভারত।।
স রাহুশ্ছাদযত্যেতৌ যথাকালং মহত্তযা ॥৪৫॥
চন্দ্রাদিত্যৌ মহারাজ। সংক্ষেপোঽযমুদাহৃতঃ।
ইত্যেতত্তে মহাবাজ। পৃচ্ছতঃ শাস্ত্রচক্ষুষা ॥৪৬॥
সর্ব্বমুক্তং যথাতত্ত্বং তস্মাচ্ছমমবাপ্নুহি।
যথোদ্দিষ্টং ময়া প্রোক্তং সনির্ম্মাণমিদং জগৎ ॥৪৭॥ (বিশেষকম্)
তস্মাদাশ্বস কৌরব্য। পুত্রং দুর্য্যোধনং প্রতি।
শ্রুত্বেদং ভরতশ্রেষ্ঠ। ভূমিপর্ব্ব মনোঽনুগম্ ॥৪৮॥
শ্রীমান্ ভবতি বাজন্যঃ সিদ্ধার্থঃ সাধুসম্মতঃ।
আয়ুর্বলঞ্চ কীর্ত্তিশ্চ তস্য তেজশ্চ বর্দ্ধতে ॥৪৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

এতদিতি। অর্কস্যেত্যুপলক্ষণম্, রাহোশ্চন্দ্রস্য চ। যথাকালং পূর্ণিমায়ামমাবস্যায়াঞ্চ, এতৌ চন্দ্রাদিত্যৌ ছাদয়তি ভূচ্ছায়ারূপেণ। তদেব চ গ্রহণমিত্যুচ্যতে। তথা চ শ্রাদ্ধবিবেক-ধৃতা স্মৃতিঃ—"পর্ব্বকালে তু সংপ্রাপ্তে চন্দ্রার্কৌ ছাদয়িষ্যসি। ভূমিচ্ছায়াগতশ্চন্দ্রং চন্দ্রগোঽর্কং কদাচন॥" রঘুবংশে চ—"ছায়া হি ভূমেঃ শশিনো মলত্বেনারোপিতা শুদ্ধিমতঃ প্রজাভিঃ।" শমং শান্তিম্ উদ্বেগনিবৃত্তিমিতি যাবৎ ॥৪৫—৪৭॥

তস্মাদিতি। আশ্বস আশ্বসিহি। মনসঃ অনুগমনুকূলং মনোহরমিত্যর্থঃ। শ্রীমান্ সম্পন্নঃ, রাজন্যঃ ক্ষত্রিয়ঃ, সিদ্ধার্থো নিষ্পন্নপ্রয়োজনঃ, সাধূনাং সম্মতঃ প্রিয়ঃ ॥৪৮—৪৯॥

সহস্র যোজন এবং তাহাব মধ্য হইতে পরিধিপর্য্যন্ত স্থানের পরিমাণ—অষ্ট-পঞ্চাশৎশত যোজন। কোন কোন মতে শুনা যায যে, আকাশচারী ঐ সূর্য্য (ইহা অপেক্ষাও) অতিবৃহৎ ॥৪৩—৪৪॥

ভরতনন্দন। পৌরাণিকমতে চন্দ্র, সূর্য্য ও বাহুর এই পরিমাণ নির্দ্দিষ্ট আছে; সুতরাং সেই রাহু নিজের বিশালতাবশতঃ পূর্ণিমা ও অমাবস্যাতিথিতে চন্দ্র ও সূর্য্যকে আবৃত কবিযা থাকে। মহারাজ। আপনার নিকটে সংক্ষেপে এই বলিলাম। আব আপনি যাহা জিজ্ঞাসা করিযাছেন, শাস্ত্রদৃষ্টিতে যথাযথ-ভাবে সে সমস্তই আমি এই বলিলাম; অতএব আপনি এখন শান্তি লাভ করুন। সৃষ্টিব সহিত জগতেব সমস্ত বিষয আমি এই উদ্দেশক্রমে বলিলাম ॥৪৫—৪৭॥

কৌরবনন্দন। অতএব আপনি এখন পুত্র দুর্য্যোধনেব বিষয়ে আশ্বস্ত হউন। ভবতশ্রেষ্ঠ। ক্ষত্রিয এই মনোহর ভূমিপর্ব্ব শ্রবণ করিযা সম্পত্তিশালী, কৃতকার্য্য ও সজ্জনপ্রিয হন এবং তাঁহার আয়ু, বল, কীর্ত্তি ও তেজ বৃদ্ধি পায ॥৪৮—৪৯॥

যঃ শৃণোতি মহীপাল। পর্ব্বণীদং যতব্রতঃ।
প্রীযন্তে পিতরস্তস্য তথৈব চ পিতামহাঃ ॥৫০॥
ইদন্তু ভারতং বর্ষং যত্র বর্ত্তামহে বয়ম্।
যতঃ প্রবর্ত্তিতং পুণ্যং তৎসর্ব্বং শ্রুতবানসি ॥৫১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভূমৌ উত্তরদ্বীপাদিসংস্থানবর্ণনে দ্বাদশোঽধ্যায়ঃ ॥০॥

——ঃ*ঃ——

(৩। ভগবদ্‌গীতাপর্ব্ব।)

ত্রয়োদশোঽধ্যায়ঃ।

——ঃ*ঃ——

বৈশম্পায়ন উবাচ।

অথ গাবল্গনির্বিদ্বান্ সংযুগাদেত্য ভারত।।
প্রত্যক্ষদর্শী সর্ব্বস্য ভূতভব্যভবিষ্যবিৎ ॥১॥

ভারতকৌমুদী

য ইতি। যতং সংযম এব ব্রতং নিয়মো যস্য সঃ ॥৫০॥

ইদমিতি। যতো ভারতবর্ষাৎ, প্রবর্ত্তিতং যজ্ঞাদিনা প্রাচীনৈঃ ॥৫১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভূমৌ দ্বাদশোঽধ্যায়ঃ ॥০॥

——ঃ*ঃ——

অথেতি। অথ সমরাঙ্গনগমনাৎ ভীষ্মশরশয্যাপাতদর্শনাচ্চানন্তরম্। তদ্বভয়ঞ্চ পশ্চাৎ

রাজা! আর যে কোন লোক সংযত হইয়া পর্ব্বকালে এই ভূমিপর্ব্ব শ্রবণ করে, তাহার পিতৃগণ ও পিতামহগণ সন্তুষ্ট হন ॥৫০॥

মহারাজ! আমরা যেখানে রহিয়াছি, এইটা ভারতবর্ষ, আর প্রাচীন ধার্ম্মিকেরা যে স্থান হইতে ধর্ম্ম প্রবর্ত্তিত করিয়া গিয়াছেন, তাহার সমস্ত বিষয়ই আপনি শুনিলেন" ॥৫১॥

——ঃ০ঃ——

বৈশম্পায়ন বলিলেন—ভরতনন্দন জনমেজয়! তাহার পর জ্ঞানী, সমস্ত বিষয়ের প্রত্যক্ষদর্শী এবং ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমানাভিজ্ঞ সঞ্জয় যুদ্ধ হইতে

---

(৫১) পূর্বৈঃ প্রবর্ত্তিতঃ পুণ্যম্—বা ব রা নি।

ধ্যায়তে ধৃতরাষ্ট্রায় সহসোৎপত্য দুঃখিতঃ।
আচষ্ট নিহতং ভীষ্মং ভরতানাং পিতামহম্ ॥২॥ (যুগ্মকম্)

সঞ্জয় উবাচ।

সঞ্জয়োঽহং মহারাজ! নমস্তে ভরতর্ষভ!।
হতো ভীষ্মঃ শান্তনবো ভরতানাং পিতামহঃ ॥৩॥
ককুদং সর্ব্বযোধানাং ধাম সর্ব্বধনুষ্মতাম্।
শরতল্পগতঃ সোঽদ্য শেতে কুরুপিতামহঃ ॥৪॥
যস্য বীর্য্যং সমাশ্রিত্য দ্যূতং পুত্রস্তবাকরোৎ।
স শেতে নিহতো রাজন্! সংখ্যে ভীষ্মঃ শিখণ্ডিনা ॥৫॥
যঃ সর্ব্বান্ পৃথিবীপালান্ সমবেতান্ মহামৃধে।
জিগায়ৈকরথেনৈব কাশিপুর্য্যাং মহারথঃ ॥৬॥

ভারতকৌমুদী

স্ফুটীভবিষ্যতি। গাবল্গণির্গবল্গণপুত্রঃ সঞ্জয়ঃ। সংযুগাৎ সমরাঙ্গনাৎ। প্রত্যক্ষদর্শিত্বঞ্চ [illegible]
ব্যাসবরপ্রভাবাদিতি ভাবঃ। ধ্যায়তে যুদ্ধবিষয়মেব চিন্তয়তে ॥১—২॥

সঞ্জয় ইতি। হত আহতঃ। ভরতানাং তদানীন্তনযুধিষ্ঠিরদুর্য্যোধনাদীনাম্ [illegible]

ককুদমিতি। ককুদঃ শ্রেষ্ঠঃ "ককুদ্বৎ ককুদং শ্রেষ্ঠে [illegible] ইতি [illegible]।
ধাম গৌরবস্থানম্। শরতল্পগতো বাণময়শয্যাং পতিতঃ ॥৪॥

যস্যেতি। পুত্রো দুর্য্যোধনঃ। নিহত আহতঃ সন্, সংখ্যে সমরাঙ্গনে

আসিয়া তৎক্ষণাৎ উপস্থিত হইয়া চিন্তামগ্ন ধৃতরাষ্ট্রের নিকট দুঃখিতভাবে বলিলেন—"ভবৎপিতামহ ভীষ্ম নিহত হইয়াছেন ॥১—২॥

সঞ্জয় বলিলেন—"মহারাজ! আমি সঞ্জয়; ভরতশ্রেষ্ঠ! [illegible] নমস্কার করি। ভরতগণের পিতামহ শান্তনুনন্দন ভীষ্ম নিহত হইয়াছেন ॥৩॥

যিনি সমস্ত যোদ্ধার মধ্যে শ্রেষ্ঠ এবং [illegible] ছিলেন, সেই কুরুপিতামহ ভীষ্ম আজ শরশয্যায় পতিত হইয়া শয়ন [illegible] ছেন ॥৪॥

রাজা! আপনার পুত্র দুর্য্যোধন [illegible] করিয়াছিলেন, সেই ভীষ্ম আজ শিখণ্ডিকর্ত্তৃক নিহত হইয়া [illegible]

যে মহারথ সর্ব্বনৃপকে [illegible] করিয়াছিলেন এবং যিনি [illegible]

[illegible]

জামদগ্ন্যং রণে রামং যোঽযুধ্যদপসংভ্রমঃ।
ন হতো জামদগ্ন্যেন স হতোঽদ্য শিখণ্ডিনা ॥৭॥ (যুগ্মকম্)
মহেন্দ্রসদৃশঃ শৌর্য্যে স্থৈর্য্যে চ হিমবানিব।
সমুদ্র ইব গাম্ভীর্য্যে সহিষ্ণুত্বে ধরাসমঃ ॥৮॥
শরদংষ্ট্রো ধনুর্বক্ত্রঃ খড়্গজিহ্বো দুরাসদঃ।
নরসিংহঃ পিতা তেঽদ্য পাঞ্চাল্যেন নিপাতিতঃ ॥৯॥ (যুগ্মকম্)
পাণ্ডবানাং মহৎ সৈন্যং যং দৃষ্ট্বোদ্যতমাহবে।
প্রাবেপত ভয়োদ্বিগ্নং সিংহং দৃষ্ট্বেব গোগণঃ ॥১০॥
পাররক্ষ্য স সেনাং তে দশরাত্রমনীকহা।
জগামাস্তমিবাদিত্যঃ কৃত্বা কর্ম্ম সুদুষ্করম্ ॥১১॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

য ইতি। মহামৃধে মহাযুদ্ধে। জিগায় কাশীরাজকন্যাহরণকালে। অপসংভ্রমো নির্ভয়ঃ। তেন রামেণাহননাৎ শিখণ্ডিনা চ হননাৎ দৈবমেবাত্র কারণমিতি ভাবঃ ॥৬—৭॥

মহেন্দ্রেতি। ধরাসমঃ পৃথিবীতুল্যঃ। শরা দংষ্ট্রা দন্তা ইব যস্য সঃ, উভয়োরেব লম্বিতত্ব-সাম্যাৎ, ধনুর্বক্ত্রং মুখমিব যস্য সঃ, বক্রত্বসাদৃশ্যাৎ, খড়্গো জিহ্বা ইব যস্য সঃ, সমানাকৃতিকত্বাৎ, দুরাসদো দুর্দ্ধর্ষঃ, নরঃ সিংহ ইব সঃ, তে তব পিতা পিতৃপর্য্যায়ো জ্যেষ্ঠতাতো ভীষ্মঃ, অদ্য পাঞ্চাল্যেন শিখণ্ডিনা নিপাতিতঃ ॥৮—৯॥

পাণ্ডবানামিতি। মহৎ সৈন্যং কর্ত্তৃ। আহবে যুদ্ধে। ভয়েন উদ্বিগ্নমস্থিরং সৎ, প্রাবেপত অধিকমকম্পত। অনীকং বিপক্ষসৈন্যং হন্তীতি অনীকহা। সুদুষ্করমন্যেষাম্ ॥১০—১১॥

ছিলেন, তিনি তখন পরশুরামের হস্তে নিহত হন নাই, কিন্তু আজ শিখণ্ডীর হস্তে নিহত হইয়াছেন ॥৬—৭॥

মহারাজ! যিনি শৌর্য্যে ইন্দ্রের তুল্য, স্থৈর্য্যে হিমালয়ের সদৃশ, গাম্ভীর্য্যে সমুদ্রের সমান এবং সহিষ্ণুতায় পৃথিবীর ন্যায় ছিলেন; আর বাণগুলি যাঁহার দন্তের ন্যায়, ধনুখানা মুখের সমান এবং তরবারিখানা জিহ্বার তুল্য ছিল; আপনার জ্যেষ্ঠতাত দুর্দ্ধর্ষ নরসিংহ সেই ভীষ্মকে আজ শিখণ্ডী নিপাতিত করিয়াছে ॥৮—৯॥

গোসমূহ যেমন সিংহ দেখিয়া ভয়ে অস্থির হইয়া কাঁপিতে থাকে, সেইরূপ পাণ্ডবগণের বিশাল সৈন্য যাঁহাকে যুদ্ধে উদ্যত দেখিয়া ভয়ে অস্থির হইয়া কাঁপিতেছিল, সেই বিপক্ষসৈন্যহন্তা ভীষ্ম দশ দিন যাবৎ আপনার সৈন্য রক্ষা করিয়া অতিদুষ্কর কার্য্য সাধনপূর্ব্বক সূর্য্যের ন্যায় অস্তে গিয়াছেন ॥১০—১১॥

---

(১০) পাণ্ডবানাং মহাসৈন্যম্—বা ব রা নি। (১১) পরিরক্ষ্য স সৈন্যাগ্র—পি।

যঃ স শক্র ইবাক্ষোভ্যো বর্ষন্ বাণান্ সহস্রশঃ।
জঘান যুধি যোধানামর্বুদং দশভির্দিনৈঃ ॥১২॥
স শেতে নিহতো ভূমৌ বাতরুগ্ণ ইব দ্রুমঃ।
তব দুর্ম্মন্ত্রিতে রাজন্! যথা নার্হঃ স ভারত! ॥১৩॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভগবদ্গীতাপর্ব্বণি ভীষ্মমৃত্যুশ্রবণে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

চতুর্দ্দশোঽধ্যায়ঃ।

—:*:—

ধৃতরাষ্ট্র উবাচ।

কথং কুরূণামৃষভো হতো ভীষ্মঃ শিখণ্ডিনা।
কথং রথাৎ স ন্যপতৎ পিতা মে বাসবোপমঃ ॥১॥

ভারতকৌমুদী

য ইতি। যোধানাং বিপক্ষসৈন্যানাম্, অর্বুদং লক্ষম্, প্রত্যহমযুতবধপ্রতিজ্ঞানাৎ। বাতরুগ্ণ বায়ুভগ্নঃ। যথা যাদৃশহননে অর্হো যোগ্যো নাসীৎ, মহাবীরত্বাৎ ॥১২—১৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভগবদ্গীতাপ্রকরণে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

কথমিতি। অত্র কথংশব্দদ্বয়ং বিষাদসম্ভ্রমে, "কথং হর্ষে চ গর্হায়াং প্রকারার্থে চ সম্ভ্রমে। প্রশ্নে সম্ভাবনায়াঞ্চ" ইতি মেদিনী। ঋষভঃ শ্রেষ্ঠঃ। বাসবোপম ইন্দ্রতুল্যঃ ॥১॥

ভারতভাবদীপঃ

অথেতি ॥১—৩॥ ককুদং রাজ্ঞাং মধ্যে ধ্বজতুল্যম্। "ককুদোঽপ্যস্ত্রী বৃষাঙ্গে রাট্‌চিহ্নধ্বজে বরে" ইতি মেদিনী। ধাম তেজঃ ॥৪—৬॥ অপসম্ভ্রমো নির্ভয়ঃ ॥৭—১১॥ অর্বুদং কোটিদশকং লক্ষং বা, পূর্ব্বমযুতস্য প্রত্যহং প্রতিজ্ঞানাৎ ॥১২—১৩॥

ইতি শ্রীমহাভারতে ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥১৩॥

ভরতনন্দন রাজা! সেই যিনি ইন্দ্রের ন্যায় অক্ষোভ্য থাকিয়া সহস্র সহস্র বাণ বর্ষণ করিয়া দশ দিনে যুদ্ধে বিপক্ষের লক্ষ সৈন্য সংহার করিয়াছেন, আজ তিনি সেরূপ শয়নের অযোগ্য হইয়াও আপনার মন্ত্রণার দোষে নিহত হইয়া বায়ুভগ্ন বৃক্ষের ন্যায় ভূতলে শয়ন করিয়াছেন" ॥১২—১৩॥

---

(১৩) · বাতভগ্ন ইব—বা ব রা নি।

কথমাচক্ষ্ব মে যোধা হীনা ভীষ্মেণ সঞ্জয় । ।
বলিনা দেবকল্পেন গুর্বর্থে ব্রহ্মচারিণা ॥২॥
তস্মিন্ হতে মহাপ্রাজ্ঞে মহেষ্বাসে মহাবলে ।
মহাসত্ত্বে নরব্যাঘ্রে কিং ব আসীন্মনস্তদা ॥৩॥
আর্ত্তিং পরামাবিশতি মনঃ শংসতি মে হতম্ ।
কুরূণামৃষভং বীরমকম্পং পুরুষর্ষভম্ ॥৪॥
কে তং যান্তমনুপ্রাপ্তাঃ কে বাস্যাসন্ পুরোগমাঃ ।
কেঽতিষ্ঠন্ কে ন্যবর্ত্তন্ত কেঽন্ববর্ত্তন্ত সঞ্জয় । ॥৫॥
কে শূরা রথশার্দ্দূলমচ্যুতং ক্ষত্রিয়র্ষভম্ ।
তথাঽনীকং গাহমানং সহসা পৃষ্ঠতোঽন্বযুঃ ॥৬॥

ভারতকৌমুদী

কথমিতি। হীনাস্ত্যক্তাঃ। গুর্বর্থে পিতৃনিমিত্তে, ব্রহ্মচারিণা চিরকৌমারব্রতেন ॥২॥
তস্মিন্নিতি। মহেষ্বাসে মহাধনুর্দ্ধরে। মহাসত্ত্বে মহাধ্যবসায়ে। কিং কীদৃশম্ ॥৩॥
আর্ত্তিমিতি। আর্ত্তিং পীড়াম্। মনঃ কর্ত্তৃ, শংসতি ব্রবীতি সূচয়তীত্যর্থঃ ॥৪॥
ক ইতি। অনুপ্রাপ্তা অনুগতাঃ। অতিষ্ঠন্ সহচরভাবেনেতি শেষঃ ॥৫॥
ক ইতি। রথশার্দ্দূলং রথিশ্রেষ্ঠম্, অচ্যুতং বীরম্। অনীকং বিপক্ষসৈন্যম্ ॥৬॥

ধৃতরাষ্ট্র বলিলেন—"অ্যাঁ, কৌরবশ্রেষ্ঠ ভীষ্ম শিখণ্ডিকর্ত্তৃক নিহত হইয়াছেন। অ্যাঁ, আমার ইন্দ্রতুল্য জ্যেষ্ঠতাত রথ হইতে নিপতিত হইয়াছেন। ॥১॥

সঞ্জয়। বল, পিতার জন্য চিরকৌমারব্রতাবলম্বী, দেবতুল্য ও মহাবল ভীষ্ম কি প্রকারে আমার সৈন্যগণকে পরিত্যাগ করিয়া গেলেন ? ॥২॥

মহাপ্রাজ্ঞ, মহাধনুর্দ্ধর, মহাবল ও মহাধ্যবসায়শালী সেই নরশ্রেষ্ঠ নিহত হইলে, তখন তোমাদের মন কিরূপ হইয়াছিল ? ॥৩॥

আমার মন গুরুতর পীড়া অনুভব করিতেছিল এবং কৌরবশ্রেষ্ঠ, বীর ও ধীর সেই পুরুষশ্রেষ্ঠ নিহত হইয়াছেন—এই কথাই যেন আমার মন বলিতেছিল ॥৪॥

সঞ্জয়। সেই মহাপুরুষ বিপক্ষের প্রতি ধাবিত হইলে, কাহারা তাঁহার নিকট গিয়াছিল ? কাহারা তাঁহার অগ্রবর্ত্তী হইয়াছিল ? কাহারা সঙ্গে ছিল ? কাহারা ফিরিয়া আসিয়াছিল ? কাহারাই বা তাঁহার অনুগমন করিয়াছিল ? ॥৫॥

---

(৩)· কিন্নু আসীন্মনস্তব—বা ব রা নি। (৪)···মনঃ শংসসি—বা ব রা নি।

বস্তমোঽর্ক ইবাপোহৎ পরসৈন্যমমিত্রহা।
সহস্ররশ্মিপ্রতিমঃ পরেষাং ভয়মাদধৎ ॥৭॥
অকরোদ্দুষ্করং কর্ম্ম রণে পাণ্ডুসুতেষু যঃ।
গ্রসমানমনীকানি য এনং পর্য্যবারয়ৎ ॥৮॥
কৃতিনং তং দুরাধর্ষং সঞ্জয়াস্যন্তমন্তিকে।
কথং শান্তনবং যুদ্ধে পাণ্ডবাঃ প্রত্যবারয়ন্ ॥৯॥ (যুগ্মকম্)
নিকৃন্তন্তমনীকানি শরদংষ্ট্রং মনস্বিনম্।
চাপব্যাত্তাননং ঘোরমসিজিহ্বং দুরাসদম্ ॥১০॥
অনর্হং পুরুষব্যাঘ্রং হ্রীমন্তমপরাজিতম্।
পাতয়ামাস কৌন্তেয়ঃ কথং তমজিতং যুধি ॥১১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

য ইতি। তমোঽন্ধকারম্। অপোহৎ ব্যনাশয়ৎ। আদধৎ জনয়ন্ ॥৭॥

অকরোদিতি। পাণ্ডুসুতেষু মধ্যে যঃ অর্জ্জুনঃ, রণে দুষ্করং কর্ম্ম অকরোৎ রাজসূয়াৎ পূর্ব্বং দিগ্বিজয়াদৌ। অনীকানি অস্মৎসৈন্যানি গ্রাসমানম্ এনমর্জ্জুনং যঃ পর্য্যবারয়ৎ। তং ভীষ্মম্, অন্তিকে বিপক্ষসেনাসমীপে, অস্যন্তং শরান্ ক্ষিপন্তম্। কথং কেন প্রকারেণ ॥৮—৯॥

নীতি। নিকৃন্তন্তং ছিন্দন্তম্, অনীকানি বিপক্ষসৈন্যানি, শরা দংষ্ট্রা দন্তা ইব যস্য তম্। পূর্ব্ববদ্ভাবঃ। চাপো ধনুঃ ব্যাত্তং প্রকটিতমাননমিব যস্য তম্। অসির্জিহ্বা ইব যস্য তম্। অনর্হং তাদৃশপাতনে অযোগ্যম্, হ্রীমন্তং দুষ্কার্য্যকরণে লজ্জাবন্তম্। কৌন্তেয়ঃ অন্যস্যাসম্ভবেন অনুমানাদর্জ্জুনঃ ॥১০—১১॥

রথিশ্রেষ্ঠ ও অদ্ভুত বীর সেই ক্ষত্রিয়সিংহ বিপক্ষসৈন্যমধ্যে অবগাহন করিতে লাগিলে, কোন্ বীরেরা সহসা তাঁহার পিছনে গিয়াছিল? ॥৬॥

সূর্য্য যেমন অন্ধকার নষ্ট করেন, সেইরূপ সূর্য্যসদৃশ তেজস্বী ও শত্রুহন্তা যে বীর বিপক্ষের ভয় জন্মাইতে থাকিয়া বিপক্ষসৈন্য নষ্ট করিয়াছিলেন ॥৭॥

সঞ্জয়! পাণ্ডবগণের মধ্যে যিনি যুদ্ধে দুষ্কর কার্য্য করিয়াছিলেন, সেই অর্জ্জুন আমাদের সৈন্য গ্রাস করিতে লাগিলে, যিনি তাঁহাকে বারণ করিয়াছিলেন; বিপক্ষের উপরে বাণক্ষেপকারী, দুর্দ্ধর্ষ ও যুদ্ধনিপুণ সেই ভীষ্মকে পাণ্ডবেরা কিপ্রকারে বারণ করিলেন? ॥৮—৯॥

যিনি বিপক্ষসৈন্য ছেদন করিতেছিলেন, বাণ যাঁহার দন্ততুল্য, ধনু যাঁহার বিবৃত বদনের ন্যায় এবং তরবারি যাঁহার জিহ্বার সদৃশ ছিল, সেই মনস্বী,

---

(৭) ইবাপোহন্—বা ব রা নি। (৮) পর্য্যবারয়ন্—বা ব রা নি। (৯) সঞ্জয়াস্যন্তমন্তিকে—বা ব রা নি।

উগ্রধন্বানমুগ্রেষুং বর্ত্তমানং রথোত্তমে।
পরেষামুত্তমাঙ্গানি প্রচিন্বন্তমথেষুভিঃ ॥১২॥
পাণ্ডবানাং মহাসৈন্যং যং দৃষ্ট্বোদ্যতমাহবে।
কালাগ্নিমিব দুর্দ্ধর্ষং সমচেষ্টত নিত্যশঃ ॥১৩॥
পবিরক্ষ্য স সেনাস্তু দশবাত্রমনীকহা।
জগামাস্তবাদিত্যঃ কৃত্বা কর্ম্ম সুদুষ্করম্ ॥১৪॥ (বিশেষকম্)
যঃ স শক্র ইবাক্ষয্যং বর্ষং শবময়ং ক্ষিপন্।
জঘান যুধি যোধানামর্বুদং দশভির্দিনৈঃ ॥১৫॥
স শেতে নিহতো ভূমৌ বাতরুগ্ণ ইব দ্রুমঃ।
মম দুর্মন্ত্রিতেনাজৌ যথা নার্হতি ভারতঃ ॥১৬॥ (যুগ্মকম্)
কথং শান্তনবং দৃষ্ট্বা পাণ্ডবানামনীকিনী।
প্রহর্ত্তুমশকত্তত্র ভীষ্মং ভীমপরাক্রমম্ ॥১৭॥

ভারতকৌমুদী

উগ্রেতি। উগ্রেষুং ভয়ঙ্করবাণম্। উত্তমাঙ্গানি শিরাংসি, প্রচিন্বন্তং গৃহ্নন্তং ছিন্দন্তমিত্যর্থঃ। মহাসৈন্যং কর্ত্তৃ। সমচেষ্টত ভয়েনাস্পন্দত। সেনাং মদীয়াম্ ॥১২—১৪॥

য ইতি। অক্ষয্যং ক্ষেতুমশক্যম্। অর্বুদং লক্ষং প্রত্যহমযুতসৈন্যবধপ্রতিজ্ঞানাৎ। বাতরুগ্ণ বায়ুভগ্নঃ। উদ্দেশ্যপ্রতিনির্দ্দেশ্যক্রমেণ শ্লোকদ্বয়মিদমুক্তমিতি ন পুনরুক্তিদোষঃ ॥১৫—১৬॥

ভয়ঙ্কর, দুর্দ্ধর্ষ, পাতনের অযোগ্য, লজ্জাশীল ও অপরাজিত পুরুষব্যাঘ্রকে অর্জ্জুন কি করিয়া যুদ্ধে নিপাতিত করিলেন? ॥১০—১১॥

যিনি ভয়ঙ্কর ধনু ও বাণ ধারণ করিয়া উত্তম রথে থাকিয়া বাণদ্বারা শত্রুপক্ষের মস্তকসমূহ চয়ন করিতেছিলেন এবং পাণ্ডবগণের বিশাল সৈন্য যাঁহাকে যুদ্ধে উদ্যত দেখিয়া সর্ব্বদা ভয়ে কম্পিত হইয়াছে, কালাগ্নির ন্যায় দুর্দ্ধর্ষ, সেই শত্রুহন্তা ভীষ্ম দশ দিন পর্য্যন্ত আমার সৈন্য রক্ষা করিয়া অতিদুষ্কর কার্য্য সাধনপূর্ব্বক সূর্য্যের ন্যায় অস্তগত হইয়াছেন ॥১২—১৪॥

সেই যিনি ইন্দ্রের ন্যায় অক্ষয় বাণবর্ষণ করিয়া দশ দিনে যুদ্ধে লক্ষসংখ্যক বিপক্ষসৈন্য সংহার করিয়াছেন, সেই ভরতনন্দন ভীষ্ম ভূতলশয়নের অযোগ্য হইয়াও আমারই মন্ত্রণার দোষে যুদ্ধে নিহত হইয়া বায়ুভগ্ন বৃক্ষের ন্যায় ভূতলে শয়ন করিয়াছেন ॥১৫—১৬॥

---

(১৩) মহৎ সৈন্যম্—বা ব রা নি। (১৪) পরিকুপ্য স সেনাস্তু—বা ব রা নি। (১৬)…বাতভুগ্ন ইব—বা ব রা নি।

কথং ভীষ্মেণ সংগ্রামং প্রাকুর্ব্বন্ পাণ্ডুনন্দনাঃ।
কথঞ্চ নাজয়দ্ভীষ্মো দ্রোণে জীবতি সঞ্জয়। ॥১৮॥
কৃপে সন্নিহিতে তত্র ভরদ্বাজাত্মজে তথা।
ভীষ্মঃ প্রহরতাং শ্রেষ্ঠঃ কথং স নিধনং গতঃ ॥১৯॥ (যুগ্মকম্)
কথঞ্চাতিরথস্তেন পাঞ্চাল্যেন শিখণ্ডিনা।
ভীষ্মো বিনিহতো যুদ্ধে দেবৈরপি দুরাসদঃ ॥২০॥
যঃ স্পর্দ্ধতে রণে নিত্যং জামদগ্ন্যং মহাবলম্।
অজিতং জামদগ্ন্যেন শক্রতুল্যপরাক্রমম্ ॥২১॥
তং হতং সমরে ভীষ্মং মহারথকুলোদিতম্।
সঞ্জয়াচক্ষ্ব মে বীরং যেন শর্ম্ম ন বিদ্মহে ॥২২॥ (যুগ্মকম্)

ভাবকৌমুদী

কথমিতি। ভীমপরাক্রমত্বাদেব প্রহরণাশক্তত্বস্যৌচিত্যমিতি ভাবঃ ॥১৭॥

কথমিতি। ভীষ্মেণ সহ। ভরদ্বাজাত্মজে অশ্বত্থাম্নি ॥১৮—১৯॥

কথমিতি। কথং কেন প্রকারেণ। পাঞ্চাল্যেন পাঞ্চালরাজপুত্রেণ ॥২০॥

য ইতি। জামদগ্ন্যং রামম্। মহারথানাং কুলে উদিতমুৎপন্নম্। যেন অনাখ্যানেন হেতুনা, শর্ম্ম সুখম্, ন বিদ্মহে ন লভামহে ॥২১—২২॥

ভারতভাবদীপঃ

কথমিতি ॥১—৮॥ অস্য ত্বমন্তিকে স্থিত্বা সর্ব্বং দৃষ্টবানসীতি শেষঃ ॥৯—১১॥ প্রচিন্বন্তং পুষ্পবদাদদানম্ ॥১২॥ সমচেষ্টত ম্রিয়মাণপশুবদ্ধস্তপাদবিক্ষেপং কৃতবৎ ॥১৩—২২॥ অজহু-

---

পাণ্ডবসৈন্য, শান্তনুনন্দন ভীমপরাক্রম ভীষ্মকে দেখিয়া কি প্রকারে তখন প্রহার করিতে সমর্থ হইল ? ॥১৭॥

সঞ্জয়! পাণ্ডবগণ ভীষ্মের সহিত কি প্রকার যুদ্ধ করিয়াছিলেন ? ভীষ্ম কেন জয় করিতে পারেন নাই ? আর দ্রোণ জীবিত থাকিতে এবং কৃপ ও অশ্বত্থামা সে স্থানে উপস্থিত থাকিতে বীরশ্রেষ্ঠ সেই ভীষ্ম কেন মৃত্যুমুখে পতিত হইলেন ? ॥১৮—১৯॥

দ্রুপদপুত্র সেই শিখণ্ডী যুদ্ধে কিপ্রকারে অতিরথ এবং দেবগণেরও দুর্দ্ধর্ষ ভীষ্মকে নিহত করিল ? ॥২০॥

সঞ্জয়! যিনি সর্ব্বদাই যুদ্ধে মহাবল পরশুরামের সহিত স্পর্দ্ধা করিতেন এবং সে পরশুরামও যাঁহাকে জয় করিতে পারেন নাই, ইন্দ্রের তুল্য পরাক্রমশালী, মহারথবংশে উৎপন্ন এবং মহাবীর সেই ভীষ্মের বধবিবরণ সত্বর আমার নিকট বল। যে হেতু আমি শান্তি লাভ করিতে পারিতেছি না ॥২১—২২॥

---

(২২)·· মহারথকুলোচিতম্—পি।

মামকাঃ কে মহেষ্বাসা ন জহুঃ সঞ্জয়াচ্যুতম্ ।
দুর্য্যোধনসমাদিষ্টাঃ কে বীরাঃ পর্য্যবারয়ন্ ॥২৩॥
যচ্ছিখণ্ডিমুখাঃ সর্ব্বে পাণ্ডবা ভীষ্মমভ্যয়ুঃ ।
কচ্চিত্তে কুরবঃ সর্ব্বে নাজগ্মুঃ সঞ্জয়াচ্যুতম্ ॥২৪॥
অশ্মসারময়ং নূনং হৃদয়ং সুদৃঢ়ং মম ।
যচ্ছ্রুত্বা পুরুষব্যাঘ্রং হতং ভীষ্মং ন দীর্য্যতে ॥২৫॥
যস্মিন্ সত্যঞ্চ মেধা চ নীতিশ্চ ভরতর্ষভে ।
অপ্রমেয়াণি দুর্দ্ধর্ষে কথং স নিহতো যুধি ॥২৬॥
মৌর্ব্বীঘোষস্তনয়িত্নুঃ পৃষৎকপৃষতো মহান্ ।
ধনুর্হ্রাদমহাশব্দো মহামেঘ ইবোন্নতঃ ॥২৭॥

ভারতকৌমুদী

মামকা ইতি। হে সঞ্জয়। মামকা মদীয়াঃ কে মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ, অচ্যুতং বীরব্রতাদভ্রষ্টং ভীষ্মম্, ন জহুঃ ন তত্যজুঃ। দুর্য্যোধনসমাদিষ্টাঃ কে বীরাশ্চ তং পর্য্যবারয়ন্ ॥২৩॥

যদিতি। শিখণ্ডিমুখাঃ শিখণ্ডিপ্রভৃতয়ঃ। অভ্যয়ুঃ আক্রমিতুমভ্যধাবন্ ॥২৪॥

অশ্মেতি। অশ্মসারময়ং পাষাণস্থিরাংশনির্ম্মিতম্, নূনং নিশ্চিতম্ ॥২৫॥

যস্মিন্নিতি। মেধা বুদ্ধিঃ। অপ্রমেয়াণি পরিমাতুমশক্যানি এতান্যাসন্ ॥২৬॥

মৌর্ব্বীতি। মৌর্ব্বীঘোষো জ্যাশব্দঃ স্তনয়িত্নুর্গর্জনমিব যস্য সঃ "স্তনয়িত্নুঃ পুমান্ বারিধরেঽপি স্তনিতেঽপি চ" ইতি মেদিনী, পৃষৎকা বাণাঃ পৃষতা জলবিন্দব ইব যস্য সঃ,

---

সঞ্জয়। আমার পক্ষীয় কোন্ মহাধনুর্দ্ধরেরা ভীষ্মকে ত্যাগ করেন নাই? এবং দুর্য্যোধনের আদেশে কোন্ বীরেরাই বা তাঁহাকে পরিবেষ্টন করিয়াছিলেন? ॥২৩॥

সঞ্জয়! পাণ্ডবেরা সকলে শিখণ্ডীকে অগ্রবর্ত্তী করিয়া যে ভীষ্মের অভিমুখে ধাবিত হইলেন, কৌরবেরা সকলে কি তখন ভীষ্মের দিকে গিয়াছিলেন না? ॥২৪॥

হায়। আমার হৃদয় নিশ্চয়ই পাষাণসারনির্ম্মিতের ন্যায় সুদৃঢ়। যে হেতু পুরুষশ্রেষ্ঠ ভীষ্মের বধসংবাদ শুনিয়াও বিদীর্ণ হইতেছে না ॥২৫॥

হায়! যে দুর্দ্ধর্ষ পুরুষশ্রেষ্ঠে সত্য, বুদ্ধি ও নীতি—এইগুলি অপরিমিতভাবে ছিল, সেই ভীষ্ম কিপ্রকারে যুদ্ধে নিহত হইলেন ॥২৬॥

যাঁহার জ্যাশব্দ গর্জ্জনের ন্যায়, বাণ সকল জলবিন্দুসমূহের তুল্য এবং ধনু-

---

(২৩) নাজহুঃ—বা ব রা নি। (২৪) নাজহুঃ সঞ্জয়াচ্যুতম্—বা ব রা নি।

যোঽভ্যবর্ষত কৌন্তেয়ান্ সপাঞ্চালান্ সসৃঞ্জয়ান্।
নিঘ্নন্ পরবথান্ বীরো দানবানিব বজ্রভৃৎ ॥২৮॥ (যুগ্মকম্)
ইষ্বস্ত্রসাগরং ঘোরং বাণগ্রাহং দুরাসদম্।
কার্ম্মুকোর্ম্মিণমক্ষয্যমদ্বীপং চলমপ্লবম্ ॥২৯॥
গদাসিমকারাবাসং হয়াবর্ত্তং গজাকুলম্।
পদাতিমৎস্যকলিলং শঙ্খদুন্দুভিনিস্বনম্ ॥৩০॥
হয়ান্ গজান্ পদাতীংশ্চ রথাংশ্চ তরসা বহূন্।
নিমজ্জয়ন্তং সমরে পরবীরাপহারিণম্ ॥৩১॥
বিদহ্যমানং কোপেন তেজসা চ পরন্তপম্।
বেলেব মকরাবাসং কে বীরাঃ পর্য্যবারয়ন্ ॥৩২॥ (কলাপকম্)

ভারতকৌমুদী

ধনুষো হ্রাদো ধ্বনিঃ মহাশব্দো মহাগর্জনমিব যস্য স চ, উন্নত উদ্গতঃ, যো বীরো ভীষ্মঃ, বাণৈরভ্যবর্ষত, কথং স নিহত ইতি পূর্ব্বেণান্বয়ঃ। বজ্রভৃদিন্দ্রঃ ॥২৭—২৮॥

ইষ্বিতি। ইষূণাং বাণানামন্যেষামস্ত্রাণাঞ্চ সাগরং সমুদ্রমিব। বাণা গ্রাহা জলজন্তব ইব যস্মিন্ তন্। কার্ম্মুকাণি উর্ম্ময়স্তরঙ্গা ইব অস্য সন্তীতি তম্, ব্রীহ্যাদিত্বাদিন্, অক্ষয্যং ক্ষেতুমশক্যম্, অদ্বীপম্ আশ্রয়রহিতম্, চলং চলনশীলম্, অপ্লবং ক্ষুদ্রতরণিরহিতম্। গদা অসয়শ্চ মকরা ইব তেষামাবাসম্ আশ্রয়ম্, হয়া অশ্বা আবর্ত্তা জলভ্রময় ইব যত্র তম্, গজাকুলমিত্যুভয়ত্রাপি সমানম্, পদাতয়ো মৎস্যা ইব তৈঃ কলিলং ব্যাপ্তম্, শঙ্খদুন্দুভ্যোর্নিস্বনঃ নিস্বন ইব যস্য তম্। তরসা বলেন বেগেন চ। পরবীরান্ অপহরতি নাশয়তি অন্যত্র নয়তীতি চ তম্। বেলা তীরম্, মকরাবাসং সমুদ্রমিব, পর্য্যবারয়ন্ নিবারিতবন্তঃ ॥২৯—৩২॥

ভারতভাবদীপঃ

ত্যক্তবন্তঃ ॥২৩—২৬॥ মৌর্ব্বীঘোষেণ স্তনয়িত্নুর্গর্জ্জন্ মেঘ ইব, পৃষৎকপৃষতো বাণবিন্দুঃ, ধনুষৈব হ্রাদরূপো মহাশব্দোঽশনিধ্বনিরূপো যস্য ॥২৭—২৮॥ কার্ম্মুকোর্ম্মিণং চাপোর্ম্মিমন্তম্,

টঙ্কার মহাগর্জ্জনের সদৃশ ছিল, সুতরাং মহামেঘের ন্যায় যে ভীষ্ম, দানবহন্তা ইন্দ্রের তুল্য বিপক্ষ বীরগণকে সংহার করিতে থাকিয়া পাঞ্চাল ও সৃঞ্জয়গণের সহিত পাণ্ডবগণের উপরে বাণ বর্ষণ করিয়াছিলেন ॥২৭—২৮॥

ভীষ্ম ছিলেন একটা অস্ত্রের ভীষণ ও দুর্দ্ধর্ষ সমুদ্র, তাহার ক্ষয় ছিল না, কিংবা তাহাতে দ্বীপ বা ভেলা ছিল না, সে সমুদ্র চলিতেছিল, তাহাতে মকরের ন্যায় গদা ও তরবারি ছিল, আবর্ত্তের (ঘোলার) তুল্য অশ্ব ছিল, তাহা হস্তিসমূহে ব্যাপ্ত ও মৎস্যতুল্য পদাতিগণে পরিপূর্ণ ছিল, শঙ্খ ও দুন্দুভির শব্দই ছিল সেই

(২৯) · কার্ম্মুকোর্ম্মিণমক্ষোভ্যমদ্বীপঃ সমরপ্লবম্—পি।

ভীষ্মো যদকরোৎ কর্ম্ম সমরে সঞ্জযাবিহা।
দুর্য্যোধনহিতার্থায় কে তদাস্য পুরোঽভবন্ ॥৩৩॥
কেঽরক্ষন্ দক্ষিণং চক্রং ভীষ্মস্যামিততেজসঃ।
পৃষ্ঠতঃ কে পরান্ বীরানপাসেধন্ যতব্রতাঃ ॥৩৪॥
কে পুরস্তাদবর্ত্তন্ত রক্ষন্তো ভীষ্মমন্তিকে।
কেঽরক্ষন্নুত্তরং চক্রং বীরা বীরস্য যুধ্যতঃ ॥৩৫॥
বামে চক্রে বর্ত্তমানাঃ কেঽঘ্নন্ সঞ্জয। সৃঞ্জযান্।
অগ্রতোঽগ্র্যমনীকেষু কেঽভ্যরক্ষন্ দুরাসদম্ ॥৩৬॥
পার্শ্বতঃ কেঽভ্যরক্ষন্ত গচ্ছন্তো দুর্গমাং গতিম্।
সমূহে কে পরান্ বীরান্ প্রত্যযুধ্যন্ত সঞ্জয! ॥৩৭॥

ভারতকৌমুদী

ভীষ্ম ইতি। যদ্‌যদা। অরিহা শক্রহন্তা। পুরঃ পুরোবর্ত্তিনঃ ॥৩৩॥
ক ইতি। চক্রং সৈন্যম্। অপাসেধন্ ন্যবারয়ন্, যতব্রতা দৃঢ়নিযমাঃ ॥৩৪॥
ক ইতি। অত্রান্তিক ইত্যভিধানাৎ পূর্ব্বং পুরো দূর ইত্যবগন্তব্যম্। বীরস্য ভীষ্মস্য ॥৩৫॥
বাম ইতি। চক্রে সৈন্যে। অঘ্নন্ হতবন্তঃ। অনীকেষু সৈন্যেষু অগ্র্যং শ্রেষ্ঠং ভীষ্মম্ ॥৩৬॥

সমুদ্রের শব্দতুল্য, সে সমুদ্র আপন বেগবলে বহুতর হস্তী, অশ্ব, পদাতি ও রথকে যুদ্ধে মগ্ন করিতেছিল এবং বিপক্ষ বীরগণকে হরণ করিতেছিল; আর তখন তিনি ক্রোধানলে দগ্ধ হইতেছিলেন এবং তেজে বিপক্ষগণকে সন্তপ্ত করিতেছিলেন। সেই সমযে তীর যেমন সমুদ্রকে বারণ করে, সেইরূপ কোন্ বিপক্ষ বীরেরা তাঁহাকে বারণ করিতেছিলেন? ॥২৯—৩২॥

সঞ্জয়! শত্রুহন্তা ভীষ্ম যখন যুদ্ধে দুর্য্যোধনের হিতের জন্য দুষ্কর কার্য্য করিতেছিলেন, তখন উঁহার সম্মুখে কাহারা ছিল? ॥৩৩॥

অমিততেজা ভীষ্মের দক্ষিণভাগের সৈন্যগণকে কাহারা রক্ষা করিতেছিল? এবং কোন্ বীরেরা দৃঢ় নিযমে পিছনে থাকিয়া বিপক্ষ বীরগণকে নিবারণ করিতেছিল? ॥৩৪॥

কাহারা ভীষ্মকে রক্ষা করিতে থাকিযা তাঁহার নিকটে সম্মুখে অবস্থান করিতেছিল? কোন্ বীরেরাই বা যুধ্যমান ভীষ্মের বামভাগের সৈন্য রক্ষা করিতেছিলেন? ॥৩৫॥

সঞ্জয়! কাহারা ভীষ্মের বামভাগের সৈন্যমধ্যে থাকিযা সৃঞ্জয়গণকে সংহার করিতেছিল? কাহারাই বা অগ্রে থাকিযা সৈন্যশ্রেষ্ঠ ও দুর্দ্ধর্ষ ভীষ্মকে রক্ষা করিতেছিল? ॥৩৬॥

রক্ষ্যমাণঃ কথং বীরৈর্গোপ্যমানাশ্চ তেন তে।
দুর্জযানামনীকানি নাজয়ংস্তরসা যুধি ॥৩৮॥
সর্ব্বলোকেশ্বরস্যেব পরমস্য প্রজাপতেঃ।
কথং প্রহর্ত্তুমপি তে শেকুঃ সঞ্জয! পাণ্ডবাঃ ॥৩৯॥
যস্মিন্ দ্বীপে সমাশ্বস্য যুধ্যন্তে কুরবঃ পরৈঃ।
তং নিমগ্নং নরব্যাঘ্রং ভীষ্মং শংসসি সঞ্জয! ॥৪০॥
যস্য বীর্য্যং সমাশ্রিত্য মম পুত্রো বৃহদ্বলঃ।
ন পাণ্ডবানগণনয়ৎ কথং স নিহতঃ পরৈঃ ॥৪১॥
যঃ পুরা বিবুধৈঃ সর্বৈঃ সাহায্যে যুদ্ধদুর্ম্মদঃ।
কাঙ্ক্ষিতো দানবান্ ঘ্নদ্ভিঃ পিতা মম মহাব্রতঃ ॥৪২॥

ভারতকৌমুদী

পার্শ্বত ইতি। কে পার্শ্বতো ভীষ্মমভ্যরক্ষন্ত, সমূহে বিপক্ষসমূহমধ্যে, দুর্গমাং গতিমবস্থাম্, গচ্ছন্তঃ প্রাপ্নুবন্তঃ কে মৎপক্ষীয়, বীরাশ্চ, পরান্ বীরান্ প্রত্যযুধ্যন্ত ॥৩৭॥

রক্ষ্যেতি। গোপ্যমানা রক্ষ্যমাণাঃ, তেন ভীষ্মেণ। দুর্জয়ানাং পাণ্ডবানাম্ ॥৩৮॥

সর্বেতি। সর্ব্বলোকেশ্বরস্য, পরমস্য প্রধানস্য, প্রজাপতের্ব্রহ্মণ ইব ভীষ্মস্যোপরি ॥৩৯॥

যস্মিন্নিতি। দ্বীপে দ্বীপবদাশ্রয়ে ভীষ্মে সমাশ্বস্য সমাশ্বাসেন স্থিত্বা ॥৪০॥

যস্যেতি। পুত্রো দুর্য্যোধনঃ, বৃহদ্বলো মহাবলঃ সন্ ॥৪১॥

সঞ্জয়! কাহারা পার্শ্বে থাকিয়া ভীষ্মকে রক্ষা করিতেছিল? কাহারাই বা বিপক্ষগণের মধ্যে দুর্গম অবস্থা প্রাপ্ত হইয়া বিপক্ষ বীরগণের সহিত প্রতিযুদ্ধ করিতেছিল? ॥৩৭॥

কুরুবীরেরা ভীষ্মকে রক্ষা করিতেছিলেন, ভীষ্মও তাঁহাদিগকে রক্ষা করিতেছিলেন; এমন অবস্থায় সেই কুরুবীরেরা বাহুবলে যুদ্ধে দুর্জ্জয় পাণ্ডবগণের সৈন্যগণকে জয় করিতে পারিলেন না কেন? ॥৩৮॥

সঞ্জয়! সর্ববলোকাধিপতি ব্রহ্মার ন্যায় অবস্থিত ভীষ্মের উপরে সেই পাণ্ডবেরা কি করিয়া প্রহার করিতেও সমর্থ হইল? ॥৩৯॥

সঞ্জয়! কৌরবেরা দ্বীপের ন্যায় যাঁহার উপরে ভরসা করিয়া বিপক্ষগণের সহিত যুদ্ধ করিতেছেন, তুমি সেই নরশ্রেষ্ঠ ভীষ্মকে যুদ্ধসাগরে নিমগ্ন বলিতেছ! ॥৪০॥

আমার পুত্র যাঁহার শক্তি অবলম্বন করিয়া মহাবল হইয়া পাণ্ডবগণকে গণনাই করে নাই, হায়! তাঁহাকে বিপক্ষেরা কি করিয়া নিহত করিল? ॥৪১॥

দেবতারা সকলে পূর্বে দানবসংহারের সময়ে সাহায্যের জন্য যুদ্ধদুর্ম্মদ ও মহাব্রত আমার যে জ্যেষ্ঠতাতকে লইয়া যাইবার ইচ্ছা করিয়াছিলেন এবং

---

(৩৯) পরমেষ্ঠী প্রজাপতেঃ—পি বা ব রা। (৪২) সহায়ে যুদ্ধদুর্ম্মদঃ—বা ব রা নি।

যস্মিন্ জাতে মহাবীর্য্যে শান্তনুর্লোকবিশ্রুতঃ।
শোকং দৈন্যঞ্চ দুঃখঞ্চ প্রাজহাৎ পুত্রলক্ষ্মণি ॥৪৩॥
প্রোক্তং পরায়ণং প্রাজ্ঞং স্বধর্ম্মনিরতং শুচিম্।
বেদবেদান্ততত্ত্বজ্ঞং কথং শংসসি মে হতম্ ॥৪৪॥ (বিশেষকম্)
সর্ব্বাস্ত্রবিনয়োপেতং শান্তং দান্তং মনস্বিনম্।
হতং শান্তনবং শ্রুত্বা মন্যে শেষং হতং বলম্ ॥৪৫॥
ধর্ম্মাদধর্ম্মো বলবান্ সংপ্রাপ্ত ইতি মে মতিঃ।
যত্র বৃদ্ধং গুরুং হত্বা রাজ্যমিচ্ছন্তি পাণ্ডবাঃ ॥৪৬॥
জামদগ্ন্যঃ পুরা রামঃ সর্ব্বাস্ত্রবিদনুত্তমঃ।
অম্বার্থমুদ্যতঃ সংখ্যে ভীষ্মেণ যুধি নির্জ্জিতঃ ॥৪৭॥

ভারতকৌমুদী

য ইতি। বিবুধৈর্দেবৈঃ। ঘস্তির্নাশয়ন্তিঃ, পিতা ভীষ্মঃ। পুত্রলক্ষ্মণি পুত্রশ্রেষ্ঠে, "লক্ষ্ম চিহ্নপ্রধানয়োঃ" ইত্যমরঃ। প্রোক্তং লোকবিখ্যাতম্, পরায়ণং পরমাশ্রয়ম্ ॥৪২—৪৪॥

সর্ব্বেতি। সর্ব্বেষামস্ত্রাণাং বিনয়েন শিক্ষয়া উপেতং যুক্তম্, শান্তম্ অন্তরিন্দ্রিয়দমনশীলম্, দান্তং বহিরিন্দ্রিয়দমনযুক্তম্। হতং মন্যে, প্রধানহননে নিকৃষ্টহননস্য সুকরত্বাৎ ॥৪৫॥

ধর্ম্মাদিতি। সংপ্রাপ্তঃ সঞ্জাতঃ, কলিসন্নিধানাৎ। পাণ্ডবা ধার্ম্মিকা অপীতি ভাবঃ ॥৪৬॥

জামেতি। অনুত্তমো বীরশ্রেষ্ঠঃ। উদ্যতঃ, প্রবৃত্তঃ, সংখ্যে যুদ্ধে ॥৪৭॥

ভারতভাবদীপঃ

অদ্বীপং নিরাশ্রয়ম্, অপ্লবং তরণোপায়হীনম্ ॥২৯—৩৩॥ অপাসেধন্ ন্যবারয়ন্ ॥৩৪—৩৮॥ যঃ প্রজাপতের্দক্ষাদেঃ পরমেষ্ঠী পরমে পদে তিষ্ঠতীতি তথা হিরণ্যগর্ভ ইব, তস্মিন্নিতি শেষঃ ॥৩৯—৪২॥ পুত্রলক্ষ্মণি পুত্রোত্তমে। "লক্ষ্ম চিহ্নে প্রধানে চে"তি বিশ্বঃ ॥৪৩॥ প্রোক্তং লোকে

পুত্রশ্রেষ্ঠ যে মহাবীর জন্ম গ্রহণ করিলে, জগদ্বিখ্যাত শান্তনু শোক, দৈন্য ও দুঃখ পরিত্যাগ করিয়াছিলেন, হায়। জগদ্বিখ্যাত, পরমাশ্রয়, প্রাজ্ঞ, স্বধর্ম্ম-নিরত, পবিত্র ও বেদবেদান্ততত্ত্বজ্ঞ সেই ভীষ্মের নিধনসংবাদ আমার নিকট বলিলে। ॥৪২—৪৪॥

সমস্ত অস্ত্রে শিক্ষিত, শান্ত, দান্ত ও মনস্বী ভীষ্মকে নিহত শুনিয়া আমি মনে করি—অবশিষ্ট সৈন্যও নিহত হইয়াছে ॥৪৫॥

সঞ্জয়! আমি মনে করি—কলি আগতপ্রায় বলিয়া অধর্ম্ম ধর্ম্ম হইতে বলবান্ হইয়াছে। যে হেতু ধার্ম্মিক পাণ্ডবেরাও বৃদ্ধ এবং গুরুকে বধ করিয়া রাজ্যলাভ করিবার ইচ্ছা করিতেছে ॥৪৬॥

সর্ব্বাস্ত্রজ্ঞ ও বীরশ্রেষ্ঠ পরশুরাম পূর্ব্বে অম্বার জন্য যুদ্ধে প্রবৃত্ত হইয়াছিলেন; কিন্তু ভীষ্ম সে যুদ্ধে তাঁহাকে জয় করিয়াছিলেন ॥৪৭॥

---

(৪৩)·· প্রাজহাৎ স চ তৎক্ষণে—নি।

তমিন্দ্রসমকর্ম্মাণং ককুদং সর্ব্বধন্বিনাম্।
হতং শংসসি মে ভীষ্মং কিং নু দুঃখমতঃ পরম্ ॥৪৮॥
অসকৃৎ ক্ষত্রিয়ব্রাতা সংখ্যে যেন বিনির্জ্জিতাঃ।
জামদগ্ন্যেন বীরেণ পরবীরবিঘাতিনা।
ন হতো যো মহাবুদ্ধিঃ স হতোঽদ্য শিখণ্ডিনা ॥৪৯॥
তাৎপর্য্য—যোগী পূর্ব্বজন্মে যে যোগাভ্যাস করিয়াছিলেন, তাহাতে তাঁহার একটা সংস্কার জন্মাইয়াছিল, সেই সংস্কারবশতই সেই যোগভ্রষ্ট লোক ইহজন্মে প্রথমে বিনা উপদেশেই যোগ করিবার ইচ্ছা করেন, পরে সেই যোগে সিদ্ধি অর্থাৎ মুক্তি লাভ করিবার জন্য চেষ্টা করিতে থাকেন ॥৪৩॥

প্রযত্নাদ্যতমানস্তু যোগী সংশুদ্ধকিল্বিষঃ।
অনেকজন্মসংসিদ্ধস্ততো যাতি পরাং গতিম্ ॥৪৫॥
তপস্বিভ্যোঽধিকো যোগী জ্ঞানিভ্যোঽপি মতোঽধিকঃ।
কর্ম্মিভ্যশ্চাধিকো যোগী তস্মাদ্‌যোগী ভবার্জ্জুন! ॥৪৬॥

ভাবতকৌমুদী

নন্বিত্থং যোগভ্রষ্টস্য পরমপুরুষার্থলাভে কতিজন্মাতিক্রমণমাবশ্যকমিত্যাহ—প্রযত্নাদিতি। প্রযত্নাৎ পূর্ব্বপূর্ব্বজন্মকৃতাদপি প্রকৃষ্টযত্নাৎ, পরপরজন্মনি অধিকমধিকং যতমানস্তু, যোগী প্রাগ্‌ভবীয়ধ্যানযোগবান্, সংশুদ্ধকিল্বিষ ইহ জন্মন্যপি তৎসংস্কারপ্রাপ্তযোগেন নষ্টপাপঃ, অনেকৈঃ কপিঞ্জলন্যায়েন ত্রিভির্জন্মভিঃ সংসিদ্ধো লব্ধতত্ত্বজ্ঞানঃ সন্, ততো জ্ঞানাদেব, পরামুত্তমাম্, গতিং স্থানং মুক্তিমিত্যর্থঃ, যাতি প্রাপ্নোতি। "তীব্রসংবেগানামাসন্নঃ" ইতি পাতঞ্জলসূত্রমপ্যত্র প্রমাণম্ ॥৪৫॥

ভারতভাবদীপঃ

যতো যোগস্য জিজ্ঞাসুর্জ্ঞানমাত্রমিচ্ছন্ যো ভবতি সোঽপি শব্দব্রহ্ম কর্ম্মকাণ্ডং বেদমপ্যতিক্রম্য বর্ত্ততে কিং পুনঃ পিত্রাদ্যাজ্ঞাম্। ইত্থং পূর্ব্বাভ্যাসবলং যন্মহান্তমপি পিত্রাদিযত্নং বৃথা করোতীত্যর্থঃ ॥৪৪॥ এবং যোগভ্রষ্টগতিমুক্ত্বা যো বিষয়ৈর্হ্রিয়মাণোঽপি প্রযত্নেন যোগমেবাভ্যসিতুং প্রবর্ত্ততে তস্য গতিমাহ—প্রযত্নাদিতি। প্রযত্নাৎ প্রকৃষ্টাৎ হঠাৎ বায়ুনিরোধাদিরূপাৎ খেচর্য্যাদিমুদ্রাবিশেষাভ্যাসাদ্‌যো যতমানঃ সংশুদ্ধকিল্বিষো নিষ্পাপো ভবতি। যদাহ মনুঃ—"প্রাণায়ামৈর্দহেদ্দোষান্" ইতি। হঠযোগানাং সর্ব্বেষাং পাপনিবৃত্ত্যুপযোগিত্বং ন তত্ত্বসাক্ষাৎকারে সাক্ষাৎসাধনত্বমিত্যর্থঃ। অতএব সঃ অনেকৈর্জন্মভিঃ সংসিদ্ধঃ প্রাপ্তযোগো ভূত্বা ততঃ পরাং গতিং মোক্ষং যাতি। এতেন চক্ষুশ্চৈবান্তরে ভ্রুবোরিতি পঞ্চমান্তে যৎসূচিতং তদ্ব্যাখ্যাতম্ ॥৪৫॥ এবং যোগিনং স্তৌতি—তপস্বিভ্য ইতি। তপস্বিনোঽত্র কৃচ্ছ্রচান্দ্রায়ণ-

---

সেই যোগভ্রষ্ট লোক ইহজন্মে বিষয়ে আসক্ত হইয়া পড়িলেও, সেই পূর্ব্বের অভ্যাসই তাঁহাকে যোগের দিকে আকর্ষণ করিয়া নিতে থাকে, তাহাতে তিনি যোগের স্বরূপপ্রভৃতি জানিবার ইচ্ছা করিয়াও বেদবিহিত কর্ম্ম ত্যাগ করেন ॥৪৪॥

তাৎপর্য্য—মিথ্যা অপেক্ষা সত্য প্রবল, সুতরাং সত্য ব্রহ্মবিষয়ের যোগকামনা, মিথ্যা ভোগকামনাকে পরাভূত করিয়া মানুষকে যোগের দিকেই লইয়া যায়। তাই যোগভ্রষ্ট লোক ইহজন্মে ভোগে আসক্ত হইয়াও যোগের দিকে যাইয়া থাকেন এবং পূর্ব্বসংস্কারের প্রভাবে নিত্যকর্ম্ম ত্যাগ করেন ॥৪৪॥

পূর্ব্বপূর্ব্ব জন্মে যোগবিষয়ে যে যে পরিমাণ যত্ন করিয়াছিলেন, পরপর জন্মে যোগবিষয়ে তদপেক্ষা অধিক অধিক যত্ন যিনি করেন, সেই যোগী তৃতীয়জন্মে নিষ্পাপ হইয়া জ্ঞান লাভ করিয়া তাহাতেই মুক্তি লাভ করেন ॥৪৫॥

যোগিনামপি সর্ব্বেষাং মদ্গতেনান্তরাত্মনা।
শ্রদ্ধাবান্ ভজতে যো মাং স মে যুক্ততমো মতঃ ॥৪৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি
ভগবদ্গীতাপর্ব্বণি ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥
গীতাযাস্তু ষষ্ঠোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

ইদানীমর্জ্জুনস্য যোগে রুচ্যুৎপাদনায় যোগিনং স্তৌতি তপস্বিভ্য ইতি। হে অর্জ্জুন! যোগী ধ্যানযোগেন লব্ধতত্ত্বজ্ঞানঃ, তপস্বিভ্যঃ চান্দ্রায়ণবৈধোপবাসাদিতপস্যাকারিভ্যঃ, অধিকঃ শ্রেষ্ঠঃ, জ্ঞানিভ্যোঽপি বেদাধ্যয়নাদিনা লব্ধপরোক্ষজ্ঞানেভ্যোঽপি অধিকঃ, তথা স যোগী, কর্ম্মিভ্যঃ অশ্বমেধাদিকর্ম্মকারিভ্যশ্চ, অধিকো মম মতঃ, লব্ধতত্ত্বজ্ঞানত্বাদেবেতি সর্ব্বত্র হেতুঃ। তস্মাত্ত্বং যোগী ভব ভবিতুং চেষ্টস্ব ॥৪৬॥

অধুনাত্মধ্যানপরায়ণং স্তবন্নুপসংহরতি যোগিনামিতি। যো জনঃ, শ্রদ্ধাবান্ ময়ি গুরু-বেদবাক্যেষু চ বিশ্বাসবান্ সন্, মদ্গতেন অন্তরাত্মনা মনসা, মাম্, ভজতে ধ্যানযোগেন সেবতে, স জনঃ, সর্ব্বেষামপি যোগিনাং সূর্য্যগরুড়াদিধ্যানকারিণাং মধ্যে, যুক্ততমঃ প্রধানো যোগী মে মতঃ, মমৈব পরমেশ্বরত্বাদিত্যাশয়ঃ ॥৪৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-
বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি
ভগবদ্গীতায়াং ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥
গীতায়াস্তু ষষ্ঠোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

মাসোপবাসাদিকর্ত্তারঃ। জ্ঞানিনশ্চ শাস্ত্রীয়পাণ্ডিত্যবন্তঃ। কর্ম্মিণোঽগ্নিহোত্রাদ্যনুষ্ঠাতারঃ। তেভ্যঃ সর্ব্বেভ্যো যোগী যতোঽধিকো মতস্তস্মাদ্‌যোগী ভবার্জ্জুন। ॥৪৬॥ সমাপ্তঃ কর্ম্মপ্রধান-ত্বম্পদার্থবিবেকঃ। অতঃ পরমুপাসনাপ্রাধান্যেন তৎপদার্থং নিরূপয়িতুকামস্তদুপাসনাং মহাফলত্বেন স্তৌতি—যোগিনামিতি। দৈবমেবাপরে যজ্ঞমিত্যাদিনা চতুর্থাধ্যায়প্রোক্তা দ্বাদশ যোগাস্তদ্বতাং যোগিনাং সর্ব্বেষাং মধ্যে যো মদ্গতেন ময়ি বাসুদেবে সমর্পিতেনান্তরাত্মনা চিত্তেন শ্রদ্ধাবান্ সন্ মাং ভজতে স মে মম যুক্ততমোঽতিশয়েন যুক্তঃ শ্লাঘ্যো মতোঽভিপ্রেতঃ। তস্মান্মদ্ভক্তো ভবেতি ভাবঃ ॥৪৭॥

ইতি শ্রীমহাভারতে ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিংশোঽধ্যায়ঃ ॥৩০॥
ইতি নৈলকণ্ঠীয়ে গীতায়াং ষষ্ঠোঽধ্যায়ঃ ॥৬॥

তাৎপর্য্য—তিন জন্মের সঞ্চিত যোগে সমস্ত পাপ নষ্ট হইয়া যায় এবং তত্ত্বজ্ঞান উৎপন্ন হয়, তখন যোগী মুক্তিলাভ করেন ॥৪৫॥

অর্জ্জুন! তপস্বী, শাস্ত্রজ্ঞানী এবং যজ্ঞাদিকর্ম্মকারী অপেক্ষা ধ্যানযোগী শ্রেষ্ঠ; অতএব তুমি সেই ধ্যানযোগী হইবার চেষ্টা কর ॥৪৬॥

তাৎপর্য্য—তপস্বী, শাস্ত্রজ্ঞানী ও যজ্ঞাদিকর্ম্মকারীর প্রত্যক্ষ ব্রহ্মজ্ঞান হয় না, আর ধ্যানযোগীর প্রত্যক্ষ ব্রহ্মজ্ঞান হয়, সুতরাং ধ্যানযোগী তপস্বিপ্রভৃতি হইতে শ্রেষ্ঠ ॥৪৬॥

সপ্তমোঽধ্যায়ঃ।

——ঃ*ঃ——

শ্রীভগবানুবাচ।

ময্যাসক্তমনাঃ পার্থ। যোগং যুঞ্জন্ মদাশ্রয়ঃ।
অসংশয়ং সমগ্রং মাং যথা জ্ঞাস্যসি তচ্ছৃণু ॥১॥

ভাবতকৌমুদী

"শ্রদ্ধাবান্ ভজতে যো মাম্" ইত্যুক্তম্, তৎ কীদৃশো ভবানিত্যাহ—ময়ীতি। হে পার্থ। ত্বং ময়ি, আসক্তং নিবিষ্টং মনো যস্য স তাদৃশঃ, অহমেব আশ্রয়ঃ শরণং যস্য স তাদৃশশ্চ সন্, যোগং যুঞ্জন্ অভ্যস্যন্, যথা, অসংশয়ং নিঃসন্দেহম্, সমগ্রং বিভূতিশক্ত্যাদিসম্পন্নং মাং জ্ঞাস্যসি, তৎ, শৃণু ॥১॥

ভারতভাবদীপঃ

পূর্ব্বাধ্যায়ান্তে যো মাং ভজতে স মে যুক্ততমো মত ইত্যুক্তম্। তত্র কীদৃশং পূর্ব্বোক্ত-নিষ্কামকর্ম্মযোগাপেক্ষয়া বিলক্ষণং তব ভজনং কেন বা গুণেন পূর্ব্বযোগাপেক্ষয়া তস্য যুক্ততমত্বমিত্যেতামর্জ্জুনস্যাশঙ্কাং স্বয়মেব পরিহরন্ ভগবানুবাচ—ময়ীতি। কশ্চিদ্রাজাশ্রয়ো ধনমানাসক্তমনা ভবতি অয়ন্তু মদাশ্রয়েণ মামেব পরমপুরুষার্থভূতং প্রাপ্তুমিচ্ছন্নিত্যর্থঃ। ঈদৃশো যোগং যুঞ্জন্ সমাধিমনুতিষ্ঠন্। ত্বম্পদার্থবিবেককালে যদ্যপি সার্ব্বজ্ঞ্যমস্তি সর্ব্ব-ভূতস্থমাত্মানমিত্যাদিবচনাত্তথাপি স্বস্মাদন্য ঈশ্বরোঽস্তি ন বেতি পাতঞ্জলকাপিলযোস্তার্কিক-মীমাংসকযোর্বা সেশ্বরানীশ্বরযোর্মতভেদাৎ সংশয়ঃ কারণাজ্ঞানাচ্চাসমগ্রং তৎসার্ব্বজ্ঞ্যমিতি মত্বা আহ—অসংশয়ং সমগ্রমিতি। মাং তৎপদার্থমীশ্বরং যথা জ্ঞাস্যসি তৎ তং প্রকারং শৃণু। অত্র বক্ষ্যমাণরীত্যা সর্ব্বং ব্রহ্ম বাসুদেবাত্মকমিতি ভজনে বৈলক্ষণ্যং কারণজ্ঞাতৃত্বমস্য যোগিনঃ পূর্ব্বযোগ্যপেক্ষয়া আধিক্যমিতি ভাবঃ ॥১॥ এতদেবাহ—জ্ঞানমিতি। জ্ঞানং

যিনি শ্রদ্ধাযুক্ত হইয়া আমাতে মনোনিবেশ করিয়া আমার সেবা করেন, তাঁহাকে আমি অন্যান্য সকল যোগীর মধ্যেই প্রধান যোগী বলিয়া মনে করি" ॥৪৭॥

তাৎপর্য্য—কৃষ্ণ সাক্ষাৎ পরমেশ্বর, আর অন্যান্য দেবতারা তাঁহারই বিভূতি, সুতরাং অন্যান্য দেবতাসেবী অপেক্ষা পরমেশ্বরসেবীই প্রধান ॥৪৭॥

——ঃ*ঃ——

কৃষ্ণ বলিলেন—"অর্জ্জুন। তুমি আমাতে মনোনিবেশ করিয়া এবং আমার শরণাপন্ন হইয়া যোগাভ্যাস করিতে থাকিয়া নিঃসন্দেহে যে প্রকারে সম্পূর্ণ-ভাবে আমাকে জানিতে পারিবে, তাহা শ্রবণ কর ॥১॥

জ্ঞানং তেঽহং সবিজ্ঞানমিদং বক্ষ্যাম্যশেষতঃ।
যজ্‌জ্ঞাত্বা নেহ ভূয়োঽন্যজ্‌জ্ঞাতব্যমবশিষ্যতে ॥২॥
মনুষ্যাণাং সহস্রেষু কশ্চিদ্‌যততি সিদ্ধয়ে।
যততামপি সিদ্ধানাং কশ্চিন্মাং বেত্তি তত্ত্বতঃ ॥৩॥

ভারতকৌমুদী

তজ্‌জ্ঞানং প্রশংসতি জ্ঞানমিতি। অহং পরমাপ্তঃ, তে তব সমীপে, ইদম্, বিজ্ঞানেন সাক্ষাদনুভবেন সহেতি সবিজ্ঞানম্, জ্ঞানঃ শাস্ত্রীয়বোধম্, অশেষতঃ সাকল্যেন বক্ষ্যামি। যজ্‌জ্ঞানম্, জ্ঞাত্বা প্রাপ্য বিদ্যমানস্য জনস্য, ইহ জগতি, ভূয়ঃ পুনরপি, অন্যজ্‌জ্ঞাতব্যং নাবশিষ্যতে অবশিষ্টং ন তিষ্ঠতি তেনৈব চারিতার্থ্যাৎ ॥২॥

শ্রোতুঃ প্ররোচনায় পুনরপি তদেব প্রশংসতি মনুষ্যাণামিতি। মনুষ্যাণাং বহুষু সহস্রেষু মধ্যে, কশ্চিদেক এব মনুষ্যঃ, সিদ্ধয়ে জ্ঞানলাভায়, যততি শ্রবণমননাদিনা যততে, যততাং জ্ঞানলাভায় যতমানানাম্, অতএব সিদ্ধানাং নিষ্পন্নজ্ঞানানামপি মনুষ্যাণাং সহস্রেষু মধ্যে, কশ্চিদেব মাং তত্ত্বতো যাথার্থ্যেন বেত্তি। অতো মদনুগ্রহং বিনা জ্ঞানমিদং নিতান্তদুর্লভমেবেতি ভাবঃ ॥৩॥

ভারতভাবদীপঃ

শুদ্ধপ্রজ্ঞানঘনং ব্রহ্ম। "সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম বিজ্ঞানমানন্দ ব্রহ্ম" ইতি শ্রুতেঃ। তে তুভ্যমহং বক্ষ্যামি অশেষতঃ সাধনকলাপসহিতম্। কিং বচনমাত্রজেন পরোক্ষজ্ঞানেন। শব্দস্য স্ববিষয়ে পরোক্ষজ্ঞানজনকত্বনিয়মাদিত্যাশঙ্ক্যাহ—সবিজ্ঞানম্ অনুভবসহিতং দশমস্ত্বমসীত্যাদৌ শব্দাদপ্যপরোক্ষজ্ঞানোৎপত্তিদর্শনাৎ। কস্মিন্ ভগবো জ্ঞাতে সর্ব্বমিদং বিজ্ঞাতমিত্যেক-বিজ্ঞানপ্রতিজ্ঞাং শ্রৌতীমেব বিবৃণোতি যজ্‌জ্ঞাত্বেতি। জগৎকারণাধিষ্ঠানস্য জ্ঞানরূপস্য ব্রহ্মণো জ্ঞানে সংশয়োচ্ছেদাৎ সর্ব্বস্যাত্মমাত্রত্বেন জ্ঞাতব্যানবশেষো যুক্ত ইত্যর্থঃ ॥২॥ এতদেব জ্ঞানং দৌর্লভ্যপ্রদর্শনেন স্তৌতি—মনুষ্যাণামিতি। যততাং যতমানানাম্। এবমেকবিজ্ঞানাৎ

তাৎপর্য্য—আমার অনুগ্রহ না হইলে তত্ত্বজ্ঞান লাভ করা অসম্ভব, অতএব আমার অনুগ্রহলাভের জন্য প্রথমে আমার শরণাপন্ন হইয়া এবং আমাতে মনোনিবেশ করিয়া যোগাভ্যাস করিতে হইবে, পরে আমার অনুগ্রহ হইলে তত্ত্বজ্ঞান লাভ করিতে পারিবে, সেই তত্ত্বজ্ঞান লাভ করিলে পরই পরমপুরুষার্থ মুক্তি হইবে ॥১॥

আমি তোমার নিকটে অপরোক্ষ জ্ঞানের সহিত শাস্ত্রীয় জ্ঞানের বিষয় সকল বলিব। যে জ্ঞান লাভ করার পরে এই জগতে মানুষের পুনরায় আর কোন অবশিষ্ট জ্ঞাতব্য থাকে না ॥২॥

তাৎপর্য্য—অধ্যাত্মশাস্ত্র অধ্যয়ন করায় যে বোধ জন্মে, তাহার নামই এখানে 'জ্ঞান' এবং মননাদিদ্বারা যে ব্রহ্মবোধ জন্মে, তাহার নাম এখানে 'বিজ্ঞান বা অপরোক্ষজ্ঞান'। সেই অপরোক্ষজ্ঞানে—'এই জগৎটা মিথ্যা, এক ব্রহ্মই সত্য' এইরূপ অনুভব হয়, তখন আর অন্য জ্ঞাতব্য থাকে না, সকলই জানা হইয়া যায় ॥২॥

ভূমিরাপোঽনলো বায়ুঃ খং মনো বুদ্ধিরেব চ।
অহঙ্কার ইতীয়ং মে ভিন্না প্রকৃতিরষ্টধা ॥৪॥

ভারতকৌমুদী

প্রকৃতিপুরুষবিবেকেন বিজ্ঞানং বক্ষ্যন্নাদৌ প্রকৃতিং বক্তি ভূমিরিতি। প্রক্রিয়তে জগৎ সৃজ্যতে অনয়েতি ব্যুৎপত্ত্যা তত্ত্বান্তরারম্ভকত্বং প্রকৃতিত্বমিতি প্রকৃতিলক্ষণং বক্তব্যম্। তত্ত্বেতি করণাৎ ঘটাদ্যারম্ভকত্বেঽপি ভূমের্ন প্রকৃতিত্বম্, ঘটাদেস্তত্ত্বত্বাভাবাৎ সাংখ্য-পরিগণিতচতুর্বিংশতিপদার্থানামেব তত্ত্বত্বাদিতি নাতিব্যাপ্তিঃ। গন্ধতন্মাত্রাদীনাঞ্চ ভূম্যাদি-তত্ত্বারম্ভকত্বাৎ প্রকৃতিত্বমিতি নাব্যাপ্তিরপি। এবঞ্চ ভূম্যাদিপদৈর্গন্ধতন্মাত্রাদয়ো লভ্যন্তে। তথা চ সাংখ্যকারিকাপি—"মূলপ্রকৃতিরবিকৃতির্মহদাদ্যাঃ প্রকৃতিবিকৃতয়ঃ সপ্ত। ষোড়শকস্তু বিকারো ন প্রকৃতির্ন বিকৃতিঃ পুরুষঃ॥" ইত্থঞ্চ ভূমির্গন্ধতন্মাত্রম্, আপো জলং রসতন্মাত্রম্, অনলস্তেজো রূপতন্মাত্রম্, বায়ুঃ স্পর্শতন্মাত্রম্, খমাকাশং শব্দতন্মাত্রম্, মনো মনসঃ কারণ-মহঙ্কারতত্ত্বম্, বুদ্ধির্মহত্তত্ত্বম্, অহং করোতীতি ব্যুৎপত্ত্যা অহঙ্কারবীজীভূতা মূলপ্রকৃতিঃ, ইতি ইত্থম্ অষ্টধা ভিন্না ভেদমাপন্না, ইয়ং মে প্রকৃতিঃ শক্তিরূপা ত্রিগুণাত্মিকা মায়া বর্ত্ততে ॥৪॥

ভারতভাবদীপঃ

সর্ব্ববিজ্ঞানং প্রতিজ্ঞায় তদুপপত্তয়ে সর্ব্বস্য জড়াজড়প্রপঞ্চস্য জ্ঞানাত্মকব্রহ্মপ্রভবত্বমাহ ত্রিভিঃ—ভূমিরিতি। অত্র ভূম্যাদিপদৈস্তত্তৎকারণান্যেব গৃহ্যন্তে প্রকৃতিরিত্যধিকারাৎ স্থূলভূম্যাদেশ্চ বিকৃতিমাত্রত্বাৎ। তথা চ ভূমিরিতি গন্ধতন্মাত্রম্। আপ ইতি রসতন্মাত্রম্। অনল ইতি রূপতন্মাত্রম্। বায়ুরিতি স্পর্শতন্মাত্রম্। খমিতি শব্দতন্মাত্রম্। মন ইতি তৎকারণমহঙ্কারঃ। বুদ্ধিরিতি সমষ্টিবুদ্ধির্মহত্তত্ত্বম্। অহঙ্করোত্যনয়েত্যহঙ্কারো মূলপ্রকৃতিঃ। করণে ঘঞো দুর্লভত্বেঽপ্যগত্যা বাহুলকাত্তদ্বোধ্যম্। ইয়ং মে মত্তোঽভিন্না পৃথক্‌সিদ্ধা শুক্তিশকলাদিব রজতম্ অষ্টধা অষ্টপ্রকারা প্রকৃতির্জড়প্রপঞ্চোপাদানভূতা। যদ্বা নাত্রাব্যক্তমহদহঙ্কার-পঞ্চতন্মাত্রাণ্যেবাষ্টৌ সাংখ্যাভিমতা এব প্রকৃতয়ো গ্রাহ্যা ইতি নিয়মোঽস্তি। মনসা হ্যেব পশ্যতি মনসা শৃণোতীতি মনস ইন্দ্রিয়ান্তরপ্রকৃতিত্বশ্রবণেন সপ্ত নবাপি প্রকৃতয়ঃ। তথা চৈবং যোজ্যম্ ইয়ং মে মদভিন্নাপ্রকৃতিরব্যাকৃতাখ্যা ভূম্যাদিভেদেনাষ্টধেতি মূলপ্রকৃতেরত্র ভূম্যা-দিভিঃ সহ পাঠাজ্জন্যত্বমবগম্যতে ন সাংখ্যানামিবাজন্যত্বম্। "তস্মাদব্যক্তমুৎপন্নং ত্রিগুণং দ্বিজসত্তমে"তি। "অব্যক্তং পুরুষে ব্রহ্মন্নিষ্কলে প্রবিলীয়ত" ইতি চ। তস্যা অপি প্রভব-

---

সহস্র সহস্র মানুষের মধ্যে কোন এক মানুষই তত্ত্বজ্ঞানলাভের জন্য যত্ন করে, আবার সহস্র সহস্র যত্নকারী তাদৃশ তত্ত্বজ্ঞানীর মধ্যে কোন একজন যথার্থরূপে আমাকে জানে ॥৩॥

তাৎপর্য্য—মনুষ্যভিন্ন প্রাণিগণের মধ্যে ব্রহ্মজ্ঞানের ত সম্ভাবনাই নাই, মনুষ্যগণের মধ্যেও তাহা বিরল, সুতরাং সে ব্রহ্মজ্ঞান অতিদুর্লভ ॥৩॥

গন্ধতন্মাত্র, রসতন্মাত্র, রূপতন্মাত্র, স্পর্শতন্মাত্র, শব্দতন্মাত্র, অহঙ্কার, বুদ্ধি ও মূলপ্রকৃতি, এই অষ্টবিধ-ভেদপ্রাপ্ত আমার এক প্রকৃতি আছে ॥৪॥

মত্তঃ পরতরং নান্যৎ কিঞ্চিদস্তি ধনঞ্জয়।
ময়ি সর্ব্বমিদং প্রোতং সূত্রে মণিগণা ইব ॥৭॥

ভাবতকৌমুদী

আভ্যাং প্রকৃতিভ্যামাত্মনো জগৎসৃষ্ট্যাদিকারণত্বমাহ—এতদিতি। সর্ব্বাণি ভূতানি স্থাবর-জঙ্গমাত্মকাঃ পদার্থাঃ, এতে উক্তে দ্বে প্রকৃতী যোনী কারণে যেষাং তানি, ইতি উপধারয় অবধারয়। তথা চ অপরাখ্যা প্রাগুক্তা জড়া প্রকৃতির্দেহাদিরূপেণ পরিণমতে, পরাখ্যা পরোক্তা জীবভূতা চেতনা দীধিতিরিব সূর্য্যস্য মমাংশরূপা দ্বিতীয়া প্রকৃতিশ্চ ভোক্তৃভাবেন দেহেষু প্রবিশ্য স্বকর্ম্মণা তান্ ধারয়তি। ইমে চ দ্বে অপি প্রকৃতী মমৈব উভয়ত্রাপি মে ইতি নির্দ্দেশাৎ। এবঞ্চ অহমেব, কৃৎস্নস্য সর্ব্বস্য জগতঃ, প্রভবত্যস্মাদিতি প্রভবঃ কারণম্, প্রলীয়তে অনেনেতি প্রলয়ো নাশকঃ, তথাপদাৎ রক্ষকশ্চ। "যতো বা ইমানি ভূতানি জায়ন্তে যেন জাতানি জীবন্তি যৎ প্রয়ন্ত্যভিসংবিশন্তি তদ্‌ব্রহ্ম" ইতি শ্রুতেঃ "জন্মাদ্যস্য যত" ইতি বেদান্তসূত্রাচ্চ ॥৬॥

অতএব জগৎসর্গে স্বতন্ত্রং কারণান্তরং নিরস্যতি মত্ত ইতি। হে ধনঞ্জয়! মত্তো মৎ অন্যৎ, কিঞ্চিদপি, পরতরং শ্রেষ্ঠতরং কারণং জগৎসৃষ্টৌ নাস্তি। নন্থ ভবৎসৃষ্টং জগদিদং কুত্র তিষ্ঠতীত্যাহ—ময়ীতি। সূত্রে তন্তৌ, মণিগণা ইব, ময়ি, ইদং সর্ব্বং জগৎ, প্রোতং গ্রথিতমস্তি, মণিমালাগতে সূত্রে যথানুস্যূতা মণয়স্তিষ্ঠন্তি, তথা সচ্চিদ্রূপে ময়ি চিরমনুস্যূতাঃ সর্ব্বে লোকা-স্তিষ্ঠন্তীত্যর্থঃ, "তস্মিল্লোঁকাঃ শ্রিতাঃ সর্ব্বে তদু নাত্যেতি কশ্চন" ইতি শ্রুতেঃ ॥৭॥

ভারতভাবদীপঃ

যেষাং ভূতানাং তান্যেতদ্‌যোনীনি ভূতানি চতুর্ব্বিধানীত্যেতদুপধারয় সম্যগ্‌জানীহি। কিং পাতঞ্জলানামিব এতে প্রকৃতী ঈশ্বরাদন্যে ইত্যাশঙ্ক্যাহ—অহমিতি। কৃৎস্নস্য স্বস্বপ্রকৃতি-সহিতস্য জগতো জড়াজড়রূপস্য প্রভবঃ প্রভবত্যস্মাদিতি প্রভব উৎপত্তিকারণম্। তথা প্রলীয়তেঽস্মিন্নিতি প্রলয়ঃ লয়স্থানঞ্চ। অতস্তে উভে অপি প্রকৃতী মত্তো নাতিবিচ্যেতে ॥৬॥
এবমেকবিজ্ঞানাৎ সর্ব্ববিজ্ঞানং প্রকৃতমাত্মনো জগদুপাদানত্বেনোপপাদ্য তত এবাত্মনো নির্ব্বি-কারত্বহানে প্রাপ্তে আহ—মত্ত ইতি। কারণাম্মৃদাদেঃ পরং পৃথগ্‌ভূতং ঘটাদিব্যবহারে তয়োর্ভেদানুভবাৎ। পরতরস্তু গবাশ্বাদি মৃদনুপাদানকত্বাৎ। এবং ব্রহ্মণঃ পরতরং তদনুপাদানকং কিঞ্চিদপি নাস্তি। হে ধনঞ্জয়! এবং প্রপঞ্চে ব্রহ্মাব্যতিরেকং প্রদর্শ্য ব্রহ্মণি প্রপঞ্চাব্যতিরেকং সদৃষ্টান্তমাহ—ময়ীতি। ময়ি সদ্রূপেণ স্ফুরণরূপেণ চ সূত্রবৎ সর্ব্বত্রানুস্যূতে। যদিদং সর্ব্বং মণিগণবৎ পরস্পরব্যাবৃত্তং তৎপ্রোতম্। তেন ব্যাবৃত্তেভ্যোঽনুবৃত্তং ভিন্নমিতি

অর্জ্জুন! তুমি স্থির করিয়া রাখ যে, আমার এই দুইটা প্রকৃতিই সমগ্র জগৎ সৃষ্টি করিয়াছে, অতএব আমিই জগতের সৃষ্টিকর্ত্তা, রক্ষাকর্ত্তা ও বিনাশকর্ত্তা ॥৬॥

তাৎপর্য্য—অপরা প্রকৃতি আমার শক্তি এবং পরা প্রকৃতি আমার অংশ (মতভেদে প্রতিবিম্ব), সুতরাং তাহারা জগতের সৃষ্টি, স্থিতি ও নাশ করিলে, তাহা আমারই করা হয় ॥৬॥

বীজং মাং সর্ব্বভূতানাং বিদ্ধি পার্থ। সনাতনম্।
বুদ্ধিবুর্দ্ধিমতামস্মি তেজস্তেজস্বিনামহম্ ॥১০॥

ভারতকৌমুদী

পুণ্য ইতি। অপি চেত্তি চার্থঃ। পৃথিব্যাম্, পুণ্যঃ পবিত্রঃ সুরভিরিতি যাবৎ, গন্ধো গন্ধতন্মাত্রমহমস্মি, তদ্রূপে চ ময়ি পৃথিবী প্রোতা। এবমন্যত্র। দুষ্টো গন্ধস্তু বিকারবিশেষ ইতি স খল্‌বিকারী নাহম্। বিভাবসাবগ্নৌ চ তেজো দাহিকা শক্তিরস্মি। সর্ব্বভূতেষু সকল-প্রাণিষু, জীবন্ত্যনেনেতি জীবনমায়ুরস্মি। তপস্বিষু চাতুর্মাস্যবৈধোপবাসাদিতপস্যাকারিষু চ, তপো দ্বন্দ্বসহনক্ষমতাস্মি ॥৯॥

বীজমিতি। হে পার্থ! সনাতনং নিত্যং মাম্, সর্ব্বভূতানাং ভূতভবিষ্যদ্বর্ত্তমানানাং স্থাবরজঙ্গমানাম্, বীজং কারণম্, বিদ্ধি জানীহি। সনাতনত্বাদেব ত্রৈকালিকানামপি বীজত্বসম্ভব ইত্যাশয়ঃ। বুদ্ধিমতাং বুদ্ধির্বিবেকশক্তিবন্তঃকরণবিশেষোঽস্মি। অহম্ তেজস্বিনাং পরপরাজয়কারিণাম্, তেজঃ তৎসামর্থ্যমস্মি ॥১০॥

ভারতভাবদীপঃ

রসাদিষ্বপি দ্রষ্টব্যম্ অপুণ্যস্ত সর্ব্বাস্যাবিদ্যামাত্রবিলসিতত্বাৎ বিভাবসৌ বহ্নৌ তেজঃ দহন-শক্তিঃ। জীবন্ত্যনেনেতি জীবনমন্নং বিরাজং তত্র হি সর্ব্বাণি ভূতানি প্রোতানি। অন্যে তু জীবনমায়ুরিতি ব্যাচক্ষতে। তপশ্চেতি। তপো ধর্ম্মস্তদ্রূপে ময়ি তপস্বিনঃ প্রোতাঃ ॥৯॥ বীজং কারণং সর্ব্বভূতানাং পিণ্ডব্রহ্মাণ্ডাত্মকানাং বীজে ময়ি পিণ্ডাদিকং প্রোতং কনকে কুণ্ডলাদিবৎ। সনাতনং নিত্যং বীজান্তরাদনুৎপন্নম্। বুদ্ধিরূপে ময়ি বুদ্ধিমন্তঃ প্রোতাঃ। তেজঃ

আমি পৃথিবীর পবিত্র গন্ধ, অগ্নির তেজ, সকল প্রাণীর আয়ু এবং তপস্বি-গণের তপস্যারূপে রহিয়াছি ॥৯॥

তাৎপর্য্য—ভূমির মধুর গন্ধ আমি, কিন্তু দুর্গন্ধ নহে। কারণ, আমি অবিকারী, আর দুর্গন্ধটা বিকারবিশেষ, সুতরাং তাহা আমাস্বরূপ হইতে পারে না। এখানেও গন্ধ-শব্দের অর্থ—গন্ধতন্মাত্র স্থূল পৃথিবীর কারণ, অতএব সেই গন্ধতন্মাত্রে পৃথিবী রহিয়াছে। অগ্নির দাহিকা শক্তি আমি, সেই শক্তির বলেই অগ্নি দগ্ধ করে। আমি প্রাণিগণের আয়ু, তাহাতেই তাহারা বাঁচিয়া থাকে। আর আমি তপস্বীদিগের তপস্যা, তাহার বলেই তপস্বীরা শীত-গ্রীষ্মপ্রভৃতি সহ্য করিতে পারেন ॥৯॥

অর্জ্জুন। তুমি জানিয়া রাখ যে, আমি নিত্য বলিয়া ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান চরাচর সকলের বীজস্বরূপ। আর আমি বুদ্ধিমান্‌দিগের বুদ্ধি এবং তেজস্বিগণের তেজ ॥১০॥

তাৎপর্য্য—আমি নিত্য, অর্থাৎ আমার উৎপত্তি বা বিনাশ নাই, সুতরাং যে সকল স্থাবর ও জঙ্গম পদার্থ পূর্ব্বে ছিল, বর্ত্তমানে আছে এবং ভবিষ্যতে হইবে, সেগুলির কারণ হওয়ার পক্ষে আমার কোন বাধা নাই। আর আমি বুদ্ধি বলিয়া আমার বলেই বুদ্ধিমানেরা বিবেচনা করিতে পারেন এবং আমি তেজ বলিয়া আমার প্রভাবেই তেজস্বীরা শত্রু জয় করিতে সমর্থ হন ॥১০॥

বলং বলবতাঞ্চাহং কামরাগবিবর্জিতম্ ।
ধর্ম্মাবিরুদ্ধো ভূতেষু কামোঽস্মি ভরতর্ষভ । ॥১১॥
যে চৈব সাত্ত্বিকা ভাবা রাজসাস্তামসাশ্চ যে ।
মত্ত এবেতি তান্ বিদ্ধি ন ত্বহং তেষু তে ময়ি ॥১২॥

ভারতকৌমুদী

বলমিতি। হে ভরতর্ষভ। অহম্, বলবতাং ধর্ম্মার্জনশক্তিমতাম্, কামঃ অপ্রাপ্ত প্রাপ্তাবভিলাষঃ রাগঃ প্রাপ্তানাং ভোগেচ্ছা তদুভয়বিবর্জিতম্, বলং তীর্থাবগাহনাদিনা ধর্ম্মার্জনশক্তিরস্মি। তদ্রূপে চ ময়ি তে বলবন্তঃ প্রোতাঃ। ভূতেষু দেবাদিষু প্রাণিষু, ধর্ম্মাবিরুদ্ধো ধর্ম্মশাস্ত্রাপ্রতিষিদ্ধঃ, কামঃ পুত্রোৎপাদনমাত্রার্থা স্ত্রীসম্ভোগেচ্ছা অস্মি ॥১১॥

সংক্ষেপেণ ভাবানাহ—য ইতি। যে, সাত্ত্বিকাঃ সত্ত্বগুণপ্রযুক্তাঃ, ভাবাঃ শমদমাদয়ঃ, যে চ রাজসা ভাবাঃ কামক্রোধাদয়ঃ, যে চ তামসা ভাবাঃ শোকমোহাদয়ঃ সন্তি, তান্ সর্ব্বানেব ভাবান্, মত্ত এব প্রাগুক্তায়া আত্মায়া মৎপ্রকৃতিত এব জায়মানান্, বিদ্ধি জানীহি, তস্যাঃ সত্ত্বাদিগুণত্রয়ময়ত্বাৎ। অতএব তু অহং তেষু ভাবেষু ন তিষ্ঠামি, ব্যাপিনোঽপ্যাকাশস্যেব নির্লিপ্তত্বাৎ, তে ভাবাশ্চ ময়ি তিষ্ঠন্তি অধ্যাসেন শুক্তাবিব রজতধর্ম্মাঃ ॥১২॥

ভারতভাবদীপঃ

প্রাগল্ভ্যং তদ্রূপে ময়ি প্রগল্ভাঃ প্রোক্তাঃ ॥১০॥ বলরূপে ময়ি বলবন্তঃ প্রোতাঃ কামরাগ-বিবর্জিতং কামস্তৃষ্ণা রাগো রঞ্জনা তৌ হি অবিদ্যকৌ অতো নিরবিদ্যস্য বলং তদ্বর্জ্জিতম্ এবং ধর্ম্মাবিরুদ্ধকামরূপে ময়ি ঈদৃশাঃ কামবন্তঃ প্রোতাঃ ॥১১॥ সাত্ত্বিকা ধর্ম্মজ্ঞানবৈরাগ্যৈশ্বর্য্যাদয়ঃ রাজসা লোভপ্রবৃত্ত্যাদয়ঃ তামসা নিদ্রালস্যাদয়ঃ তান্ সর্বান্মত্ত এব রসতন্মাত্রাদিরূপাৎ সূত্রাত্মনো নির্গতা ইতি বিদ্ধি। নম্বেবং তব সর্ব্বজগদাত্মনো বিকারিত্বাপত্ত্যা কৌটস্থ্যহানিরিত্যা-শঙ্ক্যাহ—ন ত্বহং তেষু তে ময়ীতি। যেঽব্বাদয়ঃ প্রোতাস্তেষু সূত্রাবয়বভূতেষু রসাদি-ষনৃতজড়রূপেষ্ববাধিতাত্মচিন্মাত্ররূপো ঘটশরাবোদঞ্চনাদাবিব মৃন্ময়ি। অনৃতস্যাপ্য সত্তাস্ফুরণে এব স্বকীয়ে প্রযচ্ছামি ন ত্বনৃতাত্মা ভবামীত্যর্থঃ। তে তু ময্যেবাধ্যস্তা মদনন্যাঃ যথা রজ্জ্বামধ্যস্তাঃ সর্পাদয়ো রজ্জ্বনন্যাঃ। তদনন্যত্বমারম্ভণশব্দাদিভ্য ইতি ন্যায়াৎ। অনন্যত্বং ব্যতিরেকেণাভাবঃ। ন খল্বনন্যত্বমিত্যভেদং ব্রূমঃ কিন্তু ভেদং নিষেধামঃ কুতঃ আরম্ভণ-শব্দাৎ। বাচারম্ভণং বিকারো নামধেয়মিতি বিকারস্য বাগালম্বনত্বেন স্বপ্নমায়েন্দ্রজালিক-বিষয়সাম্যশ্রুতেঃ। ন হ্যাত্মনো বিচিত্রপ্রপঞ্চাত্মত্বে তে ময়ীত্যংশাবিরোধেঽপি ন ত্বহং তেষ্বিত্যংশে বিরোধপরিহারো যুজ্যতে কার্য্যস্য কারণাত্মকত্বাবশ্যম্ভাবাৎ। তস্মাদ্বিবর্ত্তবাদা-

---

ভরতশ্রেষ্ঠ। আমি বলবান্দিগের কাম-রাগ-বিহীন বল এবং প্রাণিগণের ধর্ম্মাবিরুদ্ধ কাম ॥১১॥

তাৎপর্য্য—এখানে অপ্রাপ্ত বস্তুর প্রাপ্তীচ্ছার নাম—কাম এবং প্রাপ্ত বস্তুর ভোগেচ্ছার নাম—রাগ, সেই উভয়বর্জিত বল অর্থাৎ নিষ্কাম ধর্ম্মোপার্জনের শক্তি আমি। আর ধর্ম্মশাস্ত্রে যাহার নিষেধ নাই, সেইরূপ স্ত্রীসম্ভোগেচ্ছাস্বরূপ কামও আমি ॥১১॥

ত্রিভির্গুণময়ৈর্ভাবৈরেভিঃ সর্ব্বমিদং জগৎ।
মোহিতং নাভিজানাতি মামেভ্যঃ পরমব্যয়ম্ ॥১৩॥
দৈবী হ্যেষা গুণময়ী মম মায়া দুরত্যয়া।
মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে ॥১৪॥

ভাবকৌমুদী

অথ সর্ব্বব্যাপিনমপি পরমেশ্বরং ভবন্তং কথময়ং লোকো ন জানাতীত্যাহ—ত্রিভিরিতি। গুণময়ৈঃ সত্ত্বাদিগুণবিকারভূতৈঃ এভিস্ত্রিভির্ভাবৈঃ, মোহিতমিদং সর্ব্বং জগৎ কর্ত্তৃ, এভ্যো ভাবেভ্যঃ পরমতীতম্, অব্যয়মপরিণামিনঞ্চ মাম্, নাভিজানাতি সর্ব্বত এব ন জানাতি, এতদাবিষ্টত্বাবগমাৎ ॥১৩॥

নন্থ তর্হি কস্যাপি তত্ত্বজ্ঞানং ভবিতুং নার্হতীত্যাহ—দৈবীতি। দীব্যতি জগতা ক্রীড়তীতি দেবঃ অহং তস্যেয়মিতি দৈবী স্বয়ং ক্রীড়ন্তী মৎক্রীড়াসম্পাদিনীত্যর্থঃ গুণময়ী সত্ত্বাদিগুণত্রয়াত্মিকা চ, এষা মম মায়া শক্তিঃ, দুরত্যয়া হি দুস্তরৈব। কিন্তু যে মামেব প্রপদ্যন্তে

ভাবভাবদীপঃ

শ্রয়ৈণৈব ব্রহ্মণো জগদুপাদানত্বকূটস্থত্বে নির্ব্বহত ইতি সাধূক্তং—ন ত্বহং তেষু তে ময়ীতি ॥১২॥ কথং তর্হি স্থূলসূক্ষ্মপ্রপঞ্চবাধেন জনা আত্মানং নাবগচ্ছন্তীত্যাশঙ্ক্যাহ—ত্রিভিরিতি। এভিঃ পূর্ব্বোক্তৈস্ত্রিবিধৈর্ভাবৈঃ প্রকাশপ্রবৃত্তিনিয়মাত্মৈর্গুণময়ৈঃ সত্ত্বরজস্তমোগুণবিকারৈরিদং চরাচরং প্রাণিজাতং জগচ্ছব্দবাচ্যং মোহিতং সদেভ্যো গুণেভ্যঃ পরং মাং ন জানাতি। যথা রজ্জ্বাং সর্পভ্রমেণ ব্যাকুলঃ সর্পাৎ পরাং রজ্জুং ন জানাতি তদ্বৎ। পরত্বে হেতু—অব্যয়ম্ এতে ভাবাঃ পরিণামিত্বাৎ ব্যয়বন্তঃ অহন্তু তদ্বিপরীতঃ সাক্ষী ইত্যব্যয়ঃ ॥১৩॥ দেবস্য জীব-

---

শম ও দমপ্রভৃতি যে সকল সাত্ত্বিক ভাব, কাম ও ক্রোধপ্রভৃতি যে সকল রাজসিক ভাব এবং শোক ও মোহপ্রভৃতি যে সকল তামসিক ভাব আছে, সেগুলি আমার প্রকৃতি হইতেই উৎপন্ন হইতেছে বলিয়া জানিও, সুতরাং আমি কিন্তু সেগুলিতে নাই, অথচ সেগুলি আমাতে আছে ॥১২॥

তাৎপর্য্য—আমি নির্গুণ ও নির্বিকার, সুতরাং আমি কোন গুণপ্রযুক্ত ভাবেই থাকিতে পারি না, তবে মানুষ যেমন ভ্রমবশতঃ শুক্তিকাতে রজতের ধর্ম্ম আছে বলিয়া মনে করে, তেমন ভ্রমবশতই প্রাকৃতিক সাত্ত্বিকাদি ভাব আমাতে আছে বলিয়া মনে করে ॥১২॥

গুণময় এই তিনটী ভাব এই সমস্ত জগৎটাকে মোহিত করিয়া রাখিয়াছে, অতএব আমি যে এই সকল ভাবের অতীত এবং অপরিণামী, তাহা এই জগৎ জানে না ॥১৩॥

তাৎপর্য্য—যাহার মোহ থাকে, সে লোক প্রকৃত বস্তু চিনিতে পারে না, তাই মুগ্ধ পথিক পথিস্থিত রজ্জুকে সর্প বলিয়া ধারণা করে। সেইরূপ এ ক্ষেত্রেও মায়ামুগ্ধ মানুষ—আমি যে গুণাতীত ও অপরিণামী, তাহা বুঝিতে পারে না ॥১৩॥

ন মাং দুষ্কৃতিনো মূঢাঃ প্রপদ্যন্তে নরাধমাঃ।
মায়যাপহৃতজ্ঞানা আসুরং ভাবমাশ্রিতাঃ ॥১৫॥

ভাবতকৌমুদী

তত্ত্বজ্ঞানলাভায শরণং গচ্ছন্তি, তে এতাং মায়াম্, তরন্তি অতিক্রামন্তি, ততশ্চ মাং জানন্তীত্যাশয়ঃ ॥১৪॥

তদেতন্মাযাতরণার্থং কথং সর্ব্ব এব ত্বাং না প্রপদ্যন্ত ইত্যাহ—নেতি। দুষ্কৃতিন ইতি নিত্যযোগে মত্বর্থীয় ইন্। তেন দুষ্কৃতিনো নিত্যং পাপকর্ত্তারঃ, অতএব মূঢা বিবেকবিহীনাঃ, মায়যা চ অপহৃতমাবৃতং জ্ঞানং যেষাং তে, ততশ্চাপি আসুরং ভাবং "দম্ভো দর্পোঽভিমানশ্চ ক্রোধঃ পারুষ্যমেব চ" ইত্যাদিনা বক্ষ্যমাণং স্বভাবম্, আশ্রিতা নরাধমাঃ মাং ন প্রপদ্যন্তে ন ভজন্তি ॥১৫॥

ভাবতভাবদীপঃ

রূপেণ লীলযা ক্রীডতো মম সম্বন্ধিনীযং দৈবী হি প্রসিদ্ধা পিণ্ডব্রহ্মাণ্ডরূপেণ বিততৈষা মম চিন্মাত্রস্য মায়া মামহং ন জানামীতি সাক্ষিপ্রত্যক্ষত্বেনাপলাপানর্হানৃতস্য প্রপঞ্চস্যেন্দ্রজালাদেরিব প্রকাশিকা গুণমযী সত্ত্বরজস্তমোগুণময়ী দুরত্যযা দুরতিক্রমা যে মামেব সর্ব্বভূতস্থং ভগবন্তং বাসুদেবং প্রপদ্যন্তে বিষযীকুর্ব্বন্তি ত এবৈতাং মাযাং তরন্তি। অধিষ্ঠানজ্ঞানেনৈব সমূলস্য ভ্রমস্যোচ্ছেদো ভবতি ন তু জ্ঞানান্তরেণ বা বৃত্তিনিরোধেন বেত্যর্থঃ। অয়মর্থঃ—জীবেশ্বরবিভাগশূন্যে শুদ্ধচিন্মাত্রে কল্পিতো মাযাদর্পণশ্চিৎপ্রতিবিম্বরূপং জীবং বশীকৃত্য বিম্বচৈতন্যমনুরুধ্য প্রচলিত অয়স্কান্তমনুরুধ্যেব লোহশলাকা ইদমেব ঈশ্বরাধীনত্বং মায়ায়াঃ ঈশ্বরস্য চ মাযাদ্বারা সর্ব্বস্রষ্টৃত্বমপি। তথা চ শ্রুতিঃ—"অস্মান্মাযী সৃজতে বিশ্বমেতত্তস্মিংশ্চান্যো মাযয়া সন্নিরুদ্ধঃ" ইতি। তথা চৈকৈব মাযাজীবেশ্বরয়োরুপাধির্দর্পণ ইব বিম্বপ্রতিবিম্বযোর্বিম্বপ্রতিবিম্বভাবনাক্রান্তমুভয়ানুস্যূতং শুদ্ধচিন্মাত্রমন্যত্তৃতীয়ং মুক্তপ্রাপ্যম্। জীবেশ্বরৌ চোপাধিপক্ষপাতদশাযামল্পজ্ঞত্বসর্ব্বজ্ঞত্বশাস্যত্বশাসিতৃত্বাদিভাবং ভজেতে। তাবেব তদভাবে উপাধিপ্রচারদর্শিনাবুদাসীনবোধরূপতয়া জীবসাক্ষীতি শব্দাভ্যাং ব্যবহ্রিয়েতে। এবঞ্চ জীব ঈশ্বরারাধনাবাপ্তপ্রত্যক্তত্ত্বজ্ঞানেন মাযায়াং নষ্টায়াং তৎকার্য্যস্যাপি নাশেন সাক্ষ্যাভাবাৎ সাক্ষিত্বমপি পরিত্যজ্য বিম্বপ্রতিবিম্বানুস্যূতং শুদ্ধং তৃতীয়ং চৈতন্যং প্রাপ্নোতীতি তদিদমুক্তং—দৈবী মাযেতি। মম মাযেতি চৈকস্যা এব জীবেশ্বরসম্বন্ধিত্বং জীবস্যেশ্বরভজনেন মাযাতরণমিতি চ ॥১৪॥ কুতস্তর্হি সর্ব্বে ত্বাং প্রপদ্য মাযাং ন তরন্তীত্যাশঙ্ক্যাহ—ন মামিতি।

আমার ক্রীডাসম্পাদিনী গুণময়ী এই মায়াকে অতিক্রম করা দুষ্কর, তবে যাঁহারা আমারই শরণাপন্ন হন, তাঁহারা এই মায়াকে অতিক্রম করিতে পারেন ॥১৪॥

তাৎপর্য্য—রজ্জু দর্শন করিয়া সর্পের ভ্রম জন্মিলে পর কেহ যদি বলে যে, উহা সর্প নহে, তবে সেই বাক্য শ্রবণ, নিজের পর্য্যালোচনা এবং রজ্জুর স্বরূপ দর্শন করার পরে যেমন আর সে সর্পভ্রম থাকে না, সেইরূপ মিথ্যা জগৎটার উপরে সত্য বলিয়া ভ্রম জন্মিলে পর 'জগৎ সত্য নহে' এইরূপ গুরুবাক্য ও বেদান্তবাক্য শ্রবণ, সেইভাবে নিজের পর্য্যালোচনা এবং জগতের মিথ্যাত্ব দর্শন করার পরে আর এই মায়া থাকে না ॥১৪॥

চতুর্বিধা ভজন্তে মাং জনাঃ সুকৃতিনোঽর্জ্জুন।।
আর্ত্তো জিজ্ঞাসুরর্থার্থী জ্ঞানী চ ভরতর্ষভ। ॥১৬॥
তেষাং জ্ঞানী নিত্যযুক্ত একভক্তির্বিশিষ্যতে।
প্রিয়ো হি জ্ঞানিনোঽত্যর্থমহং স চ মম প্রিয়ঃ ॥১৭॥

ভারতকৌমুদী

তর্হি কীদৃশাস্ত্বাং ভজন্তীত্যাহ—চতুর্বিধেতি। হে ভরতর্ষভ অর্জ্জুন। আর্ত্তো রোগাদিনা পীড়িতঃ, জিজ্ঞাসুর্জ্ঞানং প্রাপ্তুমিচ্ছু, অর্থার্থী ইহামুত্র চ ভোগসাধনবিষয়লিপ্সুঃ, জ্ঞানী চ এতে চতুর্বিধাঃ, সুকৃতিনঃ প্রাক্তনপুণ্যশালিনো জনাঃ, মাং ভজন্তে, রোগাদিপীড়াপনয়নার্থং জ্ঞানলাভার্থং ভোগপ্রাপ্ত্যর্থং মোক্ষার্থঞ্চেতি ভাবঃ ॥১৬॥

ভারতভাবদীপঃ

যতো দুষ্কৃতিনোঽতশ্চিত্তশুদ্ধ্যভাবান্মূঢ়াঃ আত্মানাত্মবিবেকহীনাঃ অতএব নরাধমা মাং ন প্রপদ্যন্তে কুতো দুষ্কৃতিনঃ যতো মায়য়াঽপহৃতং তিরস্কৃতং জ্ঞানমখণ্ডসংবিদ্রূপং ব্রহ্ম যেষাং তে অপহৃতজ্ঞানাঃ। এতেন মায়ায়া আবরণশক্তিরুক্তা। কিঞ্চ আসুরম্ অসুরাণাং বিরোচনাদীনাং ভাবং চিত্তাভিপ্রায়মাত্মৈবেহমহয্য ইত্যাদিনা শ্রুতং দেহেন্দ্রিয়সঙ্ঘাত এব সম্যক্ সন্তর্পণীয় ইত্যেবংবিধমাশ্রিতাঃ। এতেন মায়ায়া বিপক্ষশক্তিরুক্তা। তদেবং মায়য়াঃ স্বরূপানন্দমাবৃত্য দেহাত্মভ্রমে জনিতে সতি তদভিমানাদ্দেহাদিপুষ্ট্যর্থং দুষ্কৃতং কুর্ব্বন্তি তেন চ মূঢ়াঃ সন্তো নরাধমা মাং ন প্রপদ্যন্তে। সর্ব্বানর্থমূলং মায়ৈবেত্যর্থঃ ॥১৫॥ যে তু সত্যপি দেহাত্মাধ্যাসে মত্তো বিভ্যতি মৎপ্রীত্যর্থং সুকৃতমেবাচরন্তি তেঽপি চতুর্ব্বিধা ন কেবলং সর্ব্বে মদেককামা ইত্যাশয়েনাহ—চতুর্ব্বিধা ইতি। আর্ত্তঃ পীড়িতঃ পীড়াপরিহারার্থী। জিজ্ঞাসুঃ

সর্ব্বদা পাপকারী, বিবেকহীন, মায়াবৃতজ্ঞান ও আসুর-ভাবাপন্ন নরাধমেরা, আমার শরণাপন্ন হয় না ॥১৫॥

তাৎপর্য্য—বিহিত নিত্য কার্য্য না করা, নিষিদ্ধ কার্য্য করা এবং ইচ্ছানুসারে ইন্দ্রিয়সুখে আসক্ত হওয়া, এই তিন প্রকারে পাপ জন্মিতে থাকে, তখন কি কর্ত্তব্য কি অকর্ত্তব্য এরূপ বিবেচনা থাকে না, মায়া যথার্থ জ্ঞানকে আবৃত করিয়া রাখে এবং আসুরিক ভাব উপস্থিত হয়, সুতরাং এ হেন নরাধমেরা পরহিংসাপ্রভৃতিই করিতে থাকে, আমাকে ভ্রমক্রমেও মনে করে না ॥১৫॥

ভরতশ্রেষ্ঠ অর্জ্জুন। পীড়িত, জ্ঞানার্থী, ভোগলিপ্সু ও জ্ঞানী—এই চতুর্বিধ লোক পুণ্যবান্ হইলে তাহারা আমার সেবা করিয়া থাকে ॥১৬॥

তাৎপর্য্য—পীড়িত লোক পুণ্যবান্ হইলে পীড়ার উপশমের জন্য আমার সেবা করে, পুণ্যবান্ জ্ঞানার্থী লোক জ্ঞানলাভের নিমিত্ত আমার উপাসনা করিয়া থাকে, ইহলোকে সুখ ও পরলোকে স্বর্গলাভের জন্যও পুণ্যবান্ মানুষ আমার আরাধনা করেন এবং জ্ঞানী লোক মুক্তিলাভের জন্য আমার সেবা করিয়া থাকেন ॥১৬॥

উদাবাঃ সর্ব্ব এবৈতে জ্ঞানী ত্বাত্মৈব মে মতম্।
আস্থিতঃ স হি যুক্তাত্মা মামেবানুত্তমাং গতিম্ ॥১৮॥

ভাবতকৌমুদী

নন্বেষু চতুর্ষ্বপি মধ্যে কঃ শ্রেষ্ঠ ইত্যাহ—তেষামিতি। তেষাং চতুর্বিধানাং জনানাং মধ্যে, নিত্যযুক্তঃ সর্ব্বকামপরিত্যাগান্ময়ি পবমেশ্ববে সর্ব্বদা সমাহিতচিত্তঃ, অতএব একস্মিন্নেব ময়ি ভক্তিরনুবর্ত্তির্যস্য সঃ, জ্ঞানী তত্ত্ববিৎ, বিশিষ্যতে সর্বোত্তমো ভবতি। হি যস্মাৎ, অহং জ্ঞানিনঃ অত্যর্থং প্রিযঃ, আত্মৈকত্বাববোধাৎ, স জ্ঞানী চ মম প্রিযঃ, মদেকভক্তত্বাৎ ॥১৭॥

তর্হি কিমার্ত্তাদযস্ত্রযস্তব প্রিযা এব নেত্যাহ—উদাবা ইতি। এতে আর্ত্তাদযঃ সর্ব্ব এব, উদাবা মদ্ভজনান্মহান্তঃ। অতএব মম প্রিযা অপীত্যাশযঃ। জ্ঞানী তু মে আত্মৈব আত্মতুল্য এব প্রিযঃ, ইতি মে মতং নিশ্চযঃ। হি যস্মাৎ, স জ্ঞানী, যুক্তাত্মা ময়ি সমাহিতচিত্তঃ সন্, ন বিদ্যতে উত্তমা যস্যাস্তামনুত্তমাম্, গতিং গন্তব্যস্থানং মামেব, আস্থিত আশ্রিতঃ। আর্ত্তাদযস্ত্রয়ো বোগনাশাদীন্ মাঞ্চ কামযন্তে, জ্ঞানী তু কেবলং মামেব কামযত ইতি স মমাত্মতুল্য এব প্রিয় ইতি ভাবঃ ॥১৮॥

ভাবতভাবদীপঃ

স্বজ্ঞাননাশার্থী। অর্থার্থী ধনাদ্যর্থী। জ্ঞানী চেতি চতুর্ব্বিধা মাং ভজন্তে ॥১৬॥ কিং সর্ব্বেঽপি সমা এতে সুকৃতিন ইতি সাধাবণ্যেন বিশেষণাদত আহ—তেষামিতি। তেষাং মধ্যে জ্ঞানী বিশিষ্যতে যতো নিত্যযুক্তঃ। আর্ত্তাদযো হি কামিনঃ কামপূর্ত্তৌ ন মদ্ভজনে যুক্তা ভবন্তি অযন্তু নিত্যযুক্ত একভক্তিশ্চৈকভাবেন ভজনং কবোতি। তথা হি আর্ত্তা বোগিণঃ সূর্য্যং ভজন্তে। জিজ্ঞাসবঃ সরস্বতীম্। অর্থার্থিনঃ কুবেবাদীনিতি তেষাং তত্তৎ কামার্থিত্বেনানেকভক্তিত্বং দৃশ্যতে। তস্য নিত্যযুক্তত্বে একভক্তিত্বে চ হেতুঃ হি যতঃ জ্ঞানিনোঽহমত্যর্থং প্রিবঃ আত্মত্বাদেব আত্মা চ প্রিযঃ নিরুপাধিপ্রেমগোচবত্বাৎ। "তদেতৎ প্রেযঃ পুত্রাৎ প্রেযো বিত্তাৎ প্রেযোঽন্যস্মাৎ সর্ব্বস্মাদান্তবং যদয়মাত্মে"তি শ্রুতেশ্চ। স চ জ্ঞানী মম প্রিযো ভক্তানাং দুর্লভত্বাদিতি ভাবঃ ॥১৭॥ উদাবা ইতি। সর্ব্বেঽপ্যেতে উদারা উৎকৃষ্টা এব। জ্ঞানী তু মমাত্মৈবেতি মম মতং নিশ্চিতং হি যতঃ স যুক্তাত্মা অহমেব ভগবান্ বাসুদেব ইত্যভেদেন ময়ি সমাহিতচিত্তো মামেবানুত্তমাং শ্রেষ্ঠাং গতিমাস্থিতো ন তু মত্তোঽন্যদাবোগ্যাদিকং কাময়ানো মদ্ভক্তিং কবোতি। কিং তর্হি মৎপ্রাপ্ত্যর্থমেব মাং ভজত ইত্যর্থঃ ॥১৮॥ কিঞ্চ বাসুদেবঃ

এই চতুর্বিধ লোকেব মধ্যে সর্ব্বদা আমাতে সমাহিতচিত্ত এবং একমাত্র আমাব উপবে ভক্তিসম্পন্ন জ্ঞানী লোকই শ্রেষ্ঠ। কাবণ, আমি জ্ঞানী লোকেব অত্যন্ত প্রিয়, আবাব জ্ঞানী লোকও আমাব অত্যন্ত প্রিয ॥১৭॥

তাৎপর্য্য—এই জগতে ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ—এই চারিটী পুরুষার্থ, তাহাব মধ্যে মোক্ষ—পরমপুরুষার্থ বা সর্ব্বশ্রেষ্ঠ পুরুষার্থ। কেন না, অন্য সকল সুখেবই সীমা আছে এবং নাশও আছে, কিন্তু মোক্ষসুখেব সীমা নাই বা নাশও নাই, তত্ত্বজ্ঞানে সেই মোক্ষ হয়, সুতরাং সকলের মধ্যেই তত্ত্বজ্ঞানী শ্রেষ্ঠ ॥১৭॥

বহূনাং জন্মনামন্তে জ্ঞানবান্ মাং প্রপদ্যতে।
বাসুদেবঃ সর্ব্বমিতি স মহাত্মা সুদুর্ল্লভঃ ॥১৯॥
কামৈস্তৈস্তৈর্হৃতজ্ঞানাঃ প্রপদ্যন্তেঽন্যদেবতাঃ।
তং তং নিয়মমাস্থায় প্রকৃত্যা নিয়তাঃ স্বয়া ॥২০॥

ভারতকৌমুদী

পুনরপি জ্ঞানিনোঽত্যর্থপ্রিয়ত্বং সমর্থয়তি বহ্নামিতি। বহূনাং পুণ্যসঞ্চয়হেতুভূতানাং জন্মনামন্তে চরমে জন্মনি, বাসুদেবঃ সর্ব্বমিতি জ্ঞানবান্ সন্, মাম্, প্রপদ্যতে তাদৃশজ্ঞান-পরিপাকাৎ প্রাপ্নোতি। অতএব স মহাত্মা সুদুর্ল্লভঃ ॥১৯॥

বিষয়কামাস্তু সংসরন্ত্যেবেত্যাহ কামৈরিতি। তৈস্তৈঃ পুত্রকলত্রধনাদিবিষয়ৈঃ, কামৈ-রভিলাষৈঃ, হৃতানি আকৃষ্টানি জ্ঞায়ন্তে এভিরিতি জ্ঞানানি অন্তঃকরণানি যেষাং তে, স্বয়া প্রকৃত্যা স্বভাবেন, নিয়তা বদ্ধা জ্ঞানপরাঙ্মুখীকৃতা জনাঃ, তং তং নিয়মং বৈধোপবাসাদিকম্, আস্থায় অবলম্ব্য, অন্যদেবতাঃ কার্ত্তিকেয়াদীঃ, প্রপদ্যন্তে সেবন্তে। অতস্তে সংসরন্ত্যে-বেত্যাশয়ঃ ॥২০॥

ভারতভাবদীপঃ

সর্ব্বমিতি জ্ঞানবান্ যো বহূনাং জন্মনামন্তে চরমজন্মনি মাং প্রপদ্যতে সম্যগ্‌দর্শনেনাপরোক্ষী-করোতি স মহাত্মা ব্রহ্মভূতঃ সুদুর্লভ ইতি যোজনা ॥১৯॥ অন্যে তু তৈস্তৈঃ কামৈঃ পুত্রপশ্বাদি-বিষয়ৈঃ হৃতজ্ঞানাঃ হৃতং দূরীকৃতং জ্ঞানং বিবেকো যেষাং তে অন্যদেবতাঃ অহমেতস্যা আরাধনেনেদং ফলমবাপ্স্যামীতি ভেদবুদ্ধ্যা প্রপদ্যন্তে ইন্দ্রাদীন্ তং তং নিয়মং চতুর্দশ্যুপ-বাসাদিকমাস্থায়। স্বয়া প্রকৃত্যা বক্ষ্যমাণবিধয়া দৈব্যা আসুর্য্যা বা নিয়তাঃ নিগৃহীতাঃ ॥২০॥ কিঞ্চ

ইঁহারা সকলেই প্রধান, তবে জ্ঞানী লোক আমার আত্মাই বটেন, ইহা আমার মত। কারণ, সেই জ্ঞানী লোক আমাতে সমাহিতচিত্ত হইয়া সর্বোত্তম গতিস্বরূপ আমাকেই আশ্রয় করিয়া থাকেন ॥১৮॥

তাৎপর্য্য—আর্ত্ত, জিজ্ঞাসু ও অর্থার্থী—ইঁহারাও আমার ভক্ত বলিয়া প্রধান, কিন্তু জ্ঞানী আমার অভিন্নাত্মা প্রিয় বলিয়া অতিপ্রধান। কেন না, আর্ত্তপ্রভৃতি তিন প্রকার লোকের রোগনাশপ্রভৃতি অন্যান্য বিষয়ও কাম্য থাকে, আমিও কাম্য থাকি, আর জ্ঞানীর একমাত্র আমিই কাম্য হই, সুতরাং আমি যেমন তাঁহার অত্যন্ত প্রিয়, তেমন তিনিও আমার অত্যন্ত প্রিয়। সেই জন্যই জ্ঞানী আমার আত্মাই বটেন ॥১৮॥

জ্ঞানী লোক বহুজন্মের পরে 'বাসুদেবই সমস্ত' এইরূপ জানিয়া আমাকে লাভ করেন, সুতরাং সেই মহাত্মা অতিদুর্লভ ॥১৯॥

তাৎপর্য্য—জ্ঞানীর এক এক জন্মে একটু একটু করিয়া পুণ্য সঞ্চিত হয়, তাহার পর সেই পুণ্য প্রচুর হইয়া পড়িলেই 'ব্রহ্মই সমস্ত' এইরূপ তত্ত্বজ্ঞান জন্মে, তাহার বলেই তিনি আমাকে লাভ করেন, অর্থাৎ জীবন্মুক্ত হইয়া যান, সুতরাং সেরূপ মহাত্মা অতিদুর্লভই বটেন ॥১৯॥

যো যো যাং যাং তনুং ভক্তঃ শ্রদ্ধয়ার্চ্চিতুমিচ্ছতি।
তস্য তস্যাচলাং শ্রদ্ধাং তামেব বিদধাম্যহম্ ॥২১॥
স তয়া শ্রদ্ধয়া যুক্তস্তস্যা রাধনমীহতে।
লভতে চ ততঃ কামান্ ময়ৈব বিহিতান্ হি তান্ ॥২২॥

ভাবতকৌমুদী

ততঃ কিং স্যাদিত্যাহ—য ইতি। যো যো ভক্তঃ, শ্রদ্ধয়া এতদ্দেবতামূর্ত্তিপূজয়া এতৎ ফলমহং লপ্স্য ইতি বিশ্বাসেন, যাং যাং তনুং দেবতামূর্ত্তিম্, অর্চ্চিতুমিচ্ছতি, অহম্, তস্য তস্য জনস্য, তাং তত্তদ্দেবতাতনুবিষয়াং শ্রদ্ধামেব অচলাং বিদধামি, তাসাং তাসাং সর্বাসামেব তনূনাং মদ্বিভূতিরূপত্বেন তদর্চ্চনস্যাপি মদর্চ্চনরূপত্বাদিতি ভাবঃ ॥২১॥

তৎপরঞ্চ কিং স্যাদিত্যাহ—স ইতি। তয়া প্রাগুক্তয়া শ্রদ্ধয়া যুক্তঃ স ভক্তঃ, তস্যা ইন্দ্রাদি-দেবতাতনোঃ, রাধনং পূজাম্, ঈহতে কর্ত্তুং চেষ্টতে প্রবর্ত্তত ইত্যর্থঃ, ততশ্চ ময়ৈব বিহিতান্ তান্, কামান্ হি কাম্যফলান্যেব, লভতে। ইন্দ্রাদিদেবতানামপি মদ্বিভূতিরূপতয়া তদ্বিহিতানামপি মদ্বিহিতত্বমেবেত্যাশয়ঃ ॥২২॥

ভারতভাবদীপঃ

যো যো ভক্তঃ সাত্ত্বিকো রাজসস্তামসো বা যাং যাং তনুং তাদৃশীমেব দেবাদিরূপাং যক্ষরক্ষোরূপাং ভূতপ্রেতরূপাং বা মূর্ত্তিং শ্রদ্ধয়া তাদৃশ্যৈবার্চ্চিতুমিচ্ছতি তস্য তস্য ভক্তস্য তামেব শ্রদ্ধাং সাত্ত্বিকীং রাজসীং তামসীং বা অহং সর্ব্বেশ্বরোঽচলাং বিদধামি ॥২১॥ ততশ্চ স তয়া শ্রদ্ধয়া যুক্তঃ সন্ তস্যা মূর্ত্তেরারাধনং সসাধনং বশীকরণমীহতে ইচ্ছতি ততশ্চ কামান্ বিষয়ান্ লভতে ময়ৈব বিহিতানাজ্ঞাপিতান্ হিতান্ ঈপ্সিতান্ এতেন সর্ব্বাসাং দেবতানাং স্বাজ্ঞাবশবর্ত্তিত্বং দর্শিতম্

আর কামী লোকেরা সেই সেই কামনায় আকৃষ্টচিত্ত ও আপন আপন স্বভাবে বদ্ধ হইয়া সেই সেই নিয়ম অবলম্বন করিয়া অন্যান্য দেবতার উপাসনা করে ॥২০॥

তাৎপর্য্য—কামী লোকেরা পুত্র কামনা করিয়া কার্ত্তিকেয়ের পূজা করে, ধন কামনা করিয়া কুবেরের আরাধনা করে এবং আরোগ্য কামনা করিয়া সূর্য্যের সেবা করে, এইভাবে তাহারা আজীবন বিভিন্ন কামনা করিয়া বিভিন্ন দেবতার উপাসনা করিতে থাকে, সুতরাং তাহাদের চিরদিনই কামনা চলিতে থাকায় বার বার জন্ম হয়, কিন্তু মুক্তি সুদূরপরাহতই থাকে ॥২০॥

যে যে ভক্ত শ্রদ্ধাপূর্ব্বক যে যে দেবতার মূর্ত্তি পূজা করিতে ইচ্ছা করে, আমি সেই সেই ভক্তের সেই সেই শ্রদ্ধাকেই অচলা করিয়া থাকি। ॥২১॥

তাৎপর্য্য—ইন্দ্রপ্রভৃতি দেবতারাও আমারই বিভূতি; সুতরাং তাঁহাদের পূজা করিলেও আমারই পূজা করা হয়, অতএব আমি ভক্তদের শ্রদ্ধাকে অচলা করিয়া থাকি ॥২১॥

অন্তবত্তু ফলং তেষাং তদ্ভবত্যল্পমেধসাম্।
দেবান্ দেবযজো যান্তি মদ্ভক্তা যান্তি মামপি ॥২৩॥
অব্যক্তং ব্যক্তিমাপন্নং মন্যন্তে মামবুদ্ধয়ঃ।
পরং ভাবমজানন্তো মমাব্যযমনুত্তমম্ ॥২৪॥

ভারতকৌমুদী

তর্হীন্দ্রাদিদেবতাপূজাতো ভবৎপূজাযাঃ কো বিশেষ ইত্যাহ—অন্তবদিতি। অল্পমেধসান্ অল্পবুদ্ধীনাম্, ইন্দ্রাদিদেবতানাং মদ্বিভূতিরূপতযা সর্ব্বথৈবানবগমাদিতি ভাবঃ, তেষাং দেবতান্তরমূর্ত্তিপূজকানাম্, তৎ ফলন্তু, অন্তবৎ বিনশ্বরং ভবতি। কুত ইত্যাহ—দেবানিতি। দেবানিন্দ্রাদীন্ যজন্তে পূজযন্তীতি দেবযজঃ, দেবান্ ইন্দ্রাদীনেব, যান্তি প্রাপ্নুবন্তি, মদ্ভক্তা অপি ভক্ত্যা মৎপূজকাশ্চ, মাং যান্তি। অত্রায়মাশযঃ—ইন্দ্রাদিদেবতানাং মদ্বিভূতিরূপত্বেঽপি অঙ্গপ্রসারণসঙ্কোচনন্যাযেন তেষামপ্যুৎপত্তিবিনাশৌ বিদ্যেতে এব। ততশ্চ তেষাং নাশে তৎপ্রাপিণামপি নাশঃ। মম তু নিত্যত্বান্মৎপ্রাপিণাং কদাপি ন নাশঃ, "ন স পুনরাবর্ত্ততে" ইতি শ্রুতেঃ ॥২৩॥

ভাবতভাবদীপঃ

॥২২॥ অল্পমেধসাম্। অথ "যত্রান্যৎ পশ্যত্যচ্ছৃণোতি অন্যন্মনুতেঽন্যদ্বিজানাতি তদল্প"মিতি শ্রুতেঃ। দ্বৈতমল্পং তত্রৈব মেধা যেষাং তে, বাহ্যার্থাভিলাষিণামিত্যর্থঃ। তেষাং তৎফলমন্তবৎ সর্ব্বস্য বাহ্যার্থস্যান্তবত্ত্বাদেব। তুশব্দোঽভেদেনেশ্বরে ভক্তেভ্যো বিভেদার্থঃ যতো দেবযজো দেবান্ যজন্তে ইতি দেবযজস্তে দেবানন্তযুক্তানেব যান্তি। এবং যক্ষরক্ষোভক্তা যক্ষাদীনেব যান্তি ভূতপ্রেতভক্তাশ্চ ভূতাদীনেবেত্যপি দ্রষ্টব্যম্। মদ্ভক্তাস্তু মামেবানন্তং যান্তি অতস্তেঽনন্তফলভাজ ইত্যর্থঃ ॥২৩॥ এবং তর্হি কুতস্ত্বামেব সর্ব্বে ন প্রতিপদ্যন্ত ইত্যাশঙ্ক্য-

---

সেই শ্রদ্ধাসম্পন্ন ভক্ত ইন্দ্রপ্রভৃতি দেবতার পূজা করে, তাহার পর অভীষ্ট ফল লাভ করিযা থাকে, সে অভীষ্ট ফল আমিই দিয়া থাকি ॥২২॥

তাৎপর্য্য—পূর্ব্বেই বলিযাছি যে, ইন্দ্রপ্রভৃতি দেবতারাও আমারই বিভূতি, অতএব তাঁহারা ভক্তদিগকে যে ফল দান করেন, তাহা আমারই দেওযা হয ॥২২॥

তবে সেই অল্পবুদ্ধি লোকদিগের সেই সকল ফল বিনশ্বর হইযা থাকে এবং অন্যান্য-দেবতা-পূজক লোকেরা সেই সেই দেবতাকে লাভ করে, আর আমার ভক্তেরা আমাকে লাভ করিযা থাকে ॥২৩॥

তাৎপর্য্য—ইন্দ্রপ্রভৃতি দেবতারা আমার বিভূতি হইলেও তাঁহাদের উৎপত্তি ও বিনাশ আছে। কারণ, মানুষ যেমন অঙ্গ প্রসারণ ও বিস্তার করে, আমিও তেমন ইন্দ্রপ্রভৃতি দেবতাকে সৃষ্টির প্রারম্ভে উৎপাদন করি এবং প্রলয়ের সমযে বিনাশ করিযা থাকি, সুতরাং যাহারা তাঁহাদের পূজা করিয়া তাঁহাদিগকে পায়, তাহারাও তাঁহাদের সহিতই প্রলযকালে বিনষ্ট হয, আর আমি নিত্য বলিয়া আমার পূজকেরা আমাকে পাইয়া কখনও বিনষ্ট হয না ॥২৩॥

নাহং প্রকাশঃ সর্ব্বস্য যোগমাযাসমাবৃতঃ।
মূঢোঽযং নাভিজানাতি লোকো মামজমব্যযম্ ॥২৫॥

ভাবতকৌমুদী

নমু ভবৎসেবিনাগীদৃশাবিনশ্বরফললাভসম্ভবে কথং সর্ব্ব এব ভবন্তং ন সেবন্ত ইত্যাহ—অব্যক্তমিতি। অবুদ্ধযঃ অজ্ঞানিনো জনাঃ, পরমিন্দ্রিযাতীতম্, অব্যযম্ উৎপত্তিবিনাশশূন্যতযা অপরিণামিনম্, অতএব ন বিদ্যতে উত্তমো যস্মাত্তমনুত্তমম্, মম, ভাবং চিন্মযাদ্বিতীযানন্দস্বরূপম্, অজানন্তঃ সন্তঃ, অব্যক্তং জন্মনঃ পূর্ব্বমসত্ত্বাৎ চৈত্রমৈত্রাদিবদেব অস্পষ্টং পিত্রোঃ শরীরে শুক্রশোণিতরূপেণাবস্থানাদপ্রকাশমিত্যর্থঃ, পরঞ্চ ব্যক্তিমাপন্নং কৃষ্ণরূপেণ প্রকাশং প্রাপ্তম্, মন্যন্তে চৈত্রমৈত্রাদিমিব মানুষমাত্রং সম্ভাবযন্তি। অতএব তে মাং ন সেবন্ত ইতি ভাবঃ ॥২৪॥

অথ কথং তে ভবতস্তং ভাবং ন জানন্তীত্যাহ—নেতি। যোগঃ অঘটমানঘটনোপাযস্তৎসম্বন্ধিনী মাযা যোগমাযা তযা সমাবৃতঃ পিহিতসচ্চিদ্রূপঃ, অহম্, সর্ব্বস্য জ্ঞানিবদজ্ঞানিনোঽপি ন প্রকাশঃ ন বুদ্ধিগোচরঃ। অতএব অযম্, মূঢস্তযৈব মাযযা মোহিতচিত্তো লোকঃ, অজং জন্মরহিতম্, অব্যযং বিনাশরহিতঞ্চ মাম্, ন অভিজানাতি সর্ব্বথা ন বুধ্যতে ॥২৫॥

ভাবতভাবদীপঃ

জ্ঞানাদিত্যাহ—অব্যক্তমিতি। অব্যক্তং সর্ব্বোপাধিশূন্যত্বেনাস্পষ্টমপি বাসুদেবশরীরেণ ব্যক্তিমাপন্নম্ অস্মদাদিচ্ছরীরাভিমানিনং মামবুদ্ধযো মন্যন্তে। যতো মম পরং ভাবং পরত্বমুৎকৃষ্টত্বমজানন্তঃ। উৎকৃষ্টত্বমেব বিশিনষ্টি—অব্যযং ন ব্যেতীত্যব্যযমবিনাশিনম্, অনুত্তমং যস্মাদন্যদুৎকৃষ্টঞ্চ নাস্তি। নিরতিশযমৈশ্বর্য্যরূপমিত্যর্থঃ ॥২৪॥ [illegible] লোকস্যেত্যত আহ—নাহমিতি। হে যোগ। যোগিন্। অর্শ আদ্যচ্‌প্রত্যযান্তোঽযং যোগশব্দঃ। অহং তৎপদার্থঃ সর্ব্বস্য যোগিনস্ত্বংপদার্থমাত্রাভিজ্ঞস্য ন প্রকাশোঽস্মি, তত্র হেতুঃ—মাযাসমাবৃত ইতি। ভাষ্যে তু যোগো যুক্তির্গুণানাং ঘটনং সৈব যোগমাযা চিত্তসমাধির্বা যোগো ভগবতস্তৎকৃতা মাযেতি ভগবৎসঙ্কল্পবশবর্ত্তিনী মাযেত্যর্থঃ। উত্তরার্দ্ধং স্পষ্টার্থঃ ॥২৫॥

অজ্ঞানী লোকেরা অতীন্দ্রিয এবং অবিকারী আমার সর্ব্বোত্তম অবস্থা না জানিযা আমাকে পূর্ব্বে অপ্রকাশিত পরে প্রকাশিত বলিযা মনে করে ॥২৪॥

তাৎপর্য্য—আমি যে চিন্ময, পরমানন্দ ও অদ্বিতীয পরব্রহ্ম, তাহা না জানিযা অজ্ঞানীরা আমাকে চৈত্র ও মৈত্রপ্রভৃতি অন্যান্য মানুষের তুল্যই মনে করে। অর্থাৎ, চৈত্র ও মৈত্রপ্রভৃতি মানুষ যেমন জন্মের পূর্ব্বে পিতা ও মাতার শরীরে শুক্র ও শোণিতরূপে অবস্থান করে বলিযা অপ্রকাশিত থাকে, তাহার পরে জন্ম হইলে চৈত্র ও মৈত্র [illegible] পায়, আমিও সেইরূপই পূর্ব্বে বসুদেব ও দেবকীর শরীরে শুক্র [illegible] অপ্রকাশিত ছিলাম, পরে জন্ম হইলে কৃষ্ণরূপে প্রকাশিত [illegible] ধারণা করে ॥২৪॥

আমি যোগমাযায আবৃত থাকি [illegible] না, সুতরাং মূঢ মানুষগণ [illegible] মৃত্যুরহিত আমাকে [illegible]

বেদাহং সমতীতানি বর্ত্তমানানি চার্জ্জুন।।
ভবিষ্যাণি চ ভূতানি মান্তু বেদ ন কশ্চন ॥২৬॥
ইচ্ছাদ্বেষসমুত্থেন দ্বন্দ্বমোহেন ভারত।।
সর্ব্বভূতানি সম্মোহং সর্গে যান্তি পরন্তপ।॥২৭॥

ভারতকৌমুদী

তচ্চৈত্রমৈত্রাদ্যসাধারণত্বমাত্মনো দর্শয়তি বেদেতি। হে অর্জ্জুন! অহম্, সমতীতানি, বর্ত্তমানানি, ভবিষ্যাণি চ, ভূতানি স্থাবরজঙ্গমাদীন্ সর্ব্বান্ পদার্থান্, বেদ নিত্যাপ্রতিহত-জ্ঞানময়ত্বাৎ জানামি, কশ্চনাপি অজ্ঞানী জনস্তু, মাং ন বেদ ন জানাতি মন্মায়য়ৈব মোহিতত্বাৎ। অতো মানুষদেহোঽপ্যহমিতরমানুষাসাধারণ এবেতি ভাবঃ ॥২৬॥

কথং কশ্চনাপি ভবন্তং ন বেদেত্যাহ—ইচ্ছেতি। হে পরন্তপ ভারত! সর্গে স্থূলদেহ-সৃষ্টৌ সত্যামেব, সর্ব্বভূতানি সর্ব্ব এব প্রাণিনঃ, ইচ্ছা মনোঽনুকূলবিষয়েষু প্রাপ্ত্যভিলাষঃ দ্বেষো মনঃপ্রতিকূলবিষয়েষু পরিজিহীর্ষা চ তাভ্যাং সমুত্থেন উৎপন্নেন, দ্বন্দ্বানি শীতোষ্ণসুখদুঃখাদীনি বিপরীতযুগলানি তন্নিমিত্তো যো মোহো বিবেকরাহিত্যং তেন, সম্মোহম্ অহং সুখী অহং দুঃখী ইত্যাদিরূপং ভ্রমম্, যান্তি প্রাপ্নুবন্তি। অতএবাবিদ্যাবশীকৃতা বিদ্যাবেদ্যং মাং ন বিদন্তীতি ভাবঃ ॥২৭॥

ভারতভাবদীপঃ

নন্থ ত্বদভিন্নং লোকং ত্বন্মায়া মোহয়তি চেত্বাং কুতো ন মোহয়তীত্যত আহ—বেদাহমিতি। সত্যং সত্যপি লোকস্য মম চাভেদে ঔপাধিকভেদস্য সত্ত্বাদুপাধিধর্ম্মাভিমানিত্বাল্লোকো মূঢ়ঃ, তদভাবাচ্চাহং সর্ব্বজ্ঞ ইতি বিশেষঃ। অক্ষরার্থঃ স্পষ্টঃ ॥২৬॥ কেন পুনর্নিমিত্তেনাতীতাদীনি ভূতানি ন জানন্তীত্যাশঙ্ক্যাহ—ইচ্ছেতি। ইচ্ছা রাগঃ দ্বেষস্তাভ্যাং সমুত্থিতো দ্বন্দ্বমোহঃ শোভনাশোভনসত্যাসত্যনিত্যানিত্যাত্মানাত্মসু বিপর্য্যয়ঃ অশোভনে শোভনবুদ্ধিঃ শোভনে বা অশোভনবুদ্ধিরিত্যেবংরূপস্তেন। হে ভারত। ভবতান্বয়! সর্ব্বভূতানি সর্গে সৃষ্টিবিষয়ে

তাৎপর্য্য—যাহা ঘটিতে পারে না, তাহা ঘটাইবার উপায়ের নাম—'যোগ' এবং তৎসম্বন্ধিনী মায়ার নাম—'যোগমায়া', সেই যোগমায়াদ্বারা আমি সর্ব্বদাই অজ্ঞানীর নিকটে আবৃত থাকি, সুতরাং সেই অজ্ঞানী আমার স্বরূপ জানে না ॥২৫॥

অর্জ্জুন! আমি ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান—সমস্ত পদার্থই জানি; কিন্তু অন্য কেহই আমাকে জানে না ॥২৬॥

তাৎপর্য্য—আমি—নিত্য ও অপ্রতিহত জ্ঞানময়, সুতরাং জগতের সকল কালের ও সকল দেশের সকল পদার্থই আমার জ্ঞানের গোচর হয়, কিন্তু আমি কোন অজ্ঞানীরই জ্ঞানের গোচর হই না। কেন না, অজ্ঞানীরা আমার মায়াতেই মোহিত থাকে ॥২৬॥

শত্রুতাপন ভরতনন্দন। জন্ম হইলেই সকল প্রাণী ইচ্ছা ও দ্বেষের বিষয়ীভূত শীত ও গ্রীষ্ম এবং সুখ ও দুঃখপ্রভৃতি বিপরীত দুই দুইটা ভাবের মোহে ভ্রমপ্রাপ্ত হয় ॥২৭॥

যেষামন্তগতং পাপং জনানাং পুণ্যকর্ম্মণাম্।
তে দ্বন্দ্বমোহনির্ম্মুক্তা ভজন্তে মাং দৃঢ়ব্রতাঃ ॥২৮॥
জরামরণমোক্ষায় মামাশ্রিত্য যতন্তি যে।
তে ব্রহ্ম তদ্বিদুঃ কৃৎস্নমধ্যাত্মং কর্ম্ম চাখিলম্ ॥২৯॥

ভাবতকৌমুদী

তর্হি কেঽপি কিং ভবন্তং বিদন্তো ন ভজন্ত ইত্যাহ—যেষামিতি। যেষাং পুণ্যকর্ম্মণাং জনানাম্, পাপম্, অন্তগতং পুণ্যৈঃ কর্ম্মভিরেব নাশপ্রাপ্তম্, তে, প্রাগুক্তেন দ্বন্দ্বমোহেন নির্ম্মুক্তাঃ পরিত্যক্তাঃ, অতএব দৃঢ়ব্রতা নিশ্চলনিয়মাঃ সন্তঃ, মাং ভজন্তে, পুণ্যাৎ পাপনাশেন মদ্বিষয়কজ্ঞানোদয়াদিত্যাশয়ঃ ॥২৮॥

ইদানীং চরিতার্থানাং প্রকারমাহ—জরেতি। যে জনাঃ, অবশ্যম্ভাবিনোর্জরামরণাযার্মোক্ষায় ত্যাগায়, মামাশ্রিত্য উপাস্যত্বেনাবলম্ব্য, যতন্তি তত্ত্বজ্ঞানলাভায় যতন্তে, তে জনাঃ, তৎব্রহ্ম "তত্ত্বমসি" ইতি তৎপদবাচ্যং পরমাত্মানম্, কৃৎস্নং সর্ব্বম্, আত্মনি দেহেন্দ্রিয়াদিসংঘাতে অধি ইত্যধ্যাত্মং ত্বংপদবাচ্যং জীবং লিঙ্গদেহাদিকঞ্চ, অখিলং কর্ম্ম চ নিষ্কামং বেদবিহিতং কার্য্যঞ্চ, বিদুর্জানন্তি। ততশ্চ চরিতার্থা ভবন্তীত্যাশয়ঃ ॥২৯॥

ভারতভাবদীপঃ

মোহম অবিবেকং যান্তি, হে পরন্তপ! অয়ং ভাবঃ—যো হি সৃষ্টেরুপাদানং স্বরূপঞ্চ তত্ত্বতো জানাতি স ব্রহ্মবিৎ সর্ব্বজ্ঞত্বাদতীতাদীন্ জানাতি। সৃষ্টৌ চ সর্ব্বেষাং মোহোঽস্তি অশোভনে স্ত্র্যাদৌ শোভনাধ্যাসাৎ অসত্যে প্রপঞ্চে সত্যত্বাধ্যাসাৎ, সত্যে চাত্মনোঽসঙ্গত্বেঽসত্যত্বাধ্যাসাৎ অনিত্যে স্বর্গাদৌ নিত্যত্বাধ্যাসাৎ অনাত্মনি দেহাদাবাত্মাধ্যাসাৎ। অতো বিপর্য্যযেণ সৃষ্টিজ্ঞানং প্রতিবদ্ধং তেন চ সার্ব্বজ্ঞ্যং ন জায়তেঽস্মদাদীনামিতি ॥২৭॥ কেষাং তর্হি সার্ব্বজ্ঞ্যং ভবতীত্যাশঙ্ক্যাহ—যেষাং ত্বিতি দ্বাভ্যাম্। যেষাং পুনর্জনানাং পুণ্যকর্ম্মণাং পাপম্ অন্তগতম্ অন্তং নাশং প্রাপ্তম্, দ্বিতীয়াশ্রিতেতি সমাসঃ। তে দ্বন্দ্বমোহ উক্তলক্ষণস্তেন নির্ম্মুক্তাঃ সন্তঃ প্রথমং দৃঢ়ব্রতাঃ শমদমাদিদার্ঢ্যভাজো ভূত্বা মাং ভজন্তে ॥২৮॥ ততশ্চ জরামরণয়োঃ

তাৎপর্য্য—জন্মিবার পর হইতেই প্রাণিগণের স্বভাবতই সুখের প্রতি ইচ্ছা এবং দুঃখের প্রতি বিদ্বেষ চলিতে থাকে, তখন প্রবল গ্রীষ্মের সময়ে শীতল বায়ু পাইলে 'আমি সুখী' এবং অগ্নির তাপ পাইলে 'আমি দুঃখী' এইরূপ মনে করে। ঐরূপ মনে করাটাই ভ্রম। কেন না, 'আমি'-শব্দে আত্মাই বুঝায়, দেহ বুঝায় না, তথাপি দেহের সুখে 'আমি সুখী' এবং দেহের দুঃখে 'আমি দুঃখী' এইরূপ ধারণা করে অর্থাৎ দেহটাকেই আত্মা বলিয়া মনে করে। সেই ভ্রমবশতই আমাকে জানিতে পারে না ॥২৭॥

পুণ্যের বলে যে সকল লোকের পাপ নষ্ট হয়, তাঁহারা ঐ ভ্রমবিহীন ও দৃঢ়-নিয়মশালী হইয়া আমার উপাসনা করেন ॥২৮॥

তাৎপর্য্য—পুণ্যের প্রভাবে পাপ নষ্ট হইলেই অজ্ঞানও নষ্ট হয়, তখন জ্ঞান জন্মে এবং সেই জ্ঞানের বলে মানুষ আমাকে জানিয়া আমার উপাসনা করিতে থাকে ॥২৮॥

সাধিভূতাধিদৈবং মাং সাধিযজ্ঞঞ্চ যে বিদুঃ।
প্রযাণকালেঽপি চ মাং তে বিদুর্যুক্তচেতসঃ ॥৩০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি
ভগবদ্গীতাপর্ব্বণি একত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥
গীতাস্থ সপ্তমোঽধ্যায়ঃ ॥০॥

—০:৩:০—

ভারতকৌমুদী

পরাধ্যায়গতমর্জ্জুনপ্রশ্নং সূচয়ন্ সাধকানাং চরিতার্থতায়াঃ প্রকারান্তরমাহ—সাধিভূতেতি। সাধিভূতাদিপদার্থান্ পরাধ্যায়ে ভগবান্ স্বয়মেব ব্যাখ্যাস্যতি। যে জনাঃ, অধিভূতাধিদৈবাভ্যাং সহেতি সাধিভূতাধিদৈবস্তম্, অধিযজ্ঞেন সহেতি সাধিযজ্ঞস্তঞ্চ মাম্, বিদুর্জানন্তি, তে জনাঃ, প্রযাণকালেঽপি মরণসময়েঽপি চ, যুক্তচেতসো ময়ি সমাহিতচিত্তাঃ সন্তঃ, মাং বিদুশ্চিরাভ্যাস-পাটবাজ্জানন্তি চিন্তয়ন্তীত্যর্থঃ, ন পুনঃ প্রবলরোগাদিবিকলেন্দ্রিয়াঃ সন্তোঽপি মাং বিস্মরন্তীত্যাশয়ঃ ॥৩০॥

ইতি মহামহোপাধ্যায় ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশ-
ভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং
ভীষ্মপর্ব্বণি ভগবদ্গীতায়ামেকত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥
গীতাসু সপ্তমোঽধ্যায়ঃ ॥০॥

—০:০:০—

ভারতভাবদীপঃ

প্রবাহাদাত্মনো মোক্ষায় মামাশ্রিত্য ময়ি সমাহিতচেতসো ভূত্বা যে যতন্তি যতন্তে জ্ঞানলাভায় বেদান্তশ্রবণাদৌ তে তৎ সর্ব্ববেদান্তপ্রসিদ্ধং কৃৎস্নং ব্রহ্ম বিদুঃ। বিরাডাদ্যুপাসকা হ্যকৃৎস্ন-ব্রহ্মবিদঃ সূত্রকারণয়োর্নিষ্কলস্য চাজ্ঞানাৎ। শ্রীগোপালবালোপাসকাস্তু তৎপদলক্ষ্যকৃৎস্ন-ব্রহ্মবিদোঽতস্তেঽধ্যাত্মাদিকং কার্ৎস্ন্যেন জানন্তি সর্ব্ববিদো ভবন্তীত্যর্থঃ। অনেন যজ্জ্ঞাত্বা নেহ ভূয়োঽন্যৎ জ্ঞাতব্যমবশিষ্যত ইত্যেকবিজ্ঞানাৎ সর্ব্ববিজ্ঞানপ্রতিজ্ঞা যা পূর্ব্বং কৃতা তস্যা উপসংহারো দর্শিতঃ। অধ্যাত্মম্ আত্মনি শরীরে স্থিতং প্রত্যাগাত্মবিষয়ং বস্তু শুদ্ধং ত্বংপদার্থ-মিত্যর্থঃ। কর্ম্ম চ তত্ত্বংপদার্থজ্ঞানয়োঃ সাধনং শ্রবণাদিকং সর্ব্বং বিদুঃ ॥২৯॥ এবং তৎপদার্থ-বিবেকং সদ্যোমুক্তিহেতুং সমাপ্য তৎপ্রাপ্ত্যুপায়ভূতান্যুপাসনানি ক্রমমুক্তিফলানি বিস্তরেণ বক্তুকামঃ সংক্ষেপেণ সূত্রয়তি—সাধিভূতেতি। অধিভূতঞ্চ অধিদৈবঞ্চ তাভ্যাং সহিতং

যাঁহারা জরা ও মৃত্যু হইতে মুক্ত হইবার জন্য আমাকে আশ্রয় করিয়া তত্ত্বজ্ঞানলাভের নিমিত্ত যত্ন করেন, তাঁহারাই সেই ব্রহ্ম, আধ্যাত্মিক সমস্ত বিষয় এবং সমস্ত নিষ্কাম কর্ম্ম জানিতে পারেন ॥২৯॥

তাৎপর্য্য—এস্থানে যত্ন করার মানেই—গুরুবাক্য ও বেদান্তবাক্য শ্রবণ করা, তদনুসারে বিচার করা এবং ধ্যান করা, তাহা করিতে থাকিলেই আমার অনুগ্রহে তত্ত্বজ্ঞান লাভ করিয়া মানুষ কৃতার্থ হইয়া যায় ॥২৯॥